# একনেক সভায় মাননীয় প্রধানমন্ত্রীর অনুশাসন
# ২০০৯ থেকে ২০১৯




এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ
পরিকল্পনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

# একনেক সভায় মাননীয় প্রধানমন্ত্রীর অনুশাসন
## ২০০৯ থেকে ২০১৯

এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ
পরিকল্পনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

# মুখবন্ধ

প্রাপ্ত সম্পদের সর্বোত্তম ব্যবহারের মাধ্যমে সকল জনগণের দ্রুত জীবনযাত্রার মান উন্নয়নই হচ্ছে উন্নয়ন পরিকল্পনার মূল লক্ষ্য। বাংলাদেশের সংবিধানের ১৫ নং অনুচ্ছেদ অনুযায়ী পরিকল্পিত উন্নয়নের মাধ্যমে দেশের সকল অঞ্চলের সকল নাগরিকের দ্রুত জীবনযাত্রার মান উন্নয়ন নিশ্চিত করা রাষ্ট্রীয় দায়িত্বের অন্তর্ভুক্ত। পরিকল্পনা মন্ত্রণালয় সরকারের উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। পরিকল্পনা মন্ত্রণালয়ের অন্যতম গুরুত্বপূর্ণ দায়িত্ব হল- জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক) এবং জাতীয় অর্থনৈতিক পরিষদ (এনইসি) এর সভা আয়োজন করা। মাননীয় প্রধানমন্ত্রী একনেক ও এনইসি সভাসমূহে চেয়ারপারসন হিসেবে উপস্থিত থাকেন। বার্ষিক উন্নয়ন কর্মসূচী, দারিদ্র্য নিরসন কৌশল ও অর্থনৈতিক কর্মপন্থা নিরূপণে একনেক ও এনইসি সভাসমূহের গুরুত্ব অপরিসীম। এ সকল সভায় প্রকল্প সংক্রান্ত বিভিন্ন তথ্যাদি বিশ্লেষণকালে মাননীয় প্রধানমন্ত্রী উন্নয়ন পরিকল্পনা বাস্তবায়নে বিভিন্ন অনুশাসন প্রদান করে থাকেন। দেশের টেকসই উন্নয়ন নিশ্চিত করতে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত এ সকল অনুশাসনসমূহের যথাযথ বাস্তবায়ন প্রয়োজন।

এতদুদ্দেশ্যে জানুয়ারি ২০০৯ হতে জুন ২০১৯ পর্যন্ত অনুষ্ঠিত একনেক সভাসমূহে মাননীয় প্রধানমন্ত্রী যে সকল অনুশাসন প্রদান করেছেন সে সকল অনুশাসনসমূহ সংকলিত করে পুস্তিকা আকারে প্রকাশ করা হল। মাননীয় প্রধানমন্ত্রীর অনুশাসনসমূহ বাস্তবায়নে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগসমূহ জরুরিভিত্তিতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন বলে আমার বিশ্বাস। এ সংকলন প্রকাশে পরিকল্পনা বিভাগের এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগের যে সকল কর্মকর্তা-কর্মচারী অক্লান্ত পরিশ্রম করেছেন তাদের সকলকে আন্তরিক শুভেচ্ছা জানাচ্ছি।

মোঃ নূরুল আমিন
সচিব
পরিকল্পনা বিভাগ

# সূচিপত্র


| ক্রমিক নম্বর | বিষয়বস্তু<br>অনুশাসন (অর্থ-বছর ভিত্তিক) | পৃষ্ঠা নম্বর |
|---|---|---|
| ১ | ২০০৮-২০০৯ (জানুয়ারি ২০০৯ হতে জুন ২০০৯) | ১-৩ |
| ২ | ২০০৯-২০১০ | ৪-১০ |
| ৩ | ২০১০-২০১১ | ১১-১৩ |
| ৪ | ২০১১-২০১২ | ১৪ |
| ৫ | ২০১২-২০১৩ | ১৫ |
| ৬ | ২০১৩-২০১৪ | ১৬-১৯ |
| ৭ | ২০১৪-২০১৫ | ২০-২৭ |
| ৮ | ২০১৫-২০১৬ | ২৮-৪০ |
| ৯ | ২০১৬-২০১৭ | ৪১-৫২ |
| ১০ | ২০১৭-২০১৮ | ৫৩-৬০ |
| ১১ | ২০১৮-২০১৯ | ৬১-৬৮ |

বিষয়ঃ জানুয়ারি ২০০৯ হতে জুন ২০০৯ পর্যন্ত অনুষ্ঠিত একনেক সভাসমূহে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত নির্দেশনা/অনুশাসনসমূহ

| ক্রঃ নং | সভার তারিখ ও সিদ্ধান্তের ক্রমিক নং | নির্দেশনা/অনুশাসন | সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ এবং প্রকল্পের নাম |
|---|---|---|---|
| ০১। | ১৩/০১/২০০৯<br>৫.৩ | প্রকল্পে ভূমি অধিগ্রহণ যতদূর সম্ভব পরিহার করতে হবে। তবে একান্ত প্রয়োজনে সীমিতভাবে ভূমি অধিগ্রহণ করা যেতে পারে। | সকল মন্ত্রণালয়/বিভাগ।<br>"পাবলিক বিশ্ববিদ্যালয় সমূহের উন্নয়ন" প্রকল্প। |
| ০২। | ২৭/০১/২০০৯<br>১২.০ | প্রকল্প শুধু ভবন নির্মাণ, গাড়ী ও আনুষঙ্গিক কাজের জন্য নয়। জনসেবার জন্য প্রকল্প গ্রহণ ও অর্থ ব্যয় হওয়া উচিৎ। | সকল মন্ত্রণালয়/বিভাগ। |
| ০৩। | ০৩/০২/২০০৯<br>৫.৩ | নৌ, রেল ও সড়ক পরিবহণ খাতে বর্তমানে কি পরিমাণ বিনিয়োগ হচ্ছে, এ বিনিয়োগের ফলে Rate of return কি সে বিষয়ে পরিকল্পনা কমিশনের ভৌত অবকাঠামো বিভাগ একটি তুলনামূলক প্রতিবেদন একনেক-এ পেশ করবে। | যোগাযোগ মন্ত্রণালয়, সড়ক ও রেলপথ বিভাগ এবং ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন।<br>"জেলা সড়ক উন্নয়ন (বরিশাল জোন) প্রকল্প"। |
| | ৬.৩ | সকল রাস্তার পাশে এক স্তর নীচু দিয়ে রাস্তার দু'পাশ দিয়ে আর একটা রাস্তা নির্মাণ করতে হবে যাতে রিক্সা, ভ্যান, মানুষ এবং Slow moving vehicles নির্বিঘ্নে চলাচল করতে পারে। | যোগাযোগ মন্ত্রণালয়, সড়ক ও রেলপথ বিভাগ।<br>"জেলা সড়ক উন্নয়ন (রাজশাহী জোন)" প্রকল্প। |
| ০৪। | ১৭/০২/২০০৯<br>৯.৩ | পাহাড়ী এলাকার সড়ক দুর্ঘটনা এড়ানোর জন্য প্রকল্প এলাকাভুক্ত সড়কগুলোর যেখানে যেখানে Safety measure নেয়া দরকার সেখানে তা করতে হবে এবং সাইন, সিগন্যাল, কি:মি: পোষ্টগুলো যাতে সহজে দেখা ও বুঝা যায় তার ব্যবস্থা করতে হবে। ভবিষ্যতে এ ধরনের সকল প্রকল্পে বিষয়টির প্রতিপালন নিশ্চিত করতে হবে। | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ।<br>"পল্লী অবকাঠামো উন্নয়ন" প্রকল্প। |
| ০৫। | ০৩/০৩/২০০৯<br>৪.৩ | (১) ২০০ শয্যার কারা হাসপাতালে প্রিজন সেল থাকবে, আশে-পাশের জনসাধারণের চিকিৎসা ব্যবস্থা থাকতে হবে এবং স্পেশালাইজড ইউনিটও থাকবে।<br>(২) কারারক্ষীদের বিশেষ করে মহিলা কারা রক্ষীদের থাকার ভাল ব্যবস্থা করতে হবে।<br>(৩) বৃষ্টির পানি সংরক্ষণ ও ব্যবহারের ব্যবস্থা করতে হবে। | স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সুরক্ষা সেবা বিভাগ।<br>"গাজীপুর জেলার কাশিমপুরে ঢাকা কেন্দ্রীয় কারাগার নির্মাণ (২য় সংশোধিত)" প্রকল্প। |
| | ৭.৪ | বৃহদাকার প্রকল্প অনুমোদনের পূর্বে আইএমইডি কর্তৃক ব্যয় যুক্তিযুক্তকরণ করতে হবে। | সকল মন্ত্রণালয়/বিভাগ।<br>"বিশ্ববিদ্যালয়সমূহের শিক্ষার গুনগত মান এবং অবকাঠামোগত উন্নয়ন (১ম পর্যায়) সংশোধিত" প্রকল্প। |

| ক্রঃ নং | সভার তারিখ ও সিদ্ধান্তের ক্রমিক নং | নির্দেশনা/অনুশাসন | সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ এবং প্রকল্পের নাম |
|---|---|---|---|
| ০৬। | ১৯/০৩/২০০৯<br>৬.৩ | প্রকল্পের অধীনে সংগৃহীতব্য যন্ত্রপাতি যত্ন সহকারে ব্যবহার ও রক্ষণাবেক্ষণ করতে হবে যাতে প্রকল্পের মাধ্যমে developed system প্রকল্প সমাপ্তির পরও ধরে রাখা যায় বা চলমান রাখা যায়। | সকল মন্ত্রণালয়/বিভাগ।<br>"Introduction of Machine Readable Passport (MRP) and Machine Readable Visa (MRV) in Bangladesh" প্রকল্প। |
| ০৭। | ২৮/০৪/২০০৯<br>১৫.৩ | আন্ত:মন্ত্রণালয় কমিটির প্রতিবেদন অনুযায়ী যারা অনিয়ম করেছেন সংশ্লিষ্ট মন্ত্রণালয় তাঁদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে একনেক-কে অবহিত করবে। | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ।<br>"রাজশাহী মহানগরীর ফায়ার ব্রিগেড ক্রসিং থেকে উত্তর নওদাপাড়াস্থ চাপাঁইনবাবগঞ্জ-নাটোর মহাসড়ক পর্যন্ত সংযোগ সড়ক নির্মাণ (১ম সংশোধিত)" প্রকল্প। |
| ০৮। | ০৫/০৫/২০০৯<br>৫.৩ | (১) মাটি ভরাটের জন্য পার্শ্বের সমতল/ফসলী জমি খনন করা পরিহার করে বিবেচ্য সড়কে মাটি ভরাটের জন্য নিকটস্থ নদী/খাল খনন করে মাটি আনতে হবে।<br>(২) প্রস্তাবিত সড়কের পাশে এক স্তর নীচু দিয়ে আর একটি লেন নির্মাণ করতে হবে যাতে রিক্সা, ভ্যান, মানুষ এবং Slow Moving Vehicles নির্বিঘ্নে চলাচল করতে পারে। | যোগাযোগ মন্ত্রণালয়, সড়ক ও রেলপথ বিভাগ।<br>"বাবুরহাট-মতলব-পেন্নাই সড়ক উন্নয়ন (২য় পর্যায়)" প্রকল্প। |
| | ৭.৩ | মাটি ভরাটের জন্য পার্শ্বের সমতল/ফসলী জমি খনন করা পরিহার করে বিবেচ্য সড়কে মাটি ভরাটের জন্য নিকটস্থ নদী/খাল খনন করে মাটি আনতে হবে। | যোগাযোগ মন্ত্রণালয়, সড়ক ও রেলপথ বিভাগ,<br>"চট্টগ্রাম-রাঙ্গামাটি জাতীয় মহাসড়কের চট্টগ্রাম (অক্সিজেন মোড়) হাটহাজারী অংশ ডিভাইডারসহ প্রশস্তকরণ" প্রকল্প। |
| ০৯। | ০২/০৬/২০০৯<br>৪.৩ | (১) আশ্রয়কেন্দ্রের দু'দিকে দু'টি সিড়ির সংস্থান এবং দুর্যোগকালীন সময়ে গবাদিপশুর নিরাপদে ওঠা-নামার জন্য সিড়ির সাথে র‍্যাম্প নির্মাণ করতে হবে।<br>(২) নির্মাণকালীন সময়ে শিক্ষাদান কার্যক্রম যাতে বিঘ্নিত না হয় সে জন্য প্রয়োজনবোধে বিকল্প ব্যবস্থা রাখতে হবে এবং<br>(৩) খাবার পানির জন্য টিউবওয়েল এবং বৃষ্টির পানি ধরে রাখার প্রয়োজনীয় অবকাঠামো নির্মাণ করতে হবে। | স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ এবং দূর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।<br>"ঘুর্ণিঝড়ে (সিডর) ক্ষতিগ্রস্ত এলাকায় বহুমুখী ঘুর্ণিঝড় আশ্রয়কেন্দ্র নির্মাণ" প্রকল্প। |
| | ৬.৩ | নতুন প্রকল্পের স্থান নির্বাচনের জন্য স্বাস্থ্য সুবিধা বিচারে অনগ্রসর এলাকা অর্থাৎ যে সমস্ত এলাকায় মেডিকেল কলেজ বা স্বাস্থ্য সেবা প্রদানকারী বড় প্রতিষ্ঠান নেই তাদেরকে অগ্রাধিকার দিতে হবে। | স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ।<br>"দ্বিতীয় আরবান প্রাইমারী হেলথ কেয়ার (সংশোধিত)" প্রকল্প। |

| ক্রঃ নং | সভার তারিখ ও সিদ্ধান্তের ক্রমিক নং | নির্দেশনা/অনুশাসন | সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ এবং প্রকল্পের নাম |
|---|---|---|---|
| ১০। | ১৬/০৬/২০০৯<br>৬.৩ | (১) প্রকল্পের আয়, ব্যয়ের হিসেব (NPV, BCR, IRR) যথাযথভাবে প্রণয়ন করে ডিপিপিতে সংযুক্ত করতে হবে।<br>(২) যথাসময়ে প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে প্রকল্পের ক্রয় পরিকল্পনায় টেন্ডার আহবান, কন্ট্রাক্ট সাইন, সমাপ্তি ইত্যাদি বিষয়ে সম্ভাব্য তারিখ উল্লেখ করতে হবে। | সকল মন্ত্রণালয়/বিভাগ।<br>"ডাল ও তৈল বীজ প্রকল্প (২য় পর্যায়)"। |
| | ১৪.০ | (১) উন্নয়ন প্রকল্প প্রণয়নকালে প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য সুনির্দিষ্ট হতে হবে। প্রকল্পের উদ্দেশ্য অর্জনের জন্য ব্যয় প্রাক্কলন ও বাস্তবায়নকাল যৌক্তিকভাবে নির্ধারণ করতে হবে। প্রকল্পের আয়/ব্যয়ের হিসাব (NPV, BCR, IRR) লগ ফ্রেম ক্রয় পরিকল্পনা ইত্যাদি প্রণয়নে সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করতে হবে।<br>(২) একনেক-এ উপস্থাপনকালে ডিপিপি, কার্যপত্র ইত্যাদিতে নির্ভুল তথ্য প্রদান ও বানান-এর বিষয়ে সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করতে হবে।<br>(৩) এখন থেকে ভবন নির্মাণ প্রকল্পে বৃষ্টির পানি সংরক্ষণ ও ব্যবহারের সুযোগ রাখতে হবে।<br>(৪) যে সকল স্থানে বিদ্যুৎ সরবরাহ নেই সে সকল স্থানে সৌর বিদ্যুতের মাধ্যমে বিদ্যুৎ ব্যবহারের ব্যবস্থা নিতে হবে।<br>(৫) প্রকল্পের আয়/ব্যয়ের হিসাব, জনবল সংক্রান্ত বিষয়াদি এবং অন্যান্য অনিষ্পন্ন বিষয়াদি অবশ্যই পিইসি সভায়/পরিকল্পনা কমিশনের সেক্টর পর্যায়ে নিষ্পন্ন করে প্রকল্প প্রস্তাব একনেক-এ উপস্থাপন করতে হবে। | সকল মন্ত্রণালয়/বিভাগ। |

২—

বিষয়ঃ ২০০৯-২০১০ অর্থ-বছরে একনেক সভাসমূহে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত নির্দেশনা/অনুশাসনসমূহ

| ক্রঃ নং | সভার তারিখ ও সিদ্ধান্তের ক্রমিক নং | নির্দেশনা/অনুশাসন | সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ এবং প্রকল্পের নাম |
|---|---|---|---|
| ০১। | ০২/০৭/২০০৯<br>৬.৩ | নির্মাণ কাজের জন্য প্রকল্প এলাকার পাহাড় কাটা যাবে না এবং ল্যান্ডস্কেপ ভিউ নষ্ট করা যাবে না। | বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়।<br>"জাতীয় সমুদ্র গবেষণা ইনস্টিটিউট স্থাপন (১ম পর্যায়)(১ম সংশোধিত)" প্রকল্প। |
| ০২। | ০৭/০৭/২০০৯<br>৬.৩ | (১) সড়ক নির্মাণের জন্য যতটুকু জমির প্রয়োজন ততটুকুই অধিগ্রহণ করতে হবে।<br>(২) সড়কের আশেপাশের নদী/খাল থেকে মাটি কেটে রাস্তা ভরাট ও নির্মাণ করতে হবে। | সড়ক পরিবহণ ও সেতু মন্ত্রণালয়,<br>সড়ক ও রেলপথ বিভাগ।<br>"রিকাবীবাজার-রামপাল-দিঘীরপাড়-বাংলাবাজার-মুন্সিগঞ্জ সদর-নয়াগাঁও-মুক্তারপুর সড়ক (নয়াগাঁও হাসপাতাল সংযোগসহ) নির্মাণ" প্রকল্প। |
| ০৩। | ২১/০৭/২০০৯<br>৬.৩ | (১) পর্যায়ক্রমে রাজশাহী মহানগরীতে পানি সরবরাহের ব্যবস্থা ১০০ শতাংশে উন্নীত করতে হবে।<br>(২) ভবিষ্যতে রাজশাহী শহরে পানি সরবরাহের জন্য গৃহীত প্রকল্পে অবশ্যই ভূ-উপরিস্থ পানি ও বৃষ্টির পানি সংরক্ষণ এবং ব্যবহার নিশ্চিত করতে হবে। ঐ অঞ্চলে ভূ-গর্ভস্থ পানির ব্যবহার নিরুৎসাহিত করতে হবে। | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ।<br>"রাজশাহী মহানগরীতে পানি সরবরাহ (২য় পর্ব) প্রকল্প (২য় সংশোধিত)"। |
| | ৭.৩ | (১) প্রকল্পে বৃষ্টির পানি, ভূ-উপরিস্থ পানি (পুকুর/দীঘি) ব্যবহারের বিষয়ে জোর দিতে হবে।<br>(২) বৃষ্টির পানি/ভূ-উপরিস্থ পানি/নলকূপের পানির কোন অপসন কোথায় ব্যবহৃত হবে সে বিষয়টি নির্ধারণ করার জন্য স্থানীয় সরকার বিভাগ স্থানীয় সরকার প্রতিষ্ঠানকে সম্পৃক্ত করে একটি কমিটি করবে এবং প্রয়োজনীয় নির্দেশনা জারী করবে। | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ।<br>"দেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলে গ্রামীণ পানি সরবরাহ" প্রকল্প। |
| | ৮.৪ | বিগত ৭ বৎসরে সরকারি বিনিয়োগে প্রতিষ্ঠিত বিভিন্ন আর্থিক প্রতিষ্ঠান থেকে ঋণ নিয়ে তা পরিশোধ না করে নানাভাবে Rescheduling করিয়েছেন অথবা সুদ ও আসল আংশিক বা সম্পূর্ণ মওকুফ করানো হয়েছে। এ ধরণের ঋণ গ্রহীতাদের একটি তালিকাসহ প্রতিবেদন আগামী ১ মাসের মধ্যে অর্থ মন্ত্রণালয় একনেক-এ পেশ করবে। | সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সড়ক ও রেলপথ বিভাগ এবং অর্থ মন্ত্রণালয়।<br>"গাজীপুর-আজমতপুর-ইট খোলা সড়ক নির্মাণ (সংশোধিত)" প্রকল্প। |

| ক্রঃ নং | সভার তারিখ ও সিদ্ধান্তের ক্রমিক নং | নির্দেশনা/অনুশাসন | সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ এবং প্রকল্পের নাম |
|---|---|---|---|
| | ১১.২ | (১) সদরঘাট থেকে আশুলিয়া নৌ-পথের নীচু ব্রীজগুলো উঁচু করার ব্যবস্থা নিতে হবে।<br>(২) নদী/জলাশয় অবৈধ দখল মুক্ত করতে হবে।<br>(৩) শিল্পের বর্জ্য নদীতে না ফেলার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>(৪) বুড়িগঙ্গা, তুরাগ ও বালু নদীসহ সকল নদীর অবৈধ দখলদার উচ্ছেদ করে তার পাড়ে Walk-Way, গার্ডেন ইত্যাদি নির্মাণ করতে হবে।<br>(৫) এখন থেকে কোন উন্নয়ন প্রকল্প গ্রহণ করার সময় জলাশয় নষ্ট করা যাবে না। | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ।<br>"ঢাকা শহরের চারিদিকে নৌপথ চালুকরণ (১ম পর্যায়): সদরঘাট হতে আশুলিয়া ব্রীজ পর্যন্ত নৌপথের নাব্যতা উন্নয়ন ও ল্যান্ডিং সুবিধাদি প্রদান" প্রকল্প। |
| ০৪। | ০৪/০৮/২০০৯<br>৬.৩ | (১) প্রকল্পটিতে সোলার প্যানেল স্থাপনের মাধ্যমে সৌর বিদ্যুৎ উৎপাদন এবং বৃষ্টির পানি সংরক্ষণের ব্যবস্থা রাখতে হবে।<br>(২) আশেপাশের হাসপাতালগুলোর বর্জ্য এই হাসপাতাল-এর প্লান্টে Dispose করার সুযোগ থাকবে। | স্বরাষ্ট্র মন্ত্রণালয়।<br>"৫০ শয্যা বিশিষ্ট ৩টি বিডিআর হাসপাতাল (চুয়াডাঙ্গা, ঠাকুরগাঁও ও খাগড়াছড়ি) স্থাপন" প্রকল্প। |
| | ৮.৪ | সড়ক দুর্ঘটনার পরিমাণ হ্রাস ও যানজট নিরসনের লক্ষ্যে রিকশা, ভ্যান ইত্যাদি ধীরগতি সম্পন্ন যানবাহনের জন্য হাইওয়ের উভয় পার্শ্বে এক স্তর নিচু দিয়ে রাস্তা নির্মাণের সংস্থান এবং হাইওয়ের পার্শ্ববর্তী হাট-বাজারের জন্য নিরাপদ দূরত্বে নির্দিষ্ট জায়গা রাখতে হবে। | সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সড়ক ও রেলপথ বিভাগ।<br>"সড়ক নেটওয়ার্ক উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ প্রকল্প-২ (আরএনআইএমপি-২) (সংশোধিত)"। |
| ০৫। | ১১/০৮/২০০৯<br>৫.৪ | ভবিষ্যতে কোন কোম্পানীর জন্য প্রকল্প প্রণয়নের সময় ডিপিপিতে Profit and loss account, balance sheet ইত্যাদি Financial statement সংযোগ করতে হবে। | শিল্প মন্ত্রণালয়।<br>"যমুনা ফার্টিলাইজার কোম্পানী লিঃ (জেএফসিএল)-এর মেরামতের মাধ্যমে স্থাপিত উৎপাদন ক্ষমতা অব্যাহত রাখা (সংশোধিত)" প্রকল্প। |
| | ৬.৩ | (১) প্রকল্পের আওতায় বায়ু/সৌর বিদ্যুৎ উৎপাদনের ব্যবস্থা রাখতে হবে।<br>(২) প্রকল্পটি যথাসময়ে বাস্তবায়নের লক্ষ্যে পরিবেশ ও বন মন্ত্রণালয়কে প্রকল্পটির অনুকূলে ৩৫.৫০ একর জমি বরাদ্দ প্রদান এবং ০.৫০ একর জমি অধিগ্রহণের জন্য ভূমি মন্ত্রণালয়কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় এবং ভূমি মন্ত্রণালয়।<br>"জাতীয় সমুদ্র গবেষণা ইনস্টিটিউট স্থাপন (সংশোধিত)" প্রকল্প। |
| | ৭.৩ | সড়ক নির্মাণ/মেরামতের সময় কৃষি জমির মাটি না কেটে আশেপাশের নদী/খালের মাটি কেটে সড়ক নির্মাণ/মেরামত করতে হবে। | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ।<br>"বৃহত্তর বরিশাল জেলা গ্রামীণ যোগাযোগ ও হাটবাজার অবকাঠামো উন্নয়ন প্রকল্প (বরিশাল, পিরোজপুর, ভোলা ও ঝালকাঠি জেলা)"। |

| ক্রঃ নং | সভার তারিখ ও সিদ্ধান্তের ক্রমিক নং | নির্দেশনা/অনুশাসন | সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ এবং প্রকল্পের নাম |
|---|---|---|---|
| | ৭.৪ | (১) গ্লোবাল ওয়ার্মিং-এর কারণে সমুদ্রপৃষ্ঠের উচ্চতা বৃদ্ধি পাচ্ছে বিধায় উপকূলীয় এলাকায় রাস্তা ও গ্রোথ সেন্টারসমূহ উঁচু করে নির্মাণ করতে হবে।<br>(২) উপকূলীয় অঞ্চলে সাইক্লোন সেন্টার কাম কেল্লা নির্মাণের লক্ষ্যে নতুন প্রকল্প প্রণয়ন করতে হবে।<br>(৩) গ্রামীণ এলাকায় গ্রোথ সেন্টার, হাট-বাজার উন্নয়ন সংক্রান্ত প্রকল্প প্রণয়নের সময় গ্রোথ সেন্টার, হাট-বাজারের পাশে সোলার প্যানেল, সাইবার ক্যাফে এবং স্বল্প ব্যয়ে বাড়ী নির্মাণের সুবিধাসহ আধুনিক সুযোগ সুবিধা সম্বলিত পরিকল্পিত আবাসিক এলাকা (পল্লী নিবাস) স্থাপনের ব্যবস্থা রাখতে হবে। | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ।<br>“বৃহত্তর বরিশাল জেলা গ্রামীণ যোগাযোগ ও হাটবাজার অবকাঠামো উন্নয়ন প্রকল্প (বরিশাল, পিরোজপুর, ভোলা ও ঝালকাঠি জেলা)”। |
| ০৬ | ১৮/০৮/২০০৯<br>৭.৬ | (১) ভবিষ্যতে উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে পরিকল্পনা কমিশনসহ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন ব্যতীত যাতে অনুমোদিত প্রকল্প ছকের সংস্থানের অতিরিক্ত কোন ব্যয় সম্পাদিত না হয় সে বিষয়টি সকলকে নিশ্চিত করতে হবে।<br>(২) প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়নে পরিকল্পনা, শৃঙ্খলা কঠোরভাবে অনুসরণ করতে হবে। | সকল মন্ত্রণালয়/বিভাগ।<br>“রিহ্যাবিলিটেশন, রিনোভেশন এন্ড অগমেন্টেশন অব গ্রীড সিস্টেম (আরআরএজিএস), ফেইজ-২ (সংশাধিত)” প্রকল্প। |
| ০৭। | ২৫/০৮/২০০৯<br>৫.৩ | ডিপিপিতে সড়কের এলাইনমেন্টে বৈধ স্থাপনা শব্দের পরিবর্তে শুধু স্থাপনা শব্দ উল্লেখ করতে হবে। | গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়।<br>“চট্টগ্রাম কলেজ হতে কাপাসগোলা রোডের সম্প্রসারণ ও উন্নয়ন (গণি বেকারী জংশন হতে বহদ্দারহাট জংশন পর্যন্ত)” প্রকল্প। |
| ০৮। | ০৮/০৯/২০০৯<br>৭.৩ | (১) নদীর উপরে নির্মিতব্য ব্রীজগুলো যথাযথ উচ্চতায় নির্মাণ করতে হবে যাতে নীচ দিয়ে সহজে নৌকা/ট্রলার চলাচল করতে পারে। এ ক্ষেত্রে বর্ষাকালের সর্বোচ্চ পানির উচ্চতা বিবেচনা করতে হবে।<br>(২) লঞ্চঘাটসহ রাস্তা ও নদীর পাড়ে ফাঁকা জায়গায় কোন ঘরবাড়ী/দোকানপাট করা যাবে না এবং এ সকল ফাঁকা জায়গায় বাগান করতে হবে। | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ।<br>“গোপালগঞ্জ পৌরসভার মরা মধুমতি নদী পুনর্বাসন ও পার্শ্ববর্তী এলাকা উন্নয়ন” প্রকল্প। |
| | ১০.৩ | ভবিষ্যতে প্রতিটি লাইব্রেরীকে Digital/ Virtual library-তে রূপান্তরের উদ্যোগ গ্রহণ করতে হবে। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।<br>“জেলা পাবলিক লাইব্রেরীসমূহের উন্নয়ন ৩য় পর্যায় (২য় সংশোধিত)” প্রকল্প। |

| ক্রঃ নং | সভার তারিখ ও সিদ্ধান্তের ক্রমিক নং | নির্দেশনা/অনুশাসন | সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ এবং প্রকল্পের নাম |
|---|---|---|---|
| ০৯। | ১৭/০৯/২০০৯<br>৬.৩ | ছাত্রীদের হলের প্রত্যেক ফ্লোরে কমন কিচেন ও লন্ড্রির ব্যবস্থা রাখতে হবে। | শিক্ষা মন্ত্রণালয়।<br>"ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিশেষ উন্নয়ন ২য় পর্যায় (১ম সংশোধিত)" প্রকল্প। |
| ১০। | ১৩/১০/২০০৯<br>৭.৪ | নদী ড্রেজিং করে ড্রেজিংকৃত মাটি দিয়ে বন্যা নিয়ন্ত্রণ বাঁধ নির্মাণ করতে হবে। কোন ফসলী জমির মাটি কেটে জমি নষ্ট করা যাবে না। যে সব এলাকা অধিক ভাঙ্গনপ্রবণ শুধুমাত্র সে সব এলাকায় নদী শাসন করতে হবে। বন্যা নিয়ন্ত্রণ বাঁধ সংক্রান্ত সকল প্রকল্পের ক্ষেত্রে এ বিষয়টি প্রযোজ্য হবে। | পানি সম্পদ মন্ত্রণালয়।<br>"রাজবাড়ী শহর রক্ষা" প্রকল্প। |
| ১১। | ০৯/১২/২০০৯<br>৫.৩ | ভবিষ্যতে নদী ভাঙ্গন রোধে গৃহীতব্য যে কোন প্রকল্পে অবশ্যই নদী খনন করে নদী তীর সংরক্ষণ কাজ করার বিষয়ে ব্যবস্থা রাখতে হবে। | পানি সম্পদ মন্ত্রণালয়।<br>"মধুমতি নদীর ভাঙ্গন হতে গোপালগঞ্জ জেলার কাশিয়ানী উপজেলায় অবস্থিত কালনা ফেরীঘাট এবং আড়িয়াল খাঁ নদীর ভাঙ্গন হতে মাদারীপুর শহর ও তৎসংলগ্ন এলাকা সংরক্ষণ" প্রকল্প। |
| | ৭.৪ | এখন থেকে একনেক সভায় উপস্থাপনের জন্য প্রেরিতব্য কার্যপত্র ও ডিপিপি'র প্রতি পাতায় উভয় পাশে প্রিন্ট করতে হবে যাতে কাগজ সাশ্রয়সহ কলেবর হ্রাস পায়। | সকল মন্ত্রণালয়/বিভাগ। |
| ১২। | ২২/১২/২০০৯<br>৫.৩ | সংশ্লিষ্ট মন্ত্রণালয় বাংলাদেশ রেলওয়েতে বর্তমানে কি পরিমাণ লোকমোটিভ, ওয়াগন, কনটেইনার ও অন্যান্য মালামাল রয়েছে, এগুলোর বর্তমান অবস্থা কি, ভবিষ্যতের জন্য কি কি প্রয়োজন হবে তা উল্লেখপূর্বক একটি স্বয়ংসম্পূর্ণ প্রতিবেদন মাননীয় প্রধানমন্ত্রীর দপ্তরে পেশ করবে। | সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সড়ক ও রেলপথ বিভাগ।<br>"বাংলাদেশ রেলওয়ে মেইন লাইন সেকশনসমূহের পুনর্বাসন (পশ্চিমাঞ্চল) প্রকল্পের অবশিষ্ট কাজ" প্রকল্প। |
| ১৩। | ২৯/১২/২০০৯<br>৭.৩ | দেশের সকল মহাসড়কে প্রযোজ্য স্থানে টোল আদায়ের ব্যবস্থা চালু করতে হবে। | সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সড়ক ও রেলপথ বিভাগ।<br>"ঢাকা-চট্টগ্রাম মহাসড়ককে ৪ লেনে উন্নীতকরণ (দাউদকান্দি-চট্টগ্রাম অংশ)" প্রকল্প। |
| ১৪। | ০৭/০১/২০১০<br>৯.৩ | দেশের অন্যান্য এলাকার জন্যও প্রয়োজনীয় আশ্রয়কেন্দ্র নির্মাণের লক্ষ্যে প্রকল্প গ্রহণ করতে হবে। এ প্রয়োজনে Climate change fund ব্যবহারের বিষয়টি পরীক্ষা করা যায়। | খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়।<br>"বন্যা প্রবণ ও নদী ভাংগন এলাকায় বন্যা আশ্রয় কেন্দ্র নির্মাণ (১ম সংশোধিত)" প্রকল্প। |

| ক্রঃ নং | সভার তারিখ ও সিদ্ধান্তের ক্রমিক নং | নির্দেশনা/অনুশাসন | সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ এবং প্রকল্পের নাম |
|---|---|---|---|
| ১৫। | ২১/০১/২০১০<br>৬.৩ | (১) প্রকল্প এলাকায় বিএডিসি এবং বিএমডিএ'র কার্যক্রমের মধ্যে যাতে Overlapping না হয় সেদিকে লক্ষ্য রাখতে হবে।<br>(২) প্রকল্প এলাকায় যে সকল জলাশয় রয়েছে সেগুলোকে ব্যবহার উপযোগী করে সেচ কার্যক্রম পরিচালনা করা যায় কিনা সে বিষয়ে পরীক্ষা-নিরীক্ষা করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(৩) প্রকল্পভুক্ত কিছু গভীর নলকূপ সৌর বিদ্যুতের মাধ্যমে চালানো যায় কিনা সে বিষয়ে পরীক্ষা-নিরীক্ষা করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | কৃষি মন্ত্রণালয়।<br>"গভীর নলকূপ স্থাপন (২য় পর্যায়)" প্রকল্প [Deep Tubewell Installation (Phase-11) Project]. |
| | ১৩.৩ | প্রকল্প সংশোধনকালে এলাকা নির্বাচনের ক্ষেত্রে স্বাস্থ্য সুবিধা বিচারে অনগ্রসর এলাকা অর্থাৎ যে সমস্ত এলাকায় মেডিকেল কলেজ বা স্বাস্থ্য সেবা প্রদানকারী বড় প্রতিষ্ঠান নেই তাদেরকে অগ্রাধিকার দিতে হবে। | স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ।<br>"দ্বিতীয় আরবান প্রাইমারী হেলথ কেয়ার (সংশোধিত)" প্রকল্প। |
| ১৬। | ০২/০৩/২০১০<br>১০.৪ | এখন হতে সকল সরকারি Procurement-এর ক্ষেত্রে সরকারি প্রতিষ্ঠানে উৎপাদিত দ্রব্য/সামগ্রী অগ্রাধিকারভিত্তিতে ক্রয় করতে হবে। সরকারি প্রতিষ্ঠানে প্রয়োজনীয় মালামাল পাওয়া না গেলে বাইরে থেকে ক্রয় করা যাবে। | সকল মন্ত্রণালয়/বিভাগ।<br>"আপগ্রেডিং এন্ড এক্সপান্ডিং ডিস্ট্রিবিউশন সিস্টেম ইন গুলশান সার্কেল (১ম সংশোধিত)" প্রকল্প। |
| ১৭। | ৩০/০৩/২০১০<br>৮.৩ | বাংলাদেশের প্রেক্ষাপটে কোন শিক্ষা/ডিগ্রি কোন পর্যায়ের সমতুল্য তা সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/পরিদপ্তর এবং সংশ্লিষ্ট সরকারি/বেসরকারি সংস্থাকে শিক্ষা মন্ত্রণালয় জানিয়ে দিবে। | শিক্ষা মন্ত্রণালয়।<br>"মুন্সিগঞ্জ, ফরিদপুর, চাঁদপুর, সিরাজগঞ্জ ও বাগেরহাটে ৫টি ইনস্টিটিউট অব ম্যারিন টেকনোলজি স্থাপন" প্রকল্প। |
| ১৮। | ০৬/০৪/২০১০<br>৮.৩ | ছাত্রী হোস্টেল-এর প্রত্যেক ফ্লোরে Common kitchen ও লন্ড্রির ব্যবস্থা রাখতে হবে। | শিক্ষা মন্ত্রণালয়।<br>"বরিশাল ইঞ্জিনিয়ারিং কলেজ স্থাপন" প্রকল্প। |
| ১৯। | ১৩/০৪/২০১০<br>৭.৩ | (১) প্রকল্পের আওতায় কোনক্রমেই কৃষি জমি নষ্ট করা যাবে না। নদী তীর সংরক্ষণের সকল ক্ষেত্রে কৃষি জমি থেকে মাটি সংগ্রহ না করে নদী থেকে মাটি উত্তোলন করে নদী তীর সংরক্ষণ কাজ করতে হবে। | পানি সম্পদ মন্ত্রণালয়।<br>"যমুনা নদীর বাম তীরের ভাঙ্গন হতে জামালপুর জেলার বাহাদুরাবাদ ঘাট হতে ফুটানির বাজার পর্যন্ত ও সরিষাবাড়ী উপজেলাধীন পিংনা বাজার এলাকা এবং ইসলামপুর উপজেলার হরিণধরা হতে হাড়িগিলা পর্যন্ত তীর সংরক্ষণ" প্রকল্প। |

| ক্রঃ নং | সভার তারিখ ও সিদ্ধান্তের ক্রমিক নং | নির্দেশনা/অনুশাসন | সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ এবং প্রকল্পের নাম |
|---|---|---|---|
| | | (২) চলতি অর্থ-বছরে সিসি ব্লক ও জিও টেক্সটাইল দ্বারা জরুরিভিত্তিতে নদীর তীর সংরক্ষণ করা যেতে পারে। কিন্তু পরবর্তীতে নভেম্বর মাস হতেই সিসি ব্লক ও জিও টেক্সটাইল দ্বারা বাঁধ সংরক্ষণের পাশাপাশি নদীর পাশে বাঁশের চাটাইয়ের বেড়া দিয়ে তার ভেতরে ড্রেজিংকৃত মাটি দিয়ে বাঁধ নির্মাণ করতে হবে। | |
| | ৯.৪ | গুরুত্বপূর্ণ ও দ্রুত বাস্তবায়ন প্রয়োজন এমন প্রকল্পের জন্য দ্রুত পরিবেশগত ছাড়পত্র দেয়ার কারণ উল্লেখপূর্বক প্রকল্প বাস্তবায়নকারী মন্ত্রণালয় কর্তৃক পরিবেশ ও বন মন্ত্রণালয়কে পত্র দিতে হবে। | সকল মন্ত্রণালয়/বিভাগ। |
| ২০। | ০৪/০৫/২০১০<br>৯.৩ | প্রাকৃতিক মৎস্য প্রজনন ক্ষেত্র সংরক্ষণ এবং জাটকা ও প্রজননকালে প্রজননক্ষম মৎস্য নিধন রোধে কঠোরভাবে আইন প্রয়োগের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, মৎস্য অধিদপ্তর।<br>“চিহ্নিত অবক্ষয়িত জলাশয় উন্নয়ন ও ব্যবস্থাপনা এবং দেশীয় প্রজাতির ছোট মৎস্য সংরক্ষণ” প্রকল্প। |
| | ১৪.৩ | (১) প্রকল্পের আওতায় ১৭৫ জন ছাত্র ও ১৭৫ জন ছাত্রীর হোস্টেলে থাকার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(২) প্রকল্পের সকল নতুন ভবনের ভিত প্রকল্প সংলগ্ন এলাকার অনুমোদিত সর্বোচ্চ উচ্চতা অনুযায়ী রাখতে হবে এবং ছাত্রী হোস্টেলের প্রত্যেক তলায় কমন রান্নাঘর এবং কাপড় ধোয়া ও ইস্ত্রির ব্যবস্থা রাখতে হবে। | বস্ত্র ও পাট মন্ত্রণালয়।<br>“বরিশাল টেক্সটাইল ইনস্টিটিউটকে আবদুর রব সেরনিয়াবাত টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজে উন্নীতকরণ” প্রকল্প। |
| ২১। | ১১/০৫/২০১০<br>৮.৪ | শালবনের দখলকৃত জমি উদ্ধারের ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং বন বিভাগের জমিগুলো সরকারের দখলে রাখতে হবে। | পরিবেশ ও বন মন্ত্রণালয়।<br>“বঙ্গবন্ধু শেখ মুজিব সাফারী পার্ক, গাজীপুর” প্রকল্প। |
| ২২। | ০১/০৬/২০১০<br>৬.৩ | বিগত সরকারের আমলে যেখানে কোন কাজ হয়নি, সে সকল অনগ্রসর এলাকায় অগ্রাধিকারভিত্তিতে পল্লী অবকাঠামো উন্নয়নের লক্ষ্যে অনুরূপ প্রকল্প গ্রহণ করতে হবে। | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ।<br>“বৃহত্তর কুমিল্লা পল্লী অবকাঠামো উন্নয়ন” প্রকল্প। |
| ২৩। | ০৮/০৬/২০১০<br>১৩.৩ | সড়কের জন্য প্রয়োজনীয় মাটি কৃষি জমি হতে না কেটে নিকটবর্তী খাল, বিল, নদী বা ডোবা থেকে সংগ্রহ করতে হবে। | সড়ক পরিবহণ ও সেতু মন্ত্রণালয়, সড়ক ও রেলপথ বিভাগ।<br>“জয়দেবপুর-ময়মনসিংহ রোড ইমপ্রুভমেন্ট” প্রকল্প। |

| ক্রঃ নং | সভার তারিখ ও সিদ্ধান্তের ক্রমিক নং | নির্দেশনা/অনুশাসন | সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ এবং প্রকল্পের নাম |
|---|---|---|---|
| ২৪। | ১৫/০৬/২০১০<br>৯.৩ | (১) প্রস্তাবিত শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে কো-এডুকেশন প্রতিষ্ঠানসমূহে ছাত্র-ছাত্রীদের জন্য আলাদা আলাদা কমন রুম ও টয়লেটের ব্যবস্থা রাখতে হবে।<br>(২) ঢাকা মহানগরীর যেসব এলাকায় স্কুল-কলেজ নেই, সেখানে স্কুল-কলেজ স্থাপন করতে হবে।<br>(৩) হাতিরঝিল প্রকল্পের সাথে সমন্বয় করে সেখানে একটি স্কুল স্থাপন করতে হবে।<br>(৪) যেখানে টাউনশীপ গড়ে তোলা হচ্ছে সেখানে একই কমপ্লেক্সে প্রাথমিক, মাধ্যমিক ও কলেজ প্রতিষ্ঠা করতে হবে। | শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।<br>"ঢাকা মহানগরীতে ১১টি মাধ্যমিক বিদ্যালয় এবং ৬টি মহাবিদ্যালয় (সরকারি) স্থাপন" প্রকল্প। |

বিষয়ঃ ২০১০-২০১১ অর্থ-বছরে একনেক সভাসমূহে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত নির্দেশনা/অনুশাসনসমূহ

| ক্রঃ নং | সভার তারিখ ও সিদ্ধান্তের ক্রমিক নং | নির্দেশনা/অনুশাসন | সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ এবং প্রকল্পের নাম |
|---|---|---|---|
| ০১। | ০৬/০৭/২০১০<br>১০.৩ | ব্যক্তি মালিকানাধীন জমি অধিগ্রহণের পূর্বে জমির মালিকানা সম্পর্কে ভালভাবে যাচাই/বাছাই করে নিশ্চিত হতে হবে। | সকল মন্ত্রণালয়/বিভাগ।<br>"গুলশান, বনানী, বারিধারা লেক উন্নয়ন" প্রকল্প। |
| | ১১.৩ | পানিতে আর্সেনিকের মাত্রা, বিশুদ্ধ পানির প্রাপ্যতা, জনগণের সুযোগ-সুবিধা, জেলার আয়তন, জনসংখ্যা ইত্যাদি বিবেচনা করে প্রকল্পভুক্ত জেলাগুলোর মধ্যে সুষমভাবে অর্থ পুন:বরাদ্দ করতে হবে। | স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ।<br>"Special Rural Water Supply" Project. |
| ০২। | ১৩/০৭/২০১০<br>৬.৪ | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় দেশের সকল সরকারি মেডিকেল কলেজ, হাসপাতাল এবং ইনস্টিটিউটে কর্মরত চিকিৎসকদের কর্মস্থলে প্রাইভেট প্র্যাকটিস করার বিষয়ে একটি নীতিমালা প্রণয়ন করবে। | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।<br>"ন্যাশনাল ইন্সটিটিউট অব নিউরোসায়েন্সেস স্থাপন (২য় সংশোধিত)" প্রকল্প। |
| ০৩। | ২০/০৭/২০১০<br>৭.৪ | সিটি কর্পোরেশন এলাকায় পয়:নিষ্কাশন কাজ পরিবেশ সম্মতভাবে সম্পাদন করতে হবে। | স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ।<br>"অন্তবর্তীকালীন জরুরি পয়:লাইন নির্মাণ ও পুনর্বাসন প্রকল্প-২"। |
| ০৪। | ২৭/০৭/২০১০<br>৫.৩ | (১) প্রকল্প বাস্তবায়নের সময় কোনক্রমেই কৃষি জমি নষ্ট করা যাবে না।<br>(২) প্রকল্প বাস্তবায়নের পূর্বে পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র গ্রহণ করতে হবে।<br>(৩) ১০০ মি.-এর বেশি দীর্ঘ সেতু নির্মাণের পূর্বে হাইড্রোলজিক্যাল ও মরফলজিক্যাল স্টাডি করতে হবে। | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।<br>"বানিয়াচং-নবীগঞ্জ সড়ক নির্মাণ" প্রকল্প। |
| ০৫। | ০৩/০৮/২০১০<br>৫.৪ | গবেষণা কাজে গবেষকদের উৎসাহ প্রদানের জন্য আলাদা তহবিল-এর ব্যবস্থা রাখা যেতে পারে। | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।<br>"বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউটের অবকাঠামোগত উন্নয়ন ও গবেষণা কার্যক্রম শক্তিশালীকরণ" প্রকল্প। |
| | ৬.৪ | দুর্ঘটনা হ্রাস ও যানযট নিরসনের লক্ষ্যে জাতীয় ও আঞ্চলিক মহাসড়ক নির্মাণের সময় ধীরগতিসম্পন্ন যানবাহন চলাচলের জন্য নির্মিতব্য সড়কের পাশে মূল সড়কের এক স্তর নিচু আলাদা লেন নির্মাণের ব্যবস্থা রাখতে হবে। | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।<br>"নড়িয়া-পাঠানবাড়ী-নয়নমাতবারকান্দি-ডগরী-শাওড়া সড়ক উন্নয়ন" প্রকল্প। |



৩—

| ক্রঃ নং | সভার তারিখ ও সিদ্ধান্তের ক্রমিক নং | নির্দেশনা/অনুশাসন | সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ এবং প্রকল্পের নাম |
|---|---|---|---|
| ০৬। | ১৭/০৮/২০১০<br>১০.৩ | (১) ড্রেজিং-এ ঘন্টায় কত মাটি কাটা হলো এবং কত তেল খরচ হলো তা নিরুপণের সঠিক পদ্ধতি বের করতে হবে।<br>(২) ড্রেজিং-এর মাধ্যমে পুনরুদ্ধারকৃত ভূমির সঠিক হিসাব থাকতে হবে। | পানি সম্পদ মন্ত্রণালয়।<br>"বাংলাদেশ নদী ড্রেজিং-এর জন্য ড্রেজার ও আনুষঙ্গিক যন্ত্রপাতি ক্রয়" প্রকল্প। |
| ০৭। | ০৯/০৯/২০১০<br>১১.৪ | পল্লী বিদ্যুতায়ন বোর্ড বিদ্যুতের অপচয় রোধে ভবিষ্যতে দ্রুত প্রি-পেইড মিটার প্রবর্তনের উদ্যোগ গ্রহণ করবে। | বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বিদ্যুৎ বিভাগ।<br>"পল্লী বিদ্যুতায়ন সম্প্রসারণ রাজশাহী ও রংপুর বিভাগীয় কার্যক্রম-১" প্রকল্প। |
| ০৮। | ১৪/০৯/২০১০<br>৫.৪ | খাল এবং উম্মুক্ত জলাশয়গুলোকে অবৈধ দখলমুক্ত করতে হবে। | স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ।<br>"Improvement of Roads, Drains & Footpath at Ward No-42 & Mohammadpur, adabar at Zone-6 under Dhaka City Corporation" প্রকল্প। |
| ০৯। | ০৫/১০/২০১০<br>৫.৩ | (১) পরিকল্পনা বিভাগ কর্তৃক জারীকৃত পরিপত্র অনুসারে ১০০ মিটারের বেশি দৈর্ঘ্যের সেতুর জন্য হাইড্রোলজিক্যাল ও মরফোলজিক্যাল সমীক্ষা করতে হবে।<br>(২) প্রকল্পের জন্য ভূমি অধিগ্রহণের অগ্রিম পরিকল্পনা গ্রহণ করতে হবে। | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং রেলপথ মন্ত্রণালয়।<br>"কালুখালী-ভাটিয়াপাড়া সেকশন পুনর্বাসন এবং কাশিয়ানী-গোপালগঞ্জ-টুঙ্গিপাড়া নতুন রেলপথ নির্মাণ" প্রকল্প। |
| | ৭.৩ | ক্রমবর্ধমান গ্যাসের চাহিদা মেটানোর লক্ষ্যে সালদাসহ দেশের অন্যান্য অঞ্চলের জন্য আরও কূপ খনন প্রকল্প দ্রুত আনয়নের জন্য জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ।<br>"সালদা ৩, ৪ এবং ফেঞ্চুগঞ্জ ৪, ৫ গ্যাস ক্ষেত্রের উন্নয়ন" প্রকল্প। |
| ১০। | ২৬/১০/২০১০<br>১২.৩ | বাঁধের দুই পার্শ্বে ব্যাপকভাবে বৃক্ষরোপণের মাধ্যমে সবুজ বেষ্টনী সৃষ্টির জন্য স্থানীয় জনগণকে উদ্বুদ্ধ করতে হবে। | পানি সম্পদ মন্ত্রণালয়।<br>"উপকূলীয় এলাকায় ঘূর্ণিঝড় আইলার আঘাতে ক্ষতিগ্রস্ত বাপাউবো'র অবকাঠামোসমূহ পুনর্বাসন (দক্ষিণ-পশ্চিমাঞ্চল)" প্রকল্প। |
| ১১। | ০৯/১১/২০১০<br>১২.৩ | কার্গোসহ নৌ-যান চলাচলে যাতে অসুবিধা না হয় সেটি খেয়াল রেখে ব্রিজের উচ্চতা নির্ধারণ করতে হবে। | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।<br>"নারায়ণগঞ্জের বন্দর উপজেলায় ৩য় শীতলক্ষ্যা সেতু নির্মাণ" প্রকল্প। |

| ক্রঃ নং | সভার তারিখ ও সিদ্ধান্তের ক্রমিক নং | নির্দেশনা/অনুশাসন | সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ এবং প্রকল্পের নাম |
|---|---|---|---|
| ১২। | ০৭/১২/২০১০<br>৮.৩ | নদী তীর সংরক্ষণের ক্ষেত্রে কৃষি জমি থেকে মাটি সংগ্রহ না করে নদী থেকে মাটি উত্তোলন করে নদী তীর সংরক্ষণ করতে হবে। | পানি সম্পদ মন্ত্রণালয়।<br>"নোয়াখালী জেলার হাতিয়া উপজেলাধীন পোল্ডার ৭৩/১ (এ+বি)-এর তমরুদ্দিন ও বাংলাবাজার এলাকায় নদী তীর সংরক্ষণ" প্রকল্প। |
| ১৩। | ০৮/০৩/২০১১<br>৬.৩ | বর্ষাকালে যাতে নৌ-চলাচল বিঘ্নিত না হয় সে সুবিধা রেখে ব্রিজের উচ্চতা নির্ধারণ করতে হবে। | স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ।<br>"আইলায় ক্ষতিগ্রস্থ গ্রামীণ অবকাঠামো পুনর্বাসন (আরএএআরআইপি)" প্রকল্প। |
| | ১২.৩ | স্থানীয় জনসাধারণের চলাচলের জন্য সড়কের দু'পার্শ্বে পৃথক লেনের ব্যবস্থা করতে হবে। | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।<br>"যাত্রাবাড়ী-কাঁচপুর সড়ক ৮-লেনে উন্নীতকরণ (পোল্ডার সড়ক)" প্রকল্প। |
| ১৪। | ২২/০৩/২০১১<br>১১.৪ | কৃষি জমি অপচয় না করে প্রয়োজন অনুযায়ী নতুন সড়ক নির্মাণের পরিবর্তে বিদ্যমান সড়ক উন্নয়ন করতে হবে। | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।<br>"মির্জাপুর-ওয়ারির্শ-বালিয়া সড়ক নির্মাণ" প্রকল্প। |
| | ১৪.৩ | নর্দমার পানি যাতে কোনক্রমে লেকে প্রবেশ না করে সে দিকে বিশেষ নজর দিতে হবে। | স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ।<br>"ঢাকা সিটি কর্পোরেশন (ডিসিসি), ঢাকা সিটি কর্পোরেশনের ক্ষতিগ্রস্থ রাস্তা, নর্দমা ও ফুটপাত উন্নয়ন" প্রকল্প। |

বিষয়ঃ ২০১১-২০১২ অর্থ-বছরে একনেক সভাসমূহে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত নির্দেশনা/অনুশাসনসমূহ

| ক্রঃ নং | সভার তারিখ ও সিদ্ধান্তের ক্রমিক নং | নির্দেশনা/অনুশাসন | সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ এবং প্রকল্পের নাম |
|---|---|---|---|
| ০১। | ২৩/০৮/২০১১<br>৯.৩ | (১) পানির অপচয় রোধে ব্যাপক প্রচারণা চালাতে হবে।<br>(২) ঢাকা শহরের যে সকল স্থানে ওয়াসা পানি সরবরাহ করতে পারছেনা সে সকল স্থানে গভীর নলকূপ স্থাপনের উদ্যোগ ওয়াসাকে গ্রহণ করতে হবে। | স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ।<br>"ইমারজেন্সী রিহেবিলিটেশন এন্ড এক্সপানশন অব ওয়াটার সাপ্লাই সিস্টেম" প্রকল্প-২। |
| ০২। | ০৪/১০/২০১১<br>১০.৪ | বঙ্গবন্ধু কিংবা তাঁর পরিবারের নামে কোন ধরণের কার্যক্রম গ্রহণের পূর্বে 'জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেমোরিয়াল ট্রাস্ট'-এর অধীন ট্রাস্টি বোর্ডের অনুমোদন নিতে হবে। | সকল মন্ত্রণালয়/বিভাগ।<br>"বঙ্গবন্ধু শেখ মুজিব সাফারী পার্ক (১ম সংশোধিত)" প্রকল্প। |
| ০৩। | ৩১/০১/২০১২<br>৬.৩ | প্রকল্পের আওতায় ঝড়, বন্যা, জলোচ্ছাসপ্রবণ এবং উপকূলীয় এলাকার ইউএলডিসি কেন্দ্রগুলোর ক্ষেত্রে প্রাকৃতিক দুর্যোগ প্রয়োজনীয় প্রতিরোধক/টেকসই ডিজাইন করতে হবে। | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।<br>"উপজেলা প্রাণি সম্পদ উন্নয়ন কেন্দ্র (ইউএলডিসি) স্থাপন (৩য় পর্যায়)" প্রকল্প। |
| ০৪। | ০৮/০৫/২০১২<br>৬.৩ | অভিজ্ঞ কর্মকর্তা/বিশেষজ্ঞদের পরামর্শক্রমে সারা দেশে বৃক্ষরোপণের জন্য একটি নীতিমালা প্রণয়ন করতে হবে এবং এই নীতিমালা অনুযায়ী দেশে বৃক্ষরোপণের ব্যবস্থা নিতে হবে। মাননীয় প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১ এর সাথে আলোচনা করে পরিবেশ ও বন মন্ত্রণালয় এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | পরিবেশ ও বন মন্ত্রণালয়।<br>"গুরুত্বপূর্ণ গ্রামীণ অবকাঠামো উন্নয়ন" প্রকল্প। |
| ০৫। | ১৯/০৬/২০১২<br>১৩.২ | প্রকল্পের অনুমোদন বিবেচনার জন্য প্রকল্প প্রণয়নের যৌক্তিকতা, প্রকল্পের অবস্থান, মানচিত্র, প্রকল্প সংশ্লিষ্ট ছবি, সংক্ষেপে অঙ্গসমূহ ও ব্যয় বিভাজন, সংশোধনের ক্ষেত্রে সংশোধণের কারণ/কারণসমূহ উল্লেখপূর্বক সংক্ষিপ্ত আকারে একটি সার-সংক্ষেপ একনেকের সদস্যদের মধ্যে বিতরণের ব্যবস্থা নিতে হবে। | সকল মন্ত্রণালয়/বিভাগ।<br>"চট্টগ্রাম কলেজ হতে কাপাসগোলা পর্যন্ত রোডের সম্প্রসারণ ও উন্নয়ন (গনি বেকারী জংশন হতে বহদ্দারহাট জংশন পর্যন্ত) (১ম সংশোধিত)" প্রকল্প। |

বিষয়ঃ ২০১২-২০১৩ অর্থ-বছরে একনেক সভাসমূহে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত নির্দেশনা/অনুশাসনসমূহ

| ক্রঃ নং | সভার তারিখ ও সিদ্ধান্তের ক্রমিক নং | নির্দেশনা/অনুশাসন | সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ এবং প্রকল্পের নাম |
|---|---|---|---|
| ০১। | ২৮/০৮/২০১২<br>১২.১ | আউটসোর্সিং প্রতিষ্ঠান/ফার্মসমূহকে শ্রম আইনের আওতায় এনে Licensing পদ্ধতি প্রবর্তন করতে হবে। শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়।<br>বিবিধ আলোচনা |
| ০২। | ০৪/১০/২০১২<br>৭.৩ | দেশের বিভিন্ন স্থানে থাকা পুরাতন ঐতিহ্যবাহী ও মানসম্পন্ন বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়সমূহকে সরকারি বিদ্যালয়ে রূপান্তরের উদ্যোগ শিক্ষা মন্ত্রণালয় গ্রহণ করতে পারে। | শিক্ষা মন্ত্রণালয়।<br>"সিলেট, বরিশাল ও খুলনা শহরে ৭টি সরকারি মাধ্যমিক বিদ্যালয় স্থাপন" প্রকল্প। |
| ০৩। | ১৩/১১/২০১২<br>১৩.৩ | নৌ-পরিবহন মন্ত্রণালয়ের নিকট চট্টগ্রাম সিটি কর্পোরেশনের কর বাবদ প্রাপ্য প্রায় ৩০০.০০ কোটি টাকা দ্রুত পরিশোধের জন্য নৌ-পরিবহন মন্ত্রণালয় ব্যবস্থা নিবে। | নৌ-পরিবহন মন্ত্রণালয়।<br>"চট্টগ্রাম সিটি কর্পোরেশনের বিভিন্ন এলাকার অবকাঠামো উন্নয়ন (১ম সংশোধিত)" প্রকল্প। |
| ০৪। | ০১/০১/২০১৩<br>৬.৩ | পানি সম্পদ মন্ত্রণালয়, নৌ-পরিবহন মন্ত্রণালয় এবং বন ও পরিবেশ মন্ত্রণালয়সহ সংশ্লিষ্টদের নিয়ে সমন্বিতভাবে নদীতে নৌ-চ্যানেল নির্ধারণ, ড্রেজিং এর মাধ্যমে চর কাটা, নদী শাসন এবং প্রয়োজনীয় অংশে নদীর চরে গাছ লাগিয়ে জমি পুনরুদ্ধারের জন্য পানি সম্পদ মন্ত্রণালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | পানি সম্পদ মন্ত্রণালয়, নৌ-পরিবহন মন্ত্রণালয় এবং বন ও পরিবেশ মন্ত্রণালয়।<br>"ভোলা জেলা শহর সংরক্ষণ প্রকল্প (৩য় পর্যায়)"। |
| ০৫। | ০৫/০২/২০১৩<br>৭.৩ | নদীর তীর সংরক্ষণের মাটির জন্য কৃষি জমি কাটা যাবে না। নদী ড্রেজিং করে মাটির ব্যবস্থা করতে হবে। | পানি সম্পদ মন্ত্রণালয়।<br>"পাবনা জেলার ঈশ্বরদী উপজেলার কোমরপুর হতে সাড়া ঝাউদিয়া এবং নাটোর জেলার তিলকপুর-গৌরীপুর পর্যন্ত পদ্মা নদীর বাম তীর সংরক্ষণ" প্রকল্প। |
| ০৬। | ০২/০৪/২০১৩<br>৫.৩ | হাতিরঝিল এলাকায় স্কুল ও কলেজসহ একটি শিক্ষা কমপ্লেক্স স্থাপনের জন্য শিক্ষা মন্ত্রণালয় ব্যবস্থা গ্রহণ করবে। | শিক্ষা মন্ত্রণালয়।<br>"ঢাকা মহানগরীতে ১১টি মাধ্যমিক বিদ্যালয় এবং ৬টি মহাবিদ্যালয় (সরকারি) স্থাপন (১ম সংশোধিত)" প্রকল্প। |
| | ৮.৩ | কোন প্রকল্প/প্রতিষ্ঠানের প্রয়োজনে জমি অধিগ্রহণ করা হলে জমির মালিকদের পরিবারের সদস্যদের ঐ প্রকল্প/প্রতিষ্ঠানে চাকুরি দেয়ার ক্ষেত্রে অগ্রাধিকার প্রদান করার বিষয়ে একটি নীতিমালা প্রণয়ন করা যেতে পারে। জনপ্রশাসন মন্ত্রণালয় বিষয়টি পরীক্ষা করে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করবে। | জনপ্রশাসন মন্ত্রণালয়।<br>"বঙ্গবন্ধু দারিদ্র বিমোচন প্রশিক্ষণ কমপ্লেক্স (বর্তমানে বাপার্ড), কোটালীপাড়া, গোপালগঞ্জ-এর সম্প্রসারণ, সংস্কার ও আধুনিকায়ন (সংশোধিত)" প্রকল্প। |

বিষয়ঃ ২০১৩-২০১৪ অর্থ-বছরে একনেক সভাসমূহে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত নির্দেশনা/অনুশাসনসমূহ

| ক্রঃ নং | সভার তারিখ ও সিদ্ধান্তের ক্রমিক নং | নির্দেশনা/অনুশাসন | সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ এবং প্রকল্পের নাম |
|---|---|---|---|
| ০১। | ০২/০৭/২০১৩<br>৬.৩ | দেশে/বিদেশে উচ্চশিক্ষার কার্যক্রম চলমান রাখার লক্ষ্যে সংশ্লিষ্ট মন্ত্রণালয় একটি নীতিমালা প্রণয়ন করবে। | বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়।<br>"Bangabandu Fellowship on Science and Information & Communication Technology (1st Revised)" প্রকল্প। |
| | ৮.৩ | প্রকল্পের আওতায় সড়কের দুই পার্শ্বে রেইনট্রিসহ ফলজ গাছ লাগাতে হবে। | স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ।<br>"পল্লী কর্মসংস্থান ও সড়ক রক্ষণাবেক্ষণ কর্মসূচি (আরইআরএমপি-২)" প্রকল্প। |
| | ১০.৩ | দেশের নদ/নদী ড্রেজিং-এর মাধ্যমে পুনরুদ্ধারকৃত জমিতে শিল্প পার্কসহ টাউনশীপ/হাউজিং ইত্যাদি তৈরির জন্য নীতিমালা প্রণয়ন করতে হবে। পরিকল্পনা কমিশনের কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | পানি সম্পদ মন্ত্রণালয় এবং কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন।<br>"ক্যাপিটাল (পাইলট) ড্রেজিং অব রিভার সিস্টেম ইন বাংলাদেশ" প্রকল্প। |
| ০২। | ৩০/০৭/২০১৩<br>৫.৩ | বিশ্ববিদ্যালয়/কলেজ-এর হোস্টেলসমূহে প্রতি তলায় কমন রান্নাঘর, ডাইনিং রুম ও লন্ড্রি'র ব্যবস্থা রাখতে হবে। এ সংক্রান্ত একটি অনুশাসন শিক্ষা মন্ত্রণালয় জারী করবে। | শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।<br>"মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উন্নয়ন" প্রকল্প। |
| ০৩। | ১৩/০৮/২০১৩<br>১০.৩ | CETP স্থাপনের পাশাপাশি প্রদত্ত সিডিউল অনুযায়ী চামড়া শিল্প ইউনিটসমূহ প্রকল্প এলাকায় শিল্প মন্ত্রণালয় কর্তৃক স্থানান্তর নিশ্চিত করতে হবে। | শিল্প মন্ত্রণালয়।<br>"চামড়া শিল্পনগরী, ঢাকা (২য় সংশোধিত)" প্রকল্প। |
| ০৪। | ১৯/০৯/২০১৩<br>৫.৩ | (১) হাসপাতালে গরিব পঙ্গু রোগীদের চিকিৎসা সেবা প্রদানের জন্য হাসপাতালে একটি তহবিল (Trust Fund) গঠনের উদ্যোগ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় গ্রহণ করবে।<br>(২) রোটারী ইন্টারন্যাশনাল-এর নিকট হতে হাসপাতালের জন্য প্রতিশ্রুত ১০০ শয্যা প্রাপ্তির বিষয়ে মন্ত্রণালয় প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে। | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।<br>"Extension of National Institute of Traumatology & Orthopedic Rehabilitation" প্রকল্প। |
| ০৫। | ০১/১০/২০১৩<br>৬.৩ | দুর্গম এলাকার স্কুলে সোলার প্যানেলের ব্যবস্থা করতে হবে। | শিক্ষা মন্ত্রণালয়।<br>"নির্বাচিত বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়-সমূহের ভৌত অবকাঠামো উন্নয়ন (১ম সংশোধিত)" প্রকল্প। |

| ক্রঃ নং | সভার তারিখ ও সিদ্ধান্তের ক্রমিক নং | নির্দেশনা/অনুশাসন | সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ এবং প্রকল্পের নাম |
|---|---|---|---|
| | ৭.৩ | (১) প্রকল্পে প্রয়োজনীয় ভূমি অধিগ্রহণের কার্যক্রম প্রকল্পের ১ম ও ২য় বছরে সম্পন্ন করতে হবে। Resettlement Action Plan (RAP) কম্পোনেন্টের আওতায় ভূমি অধিগ্রহণের ফলে প্রকৃত ক্ষতিগ্রস্তদের পুনর্বাসনের ব্যবস্থা নিতে হবে। প্রকল্প এলাকায় ব্যাপক ভিত্তিক বনায়নের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(২) প্রকল্পের প্রস্তাবিত পোল্ডার নির্মাণের নকশা প্রণয়নের সময় পরিকল্পনা কমিশন ও আইএমইডিকে সম্পৃক্ত করতে হবে এবং চূড়ান্তকৃত নকশা অবগতির জন্য পরিকল্পনা কমিশনে প্রেরণ করতে হবে।<br>(৩) পোল্ডার নির্মাণের ফলে এর প্রভাব (লাভ/ক্ষতি) নির্ণয়ের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয় সমীক্ষা পরিচালনা করবে। | পানি সম্পদ মন্ত্রণালয়।<br>"Costal embankment Improvement Project Phase-I (CEIP-I) in Satkhira, Khulna, Bagerhat, Pirojpur, Barguna and Patuakhali District" প্রকল্প। |
| ০৬। | ০৮/১০/২০১৩<br>৯.৩ | সার কারখানাগুলোতে অগ্রাধিকারভিত্তিতে গ্যাস সরবরাহের ব্যবস্থা নিতে হবে। | বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ।<br>"বিএডিসি'র বিদ্যমান সার গুদামসূহের রক্ষণাবেক্ষণ, পুনর্বাসন ও সার ব্যবস্থাপনা কার্যক্রম জোরদারকরণ" প্রকল্প। |
| ০৭। | ২৯/১০/২০১৩<br>৮.৩ | প্রশিক্ষণ কেন্দ্রে পুরুষ ও মহিলাদের জন্য আলাদা টয়লেট নির্মাণ করতে হবে এবং প্রতিবন্ধী ও বয়োবৃদ্ধদের জন্য পৃথক বিশেষ টয়লেটের ব্যবস্থা রাখতে হবে। | কৃষি মন্ত্রণালয়।<br>"উপজেলা পর্যায়ে প্রযুক্তি হস্তান্তরের জন্য কৃষক প্রশিক্ষণ (২য় পর্যায়) (২য় সংশোধিত)" প্রকল্প। |
| ০৮। | ১৯/০১/২০১৪<br>৫.৩ | সকল প্রকল্পের নাম/শিরোনাম বাংলায় লিখতে হবে। বৈদেশিক সহায়তাপ্রাপ্ত প্রকল্পের ক্ষেত্রে প্রয়োজনে ব্রাকেটে ইংরেজীতে নাম দেয়া যেতে পারে। | সকল মন্ত্রণালয়/বিভাগ।<br>"হায়ার এডুকেশন কোয়ালিটি এনহ্যান্সমেন্ট প্রজেক্ট (এইচইকিউইপি) (৩য় সংশোধিত)"। |
| ০৯। | ২৬/০১/২০১৪<br>৭.৩ | ভবিষ্যতে জার্মান, জাপানিজ, চায়নিজসহ অন্যান্য ভাষায় ফ্রি-ল্যান্সিং/আউটসোর্সিং-এর উপর প্রশিক্ষণের ব্যবস্থা নিতে হবে। | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) বিভাগ।<br>"Learning & Earning Development" Project. |
| ১০। | ২৫/০২/২০১৪<br>৫.৩ | অটিস্টিক ও প্রতিবন্ধী শিশুদের জন্য শিশু পরিবার নির্মাণের লক্ষ্যে পৃথক প্রকল্প গ্রহণ করতে হবে। | সমাজকল্যাণ মন্ত্রণালয়।<br>"সরকারি শিশু পরিবারের হোস্টেল নির্মাণ (৮ ইউনিট)" প্রকল্প। |

| ক্রঃ নং | সভার তারিখ ও সিদ্ধান্তের ক্রমিক নং | নির্দেশনা/অনুশাসন | সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ এবং প্রকল্পের নাম |
|---|---|---|---|
| | ৬.৩ | রাজশাহী ও চট্টগ্রামে দু'টি মেডিকেল বিশ্ববিদ্যালয় স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় গ্রহণ করবে। | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।<br>"ইস্টাবলিশমেন্ট অব শেখ লুৎফর রহমান ডেন্টাল কলেজ, গোপালগঞ্জ" প্রকল্প। |
| ১১। | ১৫/০৪/২০১৪<br>৬.৩ | স্থানীয় সরকার বিভাগের নিকট স্থানান্তরিত করার কারণ, সড়কগুলোর বর্তমান অবস্থা কি, ইতঃপূর্বে এ সকল রাস্তার কোন নির্মাণ/মেরামত হয়েছিল কিনা, পুনরায় কেন রাস্তাগুলো নির্মাণ/মেরামতের প্রস্তাব করা হয়েছে, একই রাস্তার জন্য একাধিকবার অর্থ ব্যয়ের ব্যবস্থা করা হচ্ছে কিনা এ সকল বিষয়ে সড়ক বিভাগ এবং স্থানীয় সরকার বিভাগ প্রয়োজনীয় তদন্ত করে একনেক সভায় পৃথকভাবে বিস্তারিত প্রতিবেদন উপস্থাপন করবে। | সড়ক পরিবহণ ও মহাসড়ক বিভাগ এবং স্থানীয় সরকার বিভাগ।<br>"সওজ অধিদপ্তর হতে স্থানান্তরিত ১১৫টি সড়ক উন্নয়ন" প্রকল্প। |
| ১২। | ২৯/০৪/২০১৪<br>৭.৩ | জেলা পর্যায়ের অফিস ভবনসমূহ বিভিন্ন জায়গায় বিচ্ছিন্নভাবে স্থাপন না করে এক জায়গায় বহুতল ভবন নির্মাণের মাধ্যমে একই ভবনে অনেকগুলো অফিস স্থাপনের ব্যবস্থা নিতে হবে। | সকল মন্ত্রণালয়/বিভাগ।<br>"সদর দপ্তর ও জেলা কার্যালয় স্থাপনের মাধ্যমে শিক্ষা প্রকৌশল অধিদপ্তর শক্তিশালীকরণ" প্রকল্প। |
| ১৩। | ১৭/০৬/২০১৪<br>৫.৩ | জমি অধিগ্রহণের ক্ষেত্রে যতটুকু অধিগ্রহণ না করলেই নয় ঠিক ততটুকু জমি অধিগ্রহণ করতে হবে। | সকল মন্ত্রণালয়/বিভাগ।<br>"Flood and Riverbank Erosion Risk Management Investment Program (Tranche-l)" Project. |
| | ১১.১ | ঘাসিয়ার খালসহ অন্যান্য নদী বা খাল হতে খননকৃত মাটি/বালি দেশের চাহিদা পূরণ করার পাশাপাশি বিদেশেও রপ্তানির উদ্যোগ গ্রহণ করা যেতে পারে। | বাণিজ্য মন্ত্রণালয় এবং পানি সম্পদ মন্ত্রণালয়।<br>বিবিধ আলোচনা। |
| | | যতটুকু সম্ভব রেগুলেটর এবং স্লুইস গেইট নির্মাণের প্রবণতা পরিহার করতে হবে। প্রকৃতির স্বাভাবিক পরিবেশকে কাজে লাগিয়ে নিয়মিত নদীর ড্রেজিং ও নদী শাসনের প্রতি গুরুত্ব দিতে হবে। | পানি সম্পদ মন্ত্রণালয়।<br>বিবিধ আলোচনা। |
| ১৪। | ২৪/০৬/২০১৪<br>৯.১ | (১) টোল আদায়ের নীতিমালা অনুযায়ী টোলযোগ্য সেতু নির্মাণ-এর ক্ষেত্রে Pre-Paid Electronic Card ব্যবহারের মাধ্যমে স্বয়ংক্রিয়ভাবে টোল আদায়ের ব্যবস্থা রাখতে হবে।<br>(২) সেতুর ধারণ ক্ষমতা সম্পন্ন যানবাহন চলাচলের লক্ষ্যে নতুন নির্মিত সেতুর ক্ষেত্রে Weighing Machine-এর ব্যবস্থা রাখতে হবে। | সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সড়ক পরিবহণ ও মহাসড়ক বিভাগ।<br>"পাগলা-জগন্নাথপুর-রাণীগঞ্জ-আউশকান্দি মহাসড়কের রাণীগঞ্জ কুশিয়ারা নদীর উপর সেতু নির্মাণ" প্রকল্প। |

| ক্রঃ নং | সভার তারিখ ও সিদ্ধান্তের ক্রমিক নং | নির্দেশনা/অনুশাসন | সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ এবং প্রকল্পের নাম |
|---|---|---|---|
| | ১০.১ | পাঁচ বছরের পুরাতন গাড়ীগুলোর বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের লক্ষ্যে মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়ের তত্ত্বাবধানে সংশ্লিষ্ট সচিবগণের সমন্বয়ে একটি কমিটি গঠন করতে হবে। উক্ত কমিটি সভা আহবানের মাধ্যমে এ সমস্যা সমাধানের জন্য প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করবেন। | প্রধানমন্ত্রীর কার্যালয়।<br>বিবিধ আলোচনা-৩। |

৪—

বিষয়ঃ ২০১৪-২০১৫ অর্থ-বছরে একনেক সভাসমূহে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত নির্দেশনা/অনুশাসনসমূহ

| ক্রঃ নং | সভার তারিখ ও সিদ্ধান্তের ক্রমিক নং | নির্দেশনা/অনুশাসন | সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ এবং প্রকল্পের নাম |
|---|---|---|---|
| ০১। | ০১/০৭/২০১৪<br>৮.৩ | জবাবদিহিতা নিশ্চিত করার লক্ষ্যে সমবায় ভবন নির্মাণ সংক্রান্ত কর্মসূচিটি পর্যালোচনাপূর্বক মূল্যায়ন করতে হবে এবং মূল্যায়নে দায়ী ব্যক্তিবর্গের বিরুদ্ধে কি কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে তা জরুরিভিত্তিতে মাননীয় প্রধানমন্ত্রী, মাননীয় পরিকল্পনা মন্ত্রী, পরিকল্পনা কমিশন, পরিকল্পনা বিভাগের একনেক ও আইএমইডিকে অবহিত করতে হবে। | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।<br>“সোলার প্যানেল স্থাপনসহ সমবায় ভবনের অসমাপ্ত অংশের ভৌত নির্মাণ” প্রকল্প। |
| | ১০.১ | (১) নগর উন্নয়ন সংক্রান্ত সকল প্রকল্পে বর্জ্য ব্যবস্থাপনার বিষয়টি বিশেষ গুরুত্বসহকারে অন্তর্ভুক্ত করতে হবে। বর্জ্য ব্যবস্থাপনার জন্য কি কি কার্যক্রম গ্রহণ করা হবে তা সুনির্দিষ্ট অর্থ বরাদ্দসহ ডিপিপি’তে উল্লেখ থাকতে হবে।<br>(২) উপজেলা সংক্রান্ত মাস্টার প্ল্যান-এ বর্জ্য ব্যবস্থাপনার বিষয়টি গুরুত্বসহকারে অন্তর্ভুক্ত করতে হবে। | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ।<br>বিবিধ আলোচনা-১ |
| | ১১.১ | সিটি কর্পোরেশনগুলোর বর্জ্য ব্যবস্থাপনা কার্যক্রমসহ চলমান নগর উন্নয়ন প্রকল্পসমূহে বর্জ্য ব্যবস্থাপনার উপর কি কি কার্যক্রম গ্রহণ করা হয়েছে তার অগ্রগতি সংক্রান্ত সচিত্র প্রতিবেদন একনেক সভায় উপস্থাপন করতে হবে। স্থানীয় সরকার বিভাগ উক্ত প্রতিবেদন প্রণয়ন করবে। | স্থানীয় সরকার বিভাগ।<br>বিবিধ আলোচনা-২ |
| ০২। | ১৫/০৭/২০১৪<br>১১.১ | আগামী একনেক সভা হতে ২/৩টি মন্ত্রণালয়ের চলমান প্রকল্পের অগ্রগতি নিয়ে আলোচনা করা হবে। আইএমইডি এ ক্ষেত্রে প্রয়োজনীয় সাচিবিক সহায়তা প্রদান করবেন। | পরিকল্পনা মন্ত্রণালয়, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ণ বিভাগ।<br>বিবিধ আলোচনা-১ |
| | ১২.১ | সেচ কার্য পরিচালনার জন্য যেখানে ভূ-গর্ভস্থ পানি ব্যবহার করা হয় সেখানে সোলার প্যানেল পাম্প স্থাপনের উদ্যোগ গ্রহণ করতে হবে। একটি আন্ত:মন্ত্রণালয় সভার মাধ্যমে সোলার প্যানেল স্থাপনের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, কৃষি মন্ত্রণালয়; স্থানীয় সরকার বিভাগ; বিদ্যুৎ বিভাগ।<br>বিবিধ আলোচনা-২ |
| ০৩। | ১২/০৮/২০১৪<br>৬.৩ | (১) হাতে কলমে কারিগরি প্রশিক্ষণে মহিলাদেরকে গুরুত্ব দিয়ে বিটাকের কার্যক্রম সম্প্রসারণপূর্বক আত্ম-কর্মসংস্থান সৃষ্টি ও দারিদ্র বিমোচন (২য় সংশোধিত)” শীর্ষক প্রকল্পটির সকল কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে।<br>(২) আলোচ্য প্রকল্পটি নির্ধারিত সময়ের মধ্যে শেষ হওয়ার পূর্বেই প্রকল্পের কার্যক্রম বিটাকের মাধ্যমে স্থায়ীভাবে চালু করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | শিল্প মন্ত্রণালয়।<br>“হাতে কলমে কারিগরি প্রশিক্ষণে মহিলাদেরকে গুরুত্ব দিয়ে বিটাকের কার্যক্রম সম্প্রসারণপূর্বক আত্ম-কর্মসংস্থান সৃষ্টি ও দারিদ্র বিমোচন (২য় সংশোধিত)” প্রকল্প। |

| ক্রঃ নং | সভার তারিখ ও সিদ্ধান্তের ক্রমিক নং | নির্দেশনা/অনুশাসন | সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ এবং প্রকল্পের নাম |
|---|---|---|---|
| | ৮.৩ | হাওর অঞ্চলের প্রকল্প এলাকায় খাদ্য প্রক্রিয়াজাতকরণ, শামুক, কাঁকড়া ইত্যাদির চাষ এবং ছোট ছোট শিল্প গড়ে তোলার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ।<br>"হাওর অঞ্চলে বন্যা ব্যবস্থাপনা ও জীবনমান উন্নয়ন (এলজিইডি পার্ট)" প্রকল্প। |
| ০৪। | ২৬/০৮/২০১৪<br>৭.৩ | (১) স্বেচ্ছাসেবক কর্মীদের জন্য অগ্নিনির্বাপক সংক্রান্ত দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কার্যক্রম বরাদ্দসহ প্রকল্প দলিলে অন্তর্ভুক্ত করতে হবে।<br>(২) আগুন লাগলে কি করণীয় এ বিষয়ে বিভিন্ন গণমাধ্যমে ব্যাপক প্রচার প্রচারণার এবং কার্যক্রম প্রকল্প দলিলে অন্তর্ভুক্ত করতে হবে।<br>(৩) আগুন লাগলে কি করণীয় এ বিষয়ে স্কুল ও গার্মেন্টসে প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণের কার্যক্রম প্রকল্প দলিলে অন্তর্ভুক্ত করতে হবে। | স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সুরক্ষা সেবা বিভাগ।<br>"৪০ ফুট দৈর্ঘ্য বিশিষ্ট এয়ার ব্রিদিং ও গ্যাস ফায়ার্ড ফায়ার ফাইটিং ট্রেনিং গ্যালারী এবং ঘাটতি ফায়ার ফাইটিং রেসকিউ সরঞ্জাম সংগ্রহ" প্রকল্প। |
| | ৮.২ | Anaesthetist গণের অপ্রতুলতা দূর করার লক্ষ্যে নার্সদের Anaesthesia বিষয়ে Intensive প্রশিক্ষণের মাধ্যমে প্রয়োজনীয় সহায়ক জনশক্তি তৈরী করতে হবে। এ বিষয়ে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবেন। | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।<br>"স্বাস্থ্য জনসংখ্যা এবং পুষ্টি সেক্টর উন্নয়ন কর্মসূচী (HPNSDP)-এর ২০১২-২০১৩ অর্থ-বছরের Annual Program Implementation Report (APIR) 2013"। |
| ০৫। | ২১/১০/২০১৪<br>৭.৩ | (১) প্রয়োজন অনুযায়ী বিদ্যুৎ চালিত এবং সোলার প্যানেল চালিত পাম্প এর সংস্থান রাখতে হবে। তবে এ ক্ষেত্রে বিদ্যুৎ এবং সোলার পাম্পের মধ্যে মূল্য সাশ্রয়ী পাম্প স্থাপনের বিষয়ে অধিক গুরুত্ব দিতে হবে।<br>(২) কৃষি জমি অপচয় রোধে সোলার প্যানেল, পাম্প হাউসের উপরে অথবা প্রয়োজন অনুযায়ী ভূ-উপরিস্থ সেচ নালার উপরে স্থাপন করতে হবে, যাতে কোন ক্রমেই সোলার প্যানেল স্থাপনের জন্য কৃষি জমির অপচয় না হয়। | কৃষি মন্ত্রণালয়।<br>"সিলেট বিভাগ ক্ষুদ্র সেচ উন্নয়ন" প্রকল্প। |
| ০৬। | ১৮/১১/২০১৪<br>৬.৩ | ঢাকার মিরপুরের বেনারসী পল্লী ঢাকার বাইরে খোলামেলা পরিবেশে স্থানান্তর করতে হবে। সেখানে তাদের জন্য ঘরবাড়ি, শিশুদের জন্য স্কুল ও কলেজের ব্যবস্থা থাকতে হবে এবং উন্নত পরিবেশ সৃষ্টির মাধ্যমে তাঁদের উৎপাদন ক্ষমতা বৃদ্ধির উদ্যোগ গ্রহণ করতে হবে। বস্ত্র ও পাট মন্ত্রণালয় এ বিষয়ে জরুরিভিত্তিতে প্রকল্প গ্রহণের মাধ্যমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | বস্ত্র ও পাট মন্ত্রণালয়।<br>"তাঁত বস্ত্রের উন্নয়নে ফ্যাশন ডিজাইন, ট্রেনিং ইনস্টিটিউট ও ১টি বেসিক সেন্টার স্থাপন (২য় সংশোধিত" প্রকল্প। |

| ক্রঃ নং | সভার তারিখ ও সিদ্ধান্তের ক্রমিক নং | নির্দেশনা/অনুশাসন | সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ এবং প্রকল্পের নাম |
|---|---|---|---|
| | ১০.৩ | ভবিষ্যতে প্রতিবন্ধীদের জন্য নির্মিতব্য সকল স্থাপনাতে Ramp এবং প্রতিবন্ধী বান্ধব টয়লেটের সংস্থান রাখতে হবে এবং এ বিষয়ে স্থাপত্য অধিদপ্তর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | সমাজ কল্যান মন্ত্রণালয় এবং গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।<br>"দৃষ্টিপ্রতিবন্ধী শিশুদের জন্য হোস্টেল নির্মাণ (১ম সংশোধিত" প্রকল্প। |
| | ১৪.২ | উপজেলা, জেলা, বিভাগ এবং ঢাকায় কেন্দ্রীয় পর্যায়ে অফিস ভবন নির্মাণের বিষয়ে একটি সমন্বিত পরিকল্পনা গ্রহণ করতে হবে। যাতে সকল সরকারি অফিসগুলো একই ভবনে স্থাপনের ব্যবস্থা করা যায়। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ সমন্বিত পরিকল্পনার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এবং মন্ত্রিপরিষদ বিভাগ।<br>"কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর আধুনিকায়ন ও শক্তিশালীকরণ এবং ০৯ জেলা কার্যালয় স্থাপন (১ম সংশোধিত)" প্রকল্প। |
| ০৭। | ০৯/১২/২০১৪<br>৮.৩ | (১) ঢাকা ও এর আশে-পাশের নদীগুলো দুষণমুক্ত করার লক্ষ্যে শহরের সুয়্যারেজ লাইন, Treatment প্ল্যান্ট ইত্যাদি কার্যক্রম সম্বলিত একটি প্রকল্প জরুরিভিত্তিতে প্রণয়ন করতে হবে।<br>(২) হাতিরঝিলে যাতে কোন সুয়্যারেজ-এর লাইন উন্মুক্ত না থাকে, সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ।<br>"ঢাকা ওয়াটার সাপ্লাই এন্ড স্যানিটেশন (১ম সংশোধিত)" প্রকল্প। |
| ০৮। | ৩০/১২/২০১৪<br>৬.৩ | (১) শিল্প প্রতিষ্ঠান, কল কারখানা, সিএনজি ষ্টেশন ইত্যাদিতে অত্যাধুনিক প্রি-পেইড গ্যাস মিটার স্থাপনের জন্য জরুরিভিত্তিতে একটি প্রকল্প গ্রহণ করতে হবে। পেট্রোবাংলা এ বিষয়ে জরুরিভিত্তিতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে।<br>(২) গ্যাস কোথায় কোথায় বেশি ব্যবহৃত হয় এবং কোথায় সিস্টেম লস হয় তা পরীক্ষা করে সেখানে জরুরিভিত্তিতে প্রি-পেইড গ্যাস মিটার বসানোর উদ্যোগ গ্রহণ করতে হবে। এ বিষয়ে পেট্রোবাংলা প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করে এর বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত প্রতিবেদন আগামী এক মাসের মধ্যে জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ এবং পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টরের মাধ্যমে এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগে প্রেরণ করবে। | বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ।<br>"Natural Gas Energy Efficiency Project (Installation of Prepaid Gas Meter of KGDCL)" প্রকল্প। |
| | ৯.৩ | দেশের প্রতিটি জেলায় যাতে একজনও গৃহহীন, আশ্রয়হীন না থাকে সে জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের নির্দেশ দিয়ে মাননীয় প্রধানমন্ত্রী'র কার্যালয় হতে একটি পত্র সকল জেলা প্রশাসকদের নিকট প্রেরণ করতে হবে। | স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ এবং প্রধানমন্ত্রীর কার্যালয়।<br>"Economic Empowerment of the Poorest in Bangladesh (EEP) 2nd Revised" প্রকল্প। |

| ক্রঃ নং | সভার তারিখ ও সিদ্ধান্তের ক্রমিক নং | নির্দেশনা/অনুশাসন | সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ এবং প্রকল্পের নাম |
|---|---|---|---|
| ০৯। | ০৬/০১/২০১৫<br>৫.৩ | ভবিষ্যতে মহাসড়কে বাইপাস সড়ক নির্মাণ করতে হলে সড়ক নির্মাণের জন্য জমি অধিগ্রহণ ক্ষতিপূরণ, জমিতে মাটি ভরাট, আনুষঙ্গিক অন্যান্য কাজসহ বাইপাস সড়কের নির্মাণ ব্যয় এবং তার পরিবর্তে সেখানে Elevated Way নির্মাণের জন্য নির্মাণ ব্যয়ের একটি তুলনামূলক সমীক্ষা করতে হবে। সড়ক ও জনপথ অধিদপ্তর জরুরিভিত্তিতে উক্ত সমীক্ষা প্রণয়নপূর্বক মন্ত্রণালয়, সংশ্লিষ্ট সেক্টর, এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগে প্রেরণ করবে। উক্ত সমীক্ষারভিত্তিতে বাইপাস অথবা Elevated Way নির্মাণের প্রকল্প প্রণয়ন করতে হবে। | সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়,<br>সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ<br>"কুষ্টিয়া শহর বাইপাস সড়ক নির্মাণ (১ম সংশোধিত)" প্রকল্প। |
| ১০। | ১৩/০১/২০১৫<br>৯.৩ | ভবিষ্যতে বিশ্ববিদ্যালয় বা কলেজগুলোতে হোস্টেল নির্মাণের সময় ছাত্র-ছাত্রীদের জন্য সম-আসনের হোস্টেল নির্মাণ করতে হবে। | শিক্ষা মন্ত্রণালয়।<br>"বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের বিশেষ উন্নয়ন" প্রকল্প। |
| ১১। | ০৩/০২/২০১৫<br>৭.৩ | দেশের সকল জাতীয় মহাসড়কের পাশে একটু নীচুতে কম গতির যানবাহন (রিক্সা, ভ্যান ইত্যাদি) চলাচলের জন্য আলাদা সড়কের ব্যবস্থা করতে হবে। সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ প্রজ্ঞাপন জারী করে এ বিষয়টির বাস্তবায়ন নিশ্চিত করবেন। | সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়,<br>সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।<br>"গৌরীপুর-হোমনা সড়কটি কুমিল্লা-সিলেট হাইওয়ে পর্যন্ত সম্প্রসারণ" প্রকল্প। |
| | ১০.৩ | প্রকল্প এলাকা বিশেষ করে সুন্দরবন ম্যানগ্রোভ ফরেস্ট এবং খুলনার ভূ-উপরিস্থ পানির লবনাক্ততা হ্রাসের লক্ষ্যে প্রতি বছরই ক্যাপিটাল ড্রেজিং ও মেইনটেন্যান্স ড্রেজিং এর প্রয়োজনীয়তা রয়েছে। এ প্রেক্ষিতে পরবর্তীতে প্রকল্পের মাধ্যমে এ কার্যক্রম না করে প্রয়োজনীয় অর্থ বরাদ্দসহ স্থায়ীভাবে প্রতি বছর ড্রেজিং-এর ব্যবস্থা করতে হবে। | পানি সম্পদ মন্ত্রণালয়।<br>"গড়াই নদী পুনরুদ্ধার প্রকল্প (২য় পর্যায়) (১ম সংশোধিত)" প্রকল্প। |
| ১২। | ১০/০২/২০১৫<br>১২.২ | দেশের উপজেলা সদরে সরকারি অফিসারদের জন্য সরকারের নিজস্ব জায়গায় বহুতল বিশিষ্ট আবাসিক ভবন নির্মাণ সংক্রান্ত একটি উন্নয়ন প্রকল্প গ্রহণ করতে হবে। এ বিষয়ে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে। | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।<br>বিবিধ-১<br>"সরকারি বিদ্যালয়বিহীন ৩১৫টি উপজেলা সদরে অবস্থিত নির্বাচিত বেসরকারি বিদ্যালয়সমূহকে মডেল বিদ্যালয়ে রূপান্তর (২য় সংশোধিত)" প্রকল্প। |
| | ১৩.২ | বরিশালে মুরগি চাষের যে কার্যক্রম বন্ধ রয়েছে তা পুনরায় চালু করার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। উক্ত এলাকায় মুরগি চাষের পাশাপাশি হাঁস চাষের উদ্যোগ গ্রহণ করতে হবে। | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।<br>বিবিধ-২<br>"দেশী মুরগি সংরক্ষণ ও উন্নয়ন" প্রকল্প। |

| ক্রঃ নং | সভার তারিখ ও সিদ্ধান্তের ক্রমিক নং | নির্দেশনা/অনুশাসন | সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ এবং প্রকল্পের নাম |
|---|---|---|---|
| ১৩। | ১৭/০২/২০১৫ ৫.৪ | প্রাইভেট সেক্টর বা পিপিপি-এর মাধ্যমে বাংলাদেশে প্রি-পেইড গ্যাস মিটার তৈরির ব্যবস্থা গ্রহণ করতে হবে। প্রস্তাবনা পাওয়া গেলে প্রাইভেট সেক্টরকে এ বিষয়ে সরকার হতে সহায়তা প্রদান করতে হবে। শিল্প মন্ত্রণালয় এ বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে। | শিল্প মন্ত্রণালয় এবং জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ।<br>“প্রি-পেইড গ্যাস মিটার স্থাপন (Installation of Prepaid Gas Meter for TGTDCL)” প্রকল্প। |
| ১৪। | ০৩/০৩/২০১৫ ৫.৪ | বিনিয়োগ বোর্ড ও প্রাইভেটাইজেশন বোর্ড একীভুতকরণের প্রয়োজনীয় কার্যক্রম দুত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। | প্রধানমন্ত্রীর কার্যালয়,<br>প্রাইভেটাইজেশন কমিশন, বিনিয়োগ বোর্ড।<br>“বিনিয়োগ বোর্ড ভবন নির্মাণ (১ম সংশোধিত)” প্রকল্প। |
| | ৯.৪ | পানি ব্যবহারে জনগণকে অধিক মিতব্যয়ী হওয়ার জন্য আরও প্রচার/প্রচারণার প্রয়োজন রয়েছে। এক লিটার পানি শোধন করতে কি পরিমাণ ব্যয় হয়ে থাকে তা বিজ্ঞাপনের মাধ্যমে সাধারণ জনগণকে অবহিত করতে হবে। তবে বিজ্ঞাপন যাতে বোধগম্য হয় সেভাবে প্রচার করা প্রয়োজন। স্থানীয় সরকার বিভাগের মাধ্যমে ঢাকা ওয়াসা বিজ্ঞাপনটি নির্মাণের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ।<br>“সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-২ এর বিদ্যুৎ সরবরাহ স্থিতিশীল রাখার জন্য ৩৩/১১ কেভি ইলেকট্রিক্যাল সাব-স্টেশন সরবরাহ ও স্থাপন কাজ” প্রকল্প। |
| ১৫। | ২৪/০৩/২০১৫ ৫.৪ | রাজশাহী অঞ্চলের বিদ্যুৎ সুষ্ঠুভাবে বিতরণের জন্য কোম্পানি গঠনের সকল কার্যক্রম জরুরিভিত্তিতে সম্পন্ন করতে হবে। এছাড়াও ময়মনসিংহ-সিলেট অঞ্চলে বিদ্যুৎ বিতরণের জন্য কোম্পানি গঠনের উদ্যোগ গ্রহণ করতে হবে। | বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বিদ্যুৎ বিভাগ।<br>“বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা উন্নয়ন প্রকল্প, রাজশাহী জোন”। |
| | ৬.৪ | ইভেন্ট ম্যানেজমেন্ট, হোটেল ম্যানেজমেন্ট, হাউজ কিপিং ইত্যাদি বিষয়সমূহে উচ্চতর ডিগ্রী প্রদানের জন্য ইনস্টিটিউট প্রতিষ্ঠা করার লক্ষ্যে জরুরিভিত্তিতে একটি প্রকল্প গ্রহণের উদ্যোগ গ্রহণ করতে হবে। যৌথভাবে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় এবং বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় এ প্রস্তাবিত ইনস্টিটিউটের বাস্তবায়নকারী মন্ত্রণালয় হিসেবে কাজ করবে। | বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় এবং প্রবাসী কল্যান ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।<br>“জামালপুর টেক্সটাইল ইনষ্টিটিউট স্থাপন” প্রকল্প। |
| ১৬। | ৩১/০৩/২০১৫ ৫.৪ | ভবিষ্যতে বৃহৎ ব্রিজ (রেল ও সড়ক) নির্মাণ পরিকল্পনার সময় বহুমাত্রিক উদ্দেশ্যের (গ্যাস, বিদ্যুৎ ইত্যাদি) সংস্থান রেখে ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সেতু বিভাগ এবং বিদ্যুৎ জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়।<br>“বাংলাদেশ (ভেড়ামারা)-ভারত (বহরমপুর) বিদ্যমান গ্রীড আন্তঃসংযোগের ক্ষমতা বর্ধিতকরণ (৫০০ মেগাওয়াট)” প্রকল্প। |

| ক্রঃ নং | সভার তারিখ ও সিদ্ধান্তের ক্রমিক নং | নির্দেশনা/অনুশাসন | সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ এবং প্রকল্পের নাম |
|---|---|---|---|
| | ৭.৪ | (১) শিল্প নগরী প্রতিষ্ঠার পরিকল্পনায় মহাসড়কের পাশে একটি বাইপাস সড়ক নির্মাণ করে মালামাল আনা নেয়ার জন্য ব্যবস্থা রাখতে হবে। যাতে শিল্প নগরীর মালামাল পরিবহনের জন্য মহাসড়কে কোন যানজটের সৃষ্টি না হয়।<br>(২) যে সকল প্রবাসী বাংলাদেশি রেস্টুরেন্ট ব্যবসার সাথে জড়িত তাঁদেরকে খাদ্য প্রক্রিয়াজাতকরণ শিল্প প্রতিষ্ঠার জন্য উৎসাহিত করতে হবে। এছাড়া যারা আগর শিল্প প্রতিস্থা করতে চান তাঁদের প্লট বরাদ্দে অগ্রাধিকার দিতে হবে। | শিল্প মন্ত্রণালয়।<br>"বিসিক শিল্প নগরী, শ্রীমঙ্গল (১ম সংশোধিত)" প্রকল্প। |
| ১৭। | ০৭/০৪/২০১৫<br>৫.৪ | (১) সড়ক ব্যবহারের ক্ষেত্রে ১০ চাকার লরি/ট্রাক, বডির উচ্চতা, লরি/ট্রাকের নির্ধারিত ওজন ইত্যাদি বিষয়াদির সুনির্দিষ্ট দিক নির্দেশনা সম্বলিত একটি নির্দেশনা পত্র সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের মাধ্যমে জারি করতে হবে। উক্ত নির্দেশনা অমান্য করলে পণ্যবাহী ট্রাক/লরির রেজিস্ট্রেশন, রুট পারমিট, ড্রাইভিং লাইসেন্স বাতিল, জরিমানা ইত্যাদি বিষয়াদিও নির্দেশনা পত্রে থাকতে হবে।<br>(২) নৌ-পরিবহন মন্ত্রণালয় ভোলাগঞ্জ ও ছাতক হতে নৌপথে পাথর পরিবহন করার বিষয়টির সম্ভাব্যতা যাচাই করবে। | সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং নৌ-পরিবহন মন্ত্রণালয়।<br>"বিমানবন্দর বাইপাস ইন্টারসেকশন-লালবাগ-সালুটিকর-কোম্পানীগঞ্জ-ভোলাগঞ্জ সড়ককে জাতীয় মহাসড়কে উন্নীতকরণ" প্রকল্প। |
| ১৮। | ০৫/০৫/২০১৫<br>৫.২ | প্রস্তাবিত বিমানবন্দরের পাশে দু'টি হোটেল নির্মাণের লক্ষ্যে (একটি পাঁচ তারা মানের এবং অপরটি ইকনমিক হোটেল) জমি অধিগ্রহণসহ প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্ন করে প্রকল্প প্রস্তাব দ্রুত প্রক্রিয়াকরণের উদ্যোগ গ্রহণ করতে হবে। | বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়।<br>"খানজাহান আলী বিমান বন্দর নির্মাণ" প্রকল্প। |
| | ৯.২ | মহিলাদের সময় কাটানোর জন্য আলাদা কর্ণার, শিশুদের পড়ার জন্য আলাদা কর্ণার, ছেলে/মেয়ে ও প্রতিবন্ধীদের জন্য আলাদা টয়লেট, সাইবার ক্যাফে, ডিপার্টমেন্টাল স্টোর, বুক সপ, জিম ইত্যাদির সংস্থান পাবলিক লাইব্রেরীগুলোতে থাকতে হবে। এছাড়াও ঢাকাসহ দেশের অন্যান্য পাবলিক লাইব্রেরীগুলোতে পর্যায়ক্রমে অটোমেশনের মাধ্যমে ই-লাইব্রেরীর ব্যবস্থা চালু করতে হবে। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।<br>"ছয়টি জেলা পাবলিক লাইব্রেরীর উন্নয়ন" প্রকল্প। |
| ১৯। | ১২/০৫/২০১৫<br>৫.২ | (১) দেশের প্রতিটি বিসিক শিল্প নগরীতে জলাধারের সংস্থান রাখতে হবে, যাতে বৃষ্টির পানি ধরে রাখা যায়। পরবর্তীতে জরুরি প্রয়োজনে, অগ্নি নির্বাপনে এবং পরিশোধন করে অন্যান্য কাজে ব্যবহার করতে হবে।<br>(২) শিল্প নগরীর পাশে শ্রমিকদের আবাসনের ব্যবস্থা করতে হবে। এ বিষয়ে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | শিল্প মন্ত্রণালয় এবং গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।<br>"বিসিক শিল্প নগরী, মিরসরাই (২য় সংশোধিত)" প্রকল্প। |

| ক্রঃ নং | সভার তারিখ ও সিদ্ধান্তের ক্রমিক নং | নির্দেশনা/অনুশাসন | সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ এবং প্রকল্পের নাম |
|---|---|---|---|
| | ১০.৪ | (১) ভবিষ্যতে যে কোন বিশ্ববিদ্যালয়ে/কলেজে হোস্টেল নির্মাণ করা হলে ছাত্র/ছাত্রীদের জন্য সমান সমান আসনের হোস্টেল নির্মাণ করতে হবে।<br>(২) বিশ্ববিদ্যালয়গুলোতে ছাত্র-ছাত্রীর সংখ্যা সীমিত করতে হবে। পাবলিক কলেজগুলোকে পাবলিক বিশ্ববিদ্যালয়ের আওতায় এবং প্রাইভেট কলেজগুলোকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের আওতায় এ্যাফিলিয়েটেড করার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | শিক্ষা মন্ত্রণালয় এবং বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন।<br>"বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ে কৃষি অর্থনীতি ও গ্রামীণ উন্নয়ন অনুষদের ভৌত ও অন্যান্য সুযোগ সুবিধাদি সৃষ্টি" প্রকল্প। |
| | ১৩.২ | পার্বত্য চট্টগ্রাম এলাকায় প্রকল্পটি বাস্তবায়নের পূর্বে এবং বাস্তবায়ন পর্যায়ে পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদকে আরও কার্যকরভাবে সম্পৃক্ত করতে হবে। | ভূমি মন্ত্রণালয়।<br>"জাতীয় ভূমি জোনিং (২য় পর্যায়), (২য় সংশোধিত)" প্রকল্প। |
| ২০। | ১৯/০৫/২০১৫<br>৫.২ | শিল্প নগরী প্রতিষ্ঠা, হাউজিং প্লট ইত্যাদি প্রকল্প প্রণয়নের সময় আবশ্যিকভাবে জলাধারের সংস্থান রাখতে হবে, যাতে জলাধারে বৃষ্টির পানি সংরক্ষণ করা যায়। পরবর্তীতে বৃষ্টির পানি জরুরি প্রয়োজনে, অগ্নি নির্বাপনে এবং পরিশোধন করে অন্যান্য কাজে ব্যবহার করতে হবে। | প্রধানমন্ত্রীর কার্যালয়, শিল্প মন্ত্রণালয় এবং গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।<br>"রাজশাহী কল্পনা সিনেমা হল থেকে তালাইমারী মোড় পর্যন্ত সড়ক প্রশস্তকরণ ও উন্নয়ন" প্রকল্প। |
| | ৬.২ | পরিকল্পনা কমিশনের ভৌত অবকাঠামো বিভাগ বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার একটি স্ট্যান্ডার্ড ও একক রেট সিডিউল প্রণয়নের লক্ষ্যে সমন্বয়কের কাজ করবে। | ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন।<br>"বাবুরহাট-মতলব-পেন্নাই সড়ক উন্নয়ন (২য় পর্যায়) (১ম সংশোধিত)" প্রকল্প। |
| | ৯.২ | "গরু মোটাতাজাকরণ" ব্যবহারের পরিবর্তে "গরু পুষ্টিকরণ" বা "গরু হৃষ্টপুষ্টকরণ" এ জাতীয় নাম ব্যবহার করা যেতে পারে। মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় এ পরিবর্তনে প্রয়োজনীয় ব্যবস্থা এবং ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণ করবেন। | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।<br>"দক্ষিণ-পশ্চিমাঞ্চলীয় প্রাণিসম্পদ উন্নয়ন" প্রকল্প। |
| | ১০.২ | চর/ডুবোচর, নদীর গতিপথ পরিবর্তন ইত্যাদি মনিটরিং এর ক্ষেত্রে স্যাটেলাইট ইমেজের ব্যবহারের মাত্রা সম্প্রসারণ করা যেতে পারে। | পানি সম্পদ মন্ত্রণালয়।<br>"কুড়িগ্রাম জেলার ভুরুঙ্গামারী উপজেলাধীন সোনাহাট ব্রিজের সন্নিকটে দুধকুমার নদীর ভাঙ্গন হতে ভুরুঙ্গামারী-মাদারগঞ্জ সড়ক রক্ষা এবং উলিপুর উপজেলার গুনাইগাছ হতে বজরা সিনিয়র মাদ্রাসা পর্যন্ত তিস্তা নদীর বাম তীর সংরক্ষণ (১ম সংশোধিত)" প্রকল্প। |

| ক্রঃ নং | সভার তারিখ ও সিদ্ধান্তের ক্রমিক নং | নির্দেশনা/অনুশাসন | সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ এবং প্রকল্পের নাম |
|---|---|---|---|
| | ১১.২ | নদী তীর সংরক্ষণ, নদী ড্রেজিং, বাঁধ পুনরাকৃতিকরণ ইত্যাদি কাজ শীতকালে শুষ্ক মৌসুমে করতে হবে। এ বিষয়ে পানি সম্পদ মন্ত্রণালয় এবং নৌ-পরিবহন মন্ত্রণালয়কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। এছাড়া প্রকল্প চলাকালীন তদারকী আরো জোরদার করতে হবে। | পানি সম্পদ মন্ত্রণালয় এবং নৌ-পরিবহন মন্ত্রণালয়।<br>"সিরাজগঞ্জ জেলার সিরাজগঞ্জ সদর ও কাজীপুর উপজেলায় যমুনা নদীর ডান তীর সংরক্ষণ প্রকল্প (১ম সংশোধিত)" প্রকল্প। |
| ২১। | ২৬/০৫/২০১৫<br>১০.২ | (১) এ জাতীয় সকল প্রকল্পে উৎপাদিত পণ্যের বাজারজাতকরণ ব্যবস্থা থাকতে হবে।<br>(২) ক্ষুদ্র শিল্প ও খাদ্য প্রক্রিয়াজাতকরণ শিল্প প্রতিষ্ঠা করার দিকে অধিক গুরুত্ব প্রদান করতে হবে। | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় এবং শিল্প মন্ত্রণালয়।<br>"হ্যাচারীসহ আঞ্চলিক হাঁস প্রজনন খামার স্থাপন (৩য় পর্যায়)(২য় সংশোধিত)" প্রকল্প। |
| | ১২.২ | বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড (মিল্ক ভিটা)-কে লাভজনক প্রতিষ্ঠানে পরিণত করার লক্ষ্যে নজরদারী আরও বাড়াতে হবে। মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।<br>"সিরাজগঞ্জের বাঘাবাড়ি ঘাটে গুঁড়ো দুগ্ধ কারখানা স্থাপন" প্রকল্প। |
| ২২। | ০৯/০৬/২০১৫<br>১২.২ | ড্রেজিং এ প্রাপ্ত মাটি জিও-টেক্সটাইল, বাঁশ ও চাটাই দিয়ে পকেট তৈরি করে নদীর তীর সংরক্ষণের কাজে ব্যবহার করতে হবে। | পানি সম্পদ মন্ত্রণালয়।<br>"বিশ্বকবি রবিন্দ্রনাথ ঠাকুরের কুঠিবাড়ী ও পার্শ্ববর্তী এলাকা সংরক্ষণের লক্ষ্যে পদ্মা নদীর ডান তীর সংরক্ষণ" প্রকল্প। |
| ২৩। | ২৫/০৬/২০১৫<br>১০.২ | (১) ডেজিং সংক্রান্ত বর্তমানে প্রক্রিয়াধীন প্রকল্পে সাঙ্গু ও চাঁদখালী নদীর ড্রেজিং-এর কার্যক্রম অন্তর্ভুক্ত করতে হবে।<br>(২) যেখানে যেখানে প্রয়োজন হবে সেখানে নদী ড্রেজিং করতে হবে এবং ড্রেজিং এ উত্তোলিত মাটি/বালু দিয়ে পাড় বাঁধাই এর কাজ করতে হবে। | পানি সম্পদ মন্ত্রণালয়।<br>"চট্টগ্রাম জেলার চন্দনাইশ ও সাতকানিয়া উপজেলার সাঙ্গু ও চাঁদখালী নদীর উভয় তীর সংরক্ষণ" প্রকল্প। |

৫—

বিষয়ঃ ২০১৫-২০১৬ অর্থ-বছরে একনেক সভাসমূহে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত নির্দেশনা/অনুশাসনসমূহ

| ক্রঃ নং | সভার তারিখ ও সিদ্ধান্তের ক্রমিক নং | নির্দেশনা/অনুশাসন | সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ এবং প্রকল্পের নাম |
|---|---|---|---|
| ০১। | ১১/০৮/২০১৫<br>৭.২ | স্থল বন্দর স্থাপন, উন্নয়ন, মেরামত, সংস্কার ইত্যাদি সকল প্রকল্পের ক্ষেত্রেই ভবিষ্যৎ পরিকল্পনা মাথায় রেখে প্রয়োজনীয় জমি অধিগ্রহণ ও অন্যান্য কার্যক্রম গ্রহণ করতে হবে। | নৌ-পরিবহন মন্ত্রণালয়।<br>"সোনাহাট স্থল বন্দর উন্নয়ন" প্রকল্প। |
| | ৮.২ | বিজিবি'র বিভিন্ন ক্যাটাগরির অফিসারদের আবাসন সমস্যা দূর করার লক্ষ্যে সদর দপ্তরসহ সারা দেশে বহুতল বিশিষ্ট আবাসিক ভবন নির্মাণের জন্য একটি মডেল ডিজাইন প্রণয়ন করে প্রকল্প গ্রহণ করতে হবে। পরবর্তীতে তা পর্যায়ক্রমে বিজিবি'র সদর দপ্তরসহ অন্যান্য স্টেশনগুলোতে বাস্তবায়ন করা হবে। এ বিষয়ে বর্ডার গার্ড বাংলাদেশ জরুরিভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সুরক্ষা সেবা বিভাগ।<br>"বিজিবি'র সদর দপ্তরে জেসিও ও অন্যান্য পদধারীদের (ORs) জন্য ২টি ১৫ তলা বিশিষ্ট আবাসিক ভবন নির্মাণ" প্রকল্প। |
| | ৯.২ | (১) জিও-টেক্সটাইল, বাঁশ ও চাটাই দিয়ে নদীর পাড়ে পকেট তৈরি করতে হবে। ড্রেজিং এ প্রাপ্ত মাটি/বালু বুস্টার পাইপ দিয়ে ঐ পকেটে ফেলতে হবে। পরবর্তীতে তা নদীর তীর সংরক্ষণের কাজে ব্যবহার করতে হবে।<br>(২) নৌ-রুটগুলোর চলাচল স্বাভাবিক পর্যায়ে রাখা এবং নদীর নাব্যতার জন্য বছর ভিত্তিক Maintenance ড্রেজিং-এর সংস্থান রাখতে হবে।<br>(৩) নদীর নাব্যতা স্বাভাবিক পর্যায়ে রাখার লক্ষ্যে নদীর সংযোগস্থলে যে খাল-বিল রয়েছে তা ড্রেজিং-এর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | নৌ-পরিবহন মন্ত্রণালয়।<br>"২০টি ড্রেজারসহ সহায়ক যন্ত্রপাতি এবং সরঞ্জামাদি সংগ্রহ" প্রকল্প। |
| ০২। | ২৫/০৮/২০১৫<br>৫.২ | (১) মংলা-খাসিয়াখালি চ্যানেলের মাধ্যমে নৌ চলাচলের বিষয়টি নিশ্চিত করার লক্ষ্যে উক্ত চ্যানেলের ড্রেজিংকৃত মাটি দ্বারা প্রকল্পের মাটি ভরাটের কাজ সম্পন্ন করতে হবে। তবে উক্ত চ্যানেল হতে ড্রেজিং-এর মাধ্যমে আহরণযোগ্য মাটি সংগ্রহের পর অতিরিক্ত মাটি প্রয়োজন হলে পশুর নদী ড্রেজিং-এর মাধ্যমে অবশিষ্ট মাটি সংগ্রহ করতে হবে।<br>(২) ড্রেজিং, মাটি সংগ্রহ ও ভরাটের বিষয়ে নৌ-পরিবহন মন্ত্রণালয় এবং বিদ্যুৎ বিভাগ সমন্বিতভাবে কাজ করবে যার বিবরণ সুনির্দিষ্টভাবে ডিপিপি'তে উল্লেখ থাকতে হবে। | বিদ্যুৎ জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বিদ্যুৎ বিভাগ এবং নৌ-পরিবহন মন্ত্রণালয়।<br>"রামপাল বিদ্যুৎ কেন্দ্র প্রকল্প এলাকার দ্বিতীয় ব্লকের ভুমি উন্নয়ন সংরক্ষণ ও বাউন্ডারি ওয়াল নির্মাণ" প্রকল্প। |

| ক্রঃ নং | সভার তারিখ ও সিদ্ধান্তের ক্রমিক নং | নির্দেশনা/অনুশাসন | সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ এবং প্রকল্পের নাম |
|---|---|---|---|
| | ৯.২ | সম্ভাব্যতা যাচাই করার পর পয়:শোধনাগারের শোধনকৃত বর্জ্য দিয়ে কমপোস্ট সার এবং বিদ্যুৎ উৎপাদনের বাস্তবসম্মত ব্যবস্থা গ্রহণ করতে হবে। | স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ এবং বিদ্যুৎ বিভাগ।<br>"দাশেরকান্দি পয়:শোধনাগার" প্রকল্প। |
| ০৩। | ০১/০৯/২০১৫<br>৫.২ | বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক) কর্তৃক বাস্তবায়িত/বাস্তবায়িতব্য সকল শিল্প পার্ক স্থাপন প্রকল্পে নিম্নোক্ত সুবিধাদির সংস্থান থাকতে হবে:- ১. Effluent Treatment Plant (ETP); ২. বর্জ্য ব্যবস্থাপনা; ৩. মহিলা শ্রমিকদের আবাসন এবং ৪. দেশের সকল শিল্প পার্কে জলাধারের সংস্থান রাখা যাতে বৃষ্টির পানি জলাধারে জমা হতে পারে। শিল্প মন্ত্রণালয় এ সকল বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | শিল্প মন্ত্রণালয়।<br>"বিসিক শিল্প পার্ক, টাংগাইল" প্রকল্প। |
| | ৭.২ | বাংলাদেশের ভূ-প্রকৃতি, ভৌগলিক অবস্থান, জলবায়ু ইত্যাদি বিবেচনায় নদী ভাঙ্গনের কারণ এবং এর প্রতিকার সংক্রান্ত একটি সামগ্রিক গবেষণা করতে হবে। পানি সম্পদ মন্ত্রণালয় এ গবেষণার যথাযথ উদ্যোগ গ্রহণ করবে। | পানি সম্পদ মন্ত্রণালয়।<br>"বগুড়া জেলার সারিয়াকান্দি উপজেলাধীন কুর্নিবাড়ী হতে চন্দনবাইশা পর্যন্ত যমুনা নদীর ডান তীর সংরক্ষণ কাজসহ বিকল্প বাঁধ নির্মাণ" প্রকল্প। |
| | ৯.২ | (১) প্রকল্পের কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে যে কোন প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ৫০.০০ কোটি বা তদুর্ধ্ব হলে পূর্ণকালীন অভিজ্ঞ ও যোগ্য প্রকল্প পরিচালক নিয়োগের বিষয়টি অবশ্যই পরিপালন করতে হবে। ইতোমধ্যে অনুমোদিত/বাস্তবায়নাধীন এবং ভবিষ্যতে প্রস্তাবিত সকল প্রকল্পের ক্ষেত্রে এই অনুশাসন প্রযোজ্য হবে।<br>(২) কারিগরিভাবে জটিল প্রকৃতির প্রকল্পের ক্ষেত্রে উক্ত কাজে অভিজ্ঞতা সম্পন্ন বিশেষজ্ঞ ব্যক্তিবর্গকে পূর্ণকালীন প্রকল্প পরিচালক হিসেবে নিয়োগ প্রদান করতে হবে। এছাড়া বিশেষায়িত কাজে ও প্রকল্পের অভিজ্ঞতাসম্পন্ন অবসরপ্রাপ্ত কর্মকর্তাদেরকে পূর্ণকালীন প্রকল্প পরিচালক হিসেবে নিয়োগ প্রদানের বিষয়ে বিবেচনা করা যেতে পারে। | সকল মন্ত্রণালয়/বিভাগ।<br>"কর্ণফুলী পানি সরবরাহ (২য় সংশোধিত)" প্রকল্প। |
| ০৪। | ১৫/০৯/২০১৫<br>৫.২ | চায়না, ভারত, দক্ষিণ কোরিয়া ও মায়ানমারের উদ্যোগে মায়ানমার হতে যে গ্যাস উত্তোলন করা হচ্ছে তা প্রস্তাবিত চায়নিজ অর্থনৈতিক ও শিল্পাঞ্চলে ব্যবহারের লক্ষ্যে বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (বেজা) সংশ্লিষ্ট চায়নিজ অথরিটিকে অনুরোধ জানাবে। | প্রধানমন্ত্রীর কার্যালয়, বেজা, ঢাকা<br>"আনোয়ারা-২ অর্থনৈতিক অঞ্চলের জন্য ভূমি অধিগ্রহণ (চায়নিজ অর্থনৈতিক ও শিল্পাঞ্চল)" প্রকল্প। |

| ক্রঃ নং | সভার তারিখ ও সিদ্ধান্তের ক্রমিক নং | নির্দেশনা/অনুশাসন | সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ এবং প্রকল্পের নাম |
|---|---|---|---|
| | ৮.২ | ইউনিয়ন পর্যায়ে উন্নয়ন কার্যক্রমের তালিকা বিলবোর্ডের মাধ্যমে সর্বসাধারণকে অবহিত করতে হবে। স্থানীয় সরকার বিভাগ এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ।<br>"দ্বিতীয় লোকাল গভর্ন্যান্স সাপোর্ট প্রজেক্ট (এলজিএসপি-২) (১ম সংশোধিত)" প্রকল্প। |
| | ১১.২ | যে সকল রাষ্ট্রে বাংলাদেশের চ্যান্সারি কমপ্লেক্স নির্মাণের প্রয়োজনীয়তা রয়েছে তা নির্ধারণ করে স্ট্যান্ডার্ড ডিজাইন ভিত্তিক একটি বৃহৎ প্রকল্প প্রণয়ন করে পরবর্তীতে পর্যায়ক্রমে বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করতে হবে। | পররাষ্ট্র মন্ত্রণালয়।<br>"পাকিস্তানের ইসলামাবাদে চ্যান্সারি কমপ্লেক্স নির্মাণ (১ম সংশোধিত)" প্রকল্প। |
| ০৫। | ২২/০৯/২০১৫<br>৬.২ | সাফারী পার্ক, ইকো পার্ক, সংরক্ষিত বনাঞ্চল, অভয়ারণ্য ইত্যাদি স্থাপনাগুলোর নিয়মিত রক্ষণাবেক্ষণের জন্য পরিবেশ ও বন মন্ত্রণালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | পরিবেশ ও বন মন্ত্রণালয়।<br>"বঙ্গবন্ধু শেখ মুজিব সাফারী পার্ক, কক্সবাজার এর উন্নয়ন ও সম্প্রসারণ (১ম সংশোধিত)" প্রকল্প। |
| | ৯.২ | Special Land Develoment Tax আরোপের বিষয়ে পরীক্ষা-নিরীক্ষার জন্য ভূমি মন্ত্রণালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। এছাড়া, আবাসিক, বাণিজ্যিক, শিল্প কারখানার উদ্দেশ্যে ব্যবহার ইত্যাদি বিবেচনায় ভূমি ও খাজনা নির্ধারণের বিষয়টি ভূমি মন্ত্রণালয় revisit করবে। | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এবং ভূমি মন্ত্রণালয়।<br>"কুড়িল পূর্বাচল লিংক রোডের উভয় পার্শ্বে (কুড়িল হতে বালু নদী পর্যন্ত) ১০০ ফুট চওড়া খাল খনন ও উন্নয়ন" প্রকল্প। |
| ০৬। | ২৯/১০/২০১৫<br>৫.২ | ঢাকাসহ বড় বড় শহরে জমির স্বল্পতার বিষয়টি বিবেচনায় নিয়ে কোন সংস্থা/প্রতিষ্ঠানের জমিতে নিজস্ব ভবন নির্মাণ পরিকল্পনায় অন্যান্য প্রতিষ্ঠান বা সংস্থার জন্য অফিস সংকুলানের বিষয়টি বিবেচনায় রাখতে হবে, প্রযোজ্য ক্ষেত্রে বাণিজ্যিকভিত্তিতে ব্যবহারের সুযোগ/সুবিধাসহ ব্যবস্থা রাখতে হবে এবং সমন্বিত অফিস ভবন নির্মাণ বিষয়ে বিগত ১৮.১১.২০১৪ তারিখের একনেক সভার ১৪.২নং সিদ্ধান্ত অনুযায়ী মন্ত্রিপরিষদ বিভাগ যে সমন্বিত পরিকল্পনা গ্রহণ করছে সেখানে উপরোক্ত নির্দেশনাটি বিবেচনায় নিতে হবে। | শিল্প মন্ত্রণালয়, মন্ত্রিপরিষদ বিভাগ, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।<br>"চট্টগ্রাম এবং খুলনায় বিএসটিআই-এর আঞ্চলিক অফিস স্থাপন ও আধুনিকীকরণ" প্রকল্প। |
| ০৭। | ১০/১১/২০১৫<br>৫.২ | ঢাকা শহরের কোথায় কোথায় বহুতল ভবন নির্মিত হবে এর কারিগরি বিশ্লেষণ সম্বলিত একটি স্বয়ংসম্পূর্ণ নীতিমালা হওয়া প্রয়োজন। রাজউক এ বিষয়ে নীতিমালা প্রণয়নের উদ্যোগ গ্রহণ করবে। পরবর্তীতে অনুমোদিত নীতিমালার ভিত্তিতে ঢাকা শহরের বহুতল ভবনের জায়গা/স্থান, ভবনের উচ্চতা অর্থাৎ কত তলার মধ্যে সীমাবদ্ধ রাখা হবে এবং ভবন সংক্রান্ত অন্যান্য কারিগরি বিষয়াদিসহ "স্ট্যান্ডার্ড ভবন" নির্মাণ পরিকল্পনা গ্রহণ করতে হবে। | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।<br>"আধুনিক সুযোগ-সুবিধাসহ ন্যাশনাল প্রোডাক্টিভিটি অর্গানাইজেশন (এনপিও) ও পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তর (ডিপিডিটি)-এর অফিস ভবন নির্মাণ" প্রকল্প। |

| ক্রঃ নং | সভার তারিখ ও সিদ্ধান্তের ক্রমিক নং | নির্দেশনা/অনুশাসন | সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ এবং প্রকল্পের নাম |
|---|---|---|---|
| ০৮। | ২৪/১১/২০১৫<br>৫.২ | (১) বৈদেশিক সাহায্যের মাধ্যমে প্রকল্প গ্রহণকালে পূর্বে প্রকল্পের ডিপিপি প্রণয়ন করতে হবে এবং পরবর্তীতে নিগোসিয়েশনের সময় লোন মোডালিটি ও অন্যান্য প্রটোকল নির্ধারণ করতে হবে।<br>(২) উন্নয়ন প্রকল্পের অন্তর্ভুক্ত কোন ক্রয়ের কার্যক্রম সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটিতে (সিসিজিপি) উপস্থাপনের পূর্বে প্রকল্পসমূহ আবশ্যিকভাবে একনেক কর্তৃক অনুমোদিত হতে হবে। | সকল মন্ত্রণালয়/বিভাগ।<br>"Construction of Multi Lane Road Tunnel under the river karnaphuli" Projcet। |
| | ৭.২ | ভবিষ্যতে সকল মন্ত্রণালয়/বিভাগ তাদের প্রকল্পে দাপ্তরিক/বাণিজ্যিক/আবাসিক ভবন নির্মাণ সংক্রান্ত প্রকল্পের নকশা প্রণয়নকালে বাধ্যতামূলকভাবে জলাধার/পুকুর/লেকের সংস্থান রাখতে হবে। প্রতিটি ভবনের ছাদের বৃষ্টির পানি আলাদা ড্রেন করে জলাধার/পুকুর/লেকে সংরক্ষণ ও ব্যবহারের ব্যবস্থা রাখতে হবে। বৃষ্টির পানি ড্রেনের সাথে স্যুয়ারেজ লাইনের যেন কোন সংযোগ না থাকে সে বিষয়ে গুরুত্বের সাথে লক্ষ্য রাখতে হবে। | সকল মন্ত্রণালয়/বিভাগ।<br>"Construction of Administrative Building and sailors Barrack for three Coast Guard stations" Project. |
| | ৮.২ | দেশের সকল জেলা পরিষদের আওতায় যে ১৭০০টি পুকুর সনাক্তকরণ করা হয়েছে সেগুলোর ব্যবহার উপযোগীতা বৃদ্ধির লক্ষ্যে পুকুরের পাড়ে নিম, সুপারি, তাল, নারিকেল ইত্যাদি গাছ লাগাতে হবে। ইউনিয়ন পর্যায়ে খাবার পানি সরবরাহের জন্য অন্তত একটি পুকুর নির্ধারিত থাকবে। উক্ত পুকুরটির পাড় ও ঘাট বাধানো যাবেনা এবং মাছ চাষ, গোসল ও অন্যান্য কাজে এর পানি ব্যবহার করা যাবেনা। পুকুর থেকে পাইপ সংযোগের মাধ্যমে টিউবওয়েল দ্বারা পানি উত্তোলন করে ব্যবহার করতে হবে। লবনাক্তপ্রবণ এলাকায় পানি ডি-স্যালাইনেশন এর ব্যবস্থা করা যেতে পারে। সারা দেশে ভূ-উপরিস্থ পানি সরবরাহের জন্য জেলা পরিষদের পুকুর উন্নয়ন ও সংরক্ষণ সংক্রান্ত প্রকল্প গ্রহণের সময় উল্লিখিত বিষয়গুলো বিবেচনায় নিতে হবে। স্থানীয় সরকার বিভাগ এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ।<br>"খুলনা শহরের পানি সরবরাহ ব্যবস্থার উন্নয়ন ও সম্প্রসারণ" প্রকল্প। |
| | ৯.২ | প্রস্তাবিত প্রকল্পসহ অন্যান্য সকল স্কুল/কলেজের ভবন নির্মাণের নকশা প্রণয়নের সময় ভবনের ক্লাসরুমসহ সকল কক্ষে পর্যাপ্ত ভ্যান্টিলেশনের সংস্থান রাখতে হবে। | শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।<br>"তথ্য প্রযুক্তির সহায়তায় শিক্ষার মানোন্নয়নের লক্ষ্যে নির্বাচিত বেসরকারি কলেজসমূহের উন্নয়ন (১ম সংশোধিত)" প্রকল্প। |

| ক্রঃ নং | সভার তারিখ ও সিদ্ধান্তের ক্রমিক নং | নির্দেশনা/অনুশাসন | সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ এবং প্রকল্পের নাম |
|---|---|---|---|
| | ১৩.২ | যে কোন অর্থনৈতিক অঞ্চল স্থাপনের পরিকল্পনায় বাধ্যতামূলকভাবে জলাধার/পুকুর/লেকের সংস্থান রাখতে হবে যাতে বৃষ্টির পানি সংরক্ষণ ও ব্যবহারের ব্যবস্থা থাকবে। | প্রধানমন্ত্রীর কার্যালয়।<br>"বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল উন্নয়ন প্রকল্প ১ম পর্যায় (১ম সংশোধিত)"। |
| ০৯। | ০১/১২/২০১৫<br>৬.২ | (১) ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশনের যন্ত্রপাতি সমন্বয়ের মাধ্যমে দ্রুত নাগরিক সেবা প্রদান ও সেবার মান বৃদ্ধির লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগ একটি সমন্বয় কমিটি গঠন করবে।<br>(২) ঢাকার দুই সিটি কর্পোরেশনের বর্জ্যসমূহ বর্জ্য চুল্লীর মাধ্যমে পুড়িয়ে প্রাপ্ত ছাই সার হিসেবে ব্যবহারের উপযোগী করার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা নিয়ে দ্রুত একটি প্রকল্প প্রণয়ন করতে হবে।<br>(৩) ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশনের টেন্ডারসমূহ অনলাইনের মাধ্যমে প্রক্রিয়াকরণের জন্য স্থানীয় সরকার বিভাগ অতিদ্রুত পদক্ষেপ গ্রহণ করবে। | স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ।<br>"ডেলিভারী সেবা দ্রুতকরণ" প্রকল্প। |
| | ১১.২ | (১) প্রতিটি বিসিক শিল্প এলাকায় Central Effluent Treatment Plant (CETP) এর ব্যবস্থা থাকতে হবে এবং তা নির্ধারিত হারে অর্থ প্রদানের মাধ্যমে বাধ্যতামূলক ব্যবহারের নিশ্চয়তা বিধানের জন্য বিসিক যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে।<br>(২) প্রতিটি বিসিক শিল্প এলাকায় জলাধার/পুকুর/লেক/খালের সংস্থান রাখতে হবে যাতে বৃষ্টির পানি সংরক্ষণ ও ব্যবহার করা যায়। | শিল্প মন্ত্রণালয়।<br>"বিসিক প্লাস্টিক শিল্প নগরী" প্রকল্প। |
| ১০। | ০৮/১২/২০১৫<br>৫.২ | কমার্শিয়াল লোন গ্রহণের মাধ্যমে বাস্তবায়িতব্য প্রকল্পসমূহে ঠিকাদার নিয়োগের আরও স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার লক্ষ্যে সংশ্লিষ্ট সিনিয়র সচিব/সচিব-এর সভাপতিত্বে কমার্শিয়াল লোন নিগোসিয়েশন কমিটি গঠন করতে হবে। উক্ত কমিটিতে অর্থ মন্ত্রণালয়, আইএমইডি, ইআরডি, পরিকল্পনা কমিশন ও আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় ছাড়াও সংশ্লিষ্ট বিষয়ে বিশেষজ্ঞসহ প্রযোজ্য ক্ষেত্রে অন্যান্য সংস্থার সদস্যকেও অন্তর্ভুক্ত করতে হবে। উক্ত কমিটি ডিজাইন, সংগৃহীতব্য পণ্য, কার্য ও সেবার পরিমাণ ও গুনগতমানসহ ব্যয় প্রাক্কলণ, প্রযোজ্য ক্ষেত্রে Limited Tendering Method সহ ক্রয় পদ্ধতি গ্রহণ ইত্যাদি গুরুত্বপূর্ণ বিষয়াদি বিবেচনার জন্য অন্তর্ভুক্ত করবে। | বিদ্যুৎ জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ এবং অর্থ মন্ত্রণালয়, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ।<br>"Installation of Single point mooring (SPM) with Double pipeline" project. |

| ক্রঃ নং | সভার তারিখ ও সিদ্ধান্তের ক্রমিক নং | নির্দেশনা/অনুশাসন | সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ এবং প্রকল্পের নাম |
|---|---|---|---|
| ১১। | ১৯/০১/২০১৬<br>৫.২ | (১) উত্তরাঞ্চলের বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা আরও সুষ্ঠু ও স্বচ্ছতার সাথে ব্যবস্থাপনার জন্য উত্তরাঞ্চলে একটি বিদ্যুৎ বিতরণ কোম্পানি গঠন করতে হবে।<br>(২) পল্লী বিদ্যুতায়ন বোর্ড (আরইবি) জোনের যে সকল এলাকায় পিডিবি বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা চালিয়ে যাচ্ছে, সেখানে উক্ত লাইনগুলো আরইবিকে হস্তান্তর করে আরইবি'র নিজস্ব জোনের মাধ্যমে বিদ্যুৎ বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | বিদ্যুৎ জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বিদ্যুৎ বিভাগ।<br>"বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা উন্নয়ন, রংপুর জোন" প্রকল্প। |
| | ৭.২ | তেজগাঁও এলাকায় আর কোন শিল্প কারখানা স্থাপন না করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | শিল্প মন্ত্রণালয় এবং শিল্প ও শক্তি বিভাগ, পরিকল্পনা কমিশন।<br>"এলইডি লাইট (সিকেডি) এ্যাসেম্বলিং প্লান্ট ইন ইটিএল" প্রকল্প। |
| | ৮.২ | ভূ-গর্ভস্থ ইউটিলিটি লাইনগুলো সনাক্তকরণের লক্ষ্যে ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশন সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠানের সাথে সমন্বয়ের মাধ্যমে দ্রুত একটি সার্ভে ম্যাপ তৈরী করার ব্যবস্থা গ্রহণ করবে। স্থানীয় সরকার বিভাগ এ বিষয়ে সার্বিক সহযোগিতা প্রদান করবে। | স্থানীয় সরকার বিভাগ এবং ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন।<br>"ঢাকা মহানগরীতে ফ্লাইওভার ব্রীজ নির্মাণ (মগবাজার- মৌচাক) (সমন্বিত) ফ্লাইওভার নির্মাণ (১ম সংশোধিত)" প্রকল্প। |
| | ১১.২ | নারী শিক্ষার ক্রম উন্নতির বিষয়টি বিবেচনায় নিয়ে শিক্ষা প্রতিষ্ঠানের হোস্টেল নির্মাণ/পুনঃনির্মাণের সকল প্রকল্পে আবশ্যিকভাবে ছাত্র ও ছাত্রীর সিট সংখ্যা সমান রাখতে হবে। | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, শিক্ষা মন্ত্রণালয় এবং বস্ত্র ও পাট মন্ত্রণালয়।<br>"শহীদ এম মনসুর আলী মেডিকেল কলেজ এবং ৫০০ শয্যার মেডিকেল কলেজ হাসপাতাল, সিরাজগঞ্জ স্থাপন" প্রকল্প। |
| ১২। | ০২/০২/২০১৬<br>৫.২ | বিএসএমএমইউ ও বারডেম-এর সাথে সহজ সংযোগ/চলাচলের জন্য শাহবাগের রূপসী বাংলা হোটেলের কাছে একটি মুখ, পুরাতন রেডিও ভবনের নিকট আরেকটি মুখ এবং বিএসএমএমইউ-এর নিকট আরেকটি মুখ সম্বলিত একটি আন্ডারপাস নির্মাণের জন্য স্থানীয় সরকার বিভাগকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ।<br>"বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় (বিএসএমএমইউ)-এর অধীনে সুপার স্পেশিয়ালাইজড হাসপাতাল স্থাপন" প্রকল্প। |
| | ১০.২ | মৎস্য বিপণন ব্যবস্থার উন্নয়নের জন্য হাওড় বাওড় এলাকায় মৎস্য আহরণ কেন্দ্রগুলোতে বরফকল নির্মাণ করতে হবে। | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।<br>"জলাশয় সংস্কারের মাধ্যমে মৎস্য উৎপাদন বৃদ্ধি" প্রকল্প। |

| ক্রঃ নং | সভার তারিখ ও সিদ্ধান্তের ক্রমিক নং | নির্দেশনা/অনুশাসন | সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ এবং প্রকল্পের নাম |
|---|---|---|---|
| ১৩। | ০৯/০২/২০১৬ ৫.২ | স্লুইস গেইট নির্মাণের ফলে পানির প্রবাহের পরিবর্তন, ভৌগোলিক ও পরিবেশগত পরিবর্তন এবং কোন কোন খালগুলো বন্ধ হয়েছে তা নিরূপণের জন্য পানি সম্পদ মন্ত্রণালয় এবং আইএমইডি যৌথভাবে একটি মূল্যায়ন করে তার প্রতিবেদন সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করবে। | পানি সম্পদ মন্ত্রণালয় এবং পরিকল্পনা মন্ত্রণালয়, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।<br>"পানি ব্যবস্থাপনা উন্নয়ন প্রকল্প (ওয়ামিপ) (৩য় সংশোধিত)" প্রকল্প। |
| | ১২.২ | বিগত ১ ডিসেম্বর ২০১৫ তারিখে অনুষ্ঠিত একনেক সভায় বিসিক শিল্প নগরী এলাকায় Central Effluent Treatment Plant (CETP) বাধ্যতামূলক সংক্রান্ত মাননীয় প্রধানমন্ত্রীর সদয় অনুশাসন প্রতিপালনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | শিল্প মন্ত্রণালয় এবং শিল্প ও শক্তি বিভাগ, পরিকল্পনা কমিশন।<br>"নরসিংদী বিসিক শিল্প নগরী সম্প্রসারণ" প্রকল্প। |
| ১৪। | ১৬/০২/২০১৬ ৬.২ | (১) প্রস্তাবিত প্রকল্পের মত ১০/১২টি ব্যারাক স্থাপনের প্রস্তাব না করে একত্রে পুলিশ বাহিনীর জন্য প্রয়োজনীয় সকল ব্যারাকের প্রস্তাবসহ একটি বৃহৎ প্রকল্প প্রণয়ন করে অনুমোদনের উদ্যোগ গ্রহণ করতে হবে এবং পরবর্তীতে তা পর্যায়ক্রমে বাস্তবায়ন করতে হবে।<br>(২) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের আওতায় গৃহীত উন্নয়ন প্রকল্পসমূহের সুষ্ঠু, কার্যকর ও মানসম্মত বাস্তবায়নের লক্ষ্যে পরিকল্পনা কমিশন, আইএমইডি ও স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সমন্বয়ে একটি মনিটরিং টিম গঠন করে প্রকল্পগুলোর মনিটরিং জোরদার করতে হবে। | স্বরাষ্ট্র মন্ত্রণালয়, জননিরাপত্তা বিভাগ ও পরিকল্পনা কমিশন, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।<br>"বাংলাদেশ পুলিশের বিভিন্ন ইউনিটে ১২টি ব্যারাক নির্মাণ" প্রকল্প। |
| ১৫। | ০১/০৩/২০১৬ ১১.২ | প্রস্তাবিত প্রকল্প এলাকায় প্রাকৃতিক অবস্থা, পানির উৎস ইত্যাদি বিবেচনায় পর্যাপ্ত সেতু/কালভার্ট এর সংস্থান রেখে জাতীয় সহাসড়ক নির্মাণ করতে হবে। | সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়,<br>সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।<br>"জাতীয় মহাসড়ক এন-৮ এর ভূরঘাটা-বরিশাল-লেবুখালী সেতু পর্যন্ত সড়ক উন্নয়ন ও প্রশস্তকরণ" প্রকল্প। |
| | ১২.২ | (১) জেলা পর্যায়ের সরকারি অফিসসমূহ এক জায়গায় আনয়নের লক্ষ্যে আন্ডারগ্রাউন্ড পার্কিং, ওয়েটিং স্পেস, কনফারেন্স সেন্টার, একাধিক সভা কক্ষ, ক্যাফেটেরিয়া, প্রার্থনাকক্ষ, প্রতি ফ্লোরে মহিলা ও পুরুষদের জন্য পৃথক সুপরিসর ওয়াশরুম/টয়লেট, ডে-কেয়ার সেন্টার, মাদার্স কর্নার ইত্যাদি সুবিধাসহ বহুতল ভবনের একটি মডেল নকশা প্রণয়ন করতে হবে যা পর্যায়ক্রমে দেশের সকল জেলাশহরে বাস্তবায়ন করতে হবে। | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।<br>"মাদারীপুরে সরকারি অফিস সমূহের জন্য বহুতল ভবন নির্মাণ" প্রকল্প। |

| ক্রঃ নং | সভার তারিখ ও সিদ্ধান্তের ক্রমিক নং | নির্দেশনা/অনুশাসন | সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ এবং প্রকল্পের নাম |
|---|---|---|---|
| | | (২) সরকারি কর্মকর্তা/কর্মচারীগণ কর্তৃক বরাদ্দপ্রাপ্ত সরকারী বাসা ব্যবহার/অবস্থান না করলে পে-স্কেল অনুযায়ী নির্ধারিত বাড়ী ভাড়া ভাতা প্রাপ্য হবেন না।<br>(৩) জেলা পর্যায়ে সরকারি কর্মকর্তাদের আবাসনের জন্য একটি বহুতল ভবনের মডেল নকশা প্রণয়ন করে পর্যায়ক্রমে দেশের সকল জেলাশহরে বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | |
| | ১৬.২ | লালকুঠি মাতৃ ও শিশু স্বাস্থ্য কেন্দ্রের সামনে বিদ্যমান জরাজীর্ণ লাল ভবনটি (কুঠি) ভেঙ্গে সেখানে একটি দৃষ্টিনন্দন বাগান করতে হবে। | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।<br>"লালকুঠি মাতৃ ও শিশু স্বাস্থ্য কেন্দ্রের অসম্পূর্ণ কাজ সমাপ্তকরণ" প্রকল্প। |
| ১৬। | ০৮/০৩/২০১৬<br>৭.২ | জমি অধিগ্রহণের ফলে ক্ষতিগ্রস্ত লবণ চাষীদের পুনর্বাসনের ব্যবস্থা করতে হবে। | বিদ্যুৎ জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বিদ্যুৎ বিভাগ।<br>"বাংলাদেশ-সিঙ্গাপুর ৭০০ মে:ও: আল্ট্রাসুপার ক্রিটিক্যাল কয়লা ভিত্তিক বিদ্যুৎ কেন্দ্রের ভূমি অধিগ্রহণ ও সুরক্ষা এবং ফিজিবিলিটি স্টাডি" প্রকল্প। |
| | ১৭.২ | দেশের বড় বড় জেলা শহরগুলোকে আরও পরিকল্পিত নগরী হিসেবে গড়ে তোলার লক্ষ্যে এ জাতীয় জেলা শহর উন্নয়ন শীর্ষক মেগা প্রকল্প প্রণয়ন করে পর্যায়ক্রমে প্রাধিকারভিত্তিতে বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণ করতে হবে। স্থানীয় সরকার বিভাগ দ্রুত এ বিষয়ে উদ্যোগ গ্রহণ করবে। | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ।<br>"জামালপুর শহরের নগর স্থাপত্যের পুন:সংস্কার ও সাংস্কৃতিক কেন্দ্র উন্নয়ন" প্রকল্প। |
| | ১৯.২ | দেশের যে সকল জেলায় পুলিশ অফিস ভবনগুলো জরাজীর্ণ রয়েছে সেগুলো সংস্কার বা পুন:নির্মাণের লক্ষ্যে একটি মেগা প্রকল্প প্রণয়ন করে পর্যায়ক্রমে তা বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করতে হবে। বাংলাদেশ পুলিশ এ বিষয়ে দ্রুত পদক্ষেপ গ্রহণ করবে। | স্বরাষ্ট্র মন্ত্রণালয়, জননিরাপত্তা বিভাগ।<br>"৯টি পুলিশ সুপার অফিস ভবন নির্মাণ (সিআইডি ও পিবিআই অফিসসহ)" প্রকল্প। |
| ১৭। | ২২/০৩/২০১৬<br>৯.২ | ফিস ও পোলট্রি ফিড এর গুণগত স্ট্যান্ডার্ড মান নিশ্চিত করার জন্য মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় নিবিড় মনিটরিং এর ব্যবস্থা করবে। | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।<br>"বৃহত্তর যশোর জেলায় মৎস্য চাষ উন্নয়ন" প্রকল্প। |



৬—

| ক্রঃ নং | সভার তারিখ ও সিদ্ধান্তের ক্রমিক নং | নির্দেশনা/অনুশাসন | সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ এবং প্রকল্পের নাম |
|---|---|---|---|
| ১৮। | ২৯/০৩/২০১৬<br>৫.২ | (১) পর্যাপ্ত জমির সংস্থান রেখে কক্সবাজারে নতুন একটি পূর্নাঙ্গ বিশ্ববিদ্যালয় স্থাপনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(২) ভেটেরিনারি কলেজগুলোকে বিশ্ববিদ্যালয়ে রূপান্তরিত না করে ভেটেরিনারি বিশ্ববিদ্যালয়ের সাথে এফিলিয়েটেড করতে হবে। | শিক্ষা মন্ত্রণালয় এবং মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।<br>"চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সায়েন্সেস বিশ্ববিদ্যালয় ২য় ক্যাম্পাস স্থাপন" প্রকল্প। |
| | ৯.২ | সিলেট অঞ্চলে সুপারভাইজরি কন্ট্রোল ও ডাটা এ্যাকুইজিশন (স্ক্যাডা) সিস্টেম স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | বিদ্যুৎ জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বিদ্যুৎ বিভাগ।<br>"ডেসকো এলাকায় সুপারভাইজরি কন্ট্রোল ও ডাটা এ্যাকুইজিশন (স্ক্যাডা) সিস্টেম স্থাপন" প্রকল্প। |
| ১৯। | ১২/০৪/২০১৬<br>৯.২ | প্রকল্প এলাকায় মাটি ভরাটের জন্য মাটি পার্শ্ববর্তী বিল অথবা নিকটবর্তী নদী হতে ড্রেজিং এর মাধ্যমে সম্পন্ন করতে হবে। | প্রধানমন্ত্রীর কার্যালয়।<br>"জামালপুর অর্থনৈতিক অঞ্চল স্থাপন" প্রকল্প। |
| | ১২.২ | জামালপুর অঞ্চলে যমুনা নদীর নীচ দিয়ে সড়ক টানেল নির্মাণের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।<br>"গাইবান্ধা-ফুলছড়ি-ভরতখালী-সাঘাটা সড়ক প্রশস্তকরণ ও উন্নয়ন (জেড-৫৫৫২)" প্রকল্প। |
| ২০। | ১৯/০৪/২০১৬<br>৬.২ | বাংলাদেশ রেলওয়ের ব্রডগেজ ও মিটারগেজ-এর ক্ষেত্রে কী পরিমাণ পুনর্বাসন প্রয়োজন, রেলওয়ের কারখানাগুলোর পুনর্বাসন ও আধুনিকায়ন ইত্যাদি বিষয় অন্তর্ভুক্ত করে বাংলাদেশ রেলওয়ে সামগ্রিক মূল্যায়ন করে তার একটি প্রতিবেদন প্রণয়ন করবে। | রেলপথ মন্ত্রণালয়।<br>"বাংলাদেশ রেলওয়ের জন্য ১০০টি মিটার গেজ যাত্রীবাহী ক্যারেজ পুনর্বাসন" প্রকল্প। |
| | ৭.২ | (১) ফুটপাতের দোকানদারদের পুনর্বাসনের লক্ষ্যে সাপ্তাহিক বন্ধের দিনগুলোতে নির্দিষ্ট সময়ের জন্য এলাকা ভিত্তিক সাপ্তাহিক বাজার (Weekly Market)-এর ব্যবস্থা করতে হবে।<br>(২) হকারদের স্থায়ীভাবে পুনর্বাসনের লক্ষ্যে ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশন এর নির্ধারিত স্থানে বহুতল মার্কেট নির্মাণ করে তাদের পুনর্বাসিত করতে হবে। এক্ষেত্রে প্রকৃত হকারদের সনাক্তকরণের জন্য ছবি তুলে/ভিডিও করে রাখতে হবে। | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ।<br>"ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের আওতাধীন যাত্রাবাড়ী মোড় হতে ত্রিমুখী রাস্তা সম্প্রসারণ ও উন্নয়ন" প্রকল্প। |
| | ১১.২ | মনু নদী সেচ প্রকল্পের আওতাধীন এলাকায় নদী ড্রেজিং, লুপ কাটিং এবং নদী শাসন প্রভৃতি বিষয় অন্তর্ভুক্ত করে পৃথক একটি প্রকল্প গ্রহণ করতে হবে। | পানি সম্পদ মন্ত্রণালয়।<br>"মনু নদী সেচ প্রকল্পের আওতাধীন কাশিমপুর পাম্প হাউস পুনর্বাসন" প্রকল্প। |

| ক্রঃ নং | সভার তারিখ ও সিদ্ধান্তের ক্রমিক নং | নির্দেশনা/অনুশাসন | সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ এবং প্রকল্পের নাম |
|---|---|---|---|
| ২১। | ২৬/০৪/২০১৬<br>৮.২ | বিদ্যুৎ সঞ্চালন লাইন মাটির নীচ দিয়ে নেয়ার সম্ভাব্যতা যাচাই করার জন্য জরুরিভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | বিদ্যুৎ জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বিদ্যুৎ বিভাগ।<br>"আমিনবাজার-মাওয়া-মংলা ৪০০ কেভি সঞ্চালন লাইন" প্রকল্প। |
| ২২। | ০৩/০৫/২০১৬<br>৫.২ | বরিশাল অঞ্চলে রেল যোগাযোগ স্থাপনের লক্ষ্যে জরুরিভিত্তিতে প্রকল্প গ্রহণের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | রেলপথ মন্ত্রণালয়।<br>"পদ্মা সেতু রেল সংযোগ প্রকল্প"। |
| | ৮.২ | বিদ্যুৎ বিতরণ সংক্রান্ত জটিলতা এড়ানোর জন্য বিদ্যুৎ বিতরণ সংক্রান্ত প্রকল্প গ্রহণের সময় কোন সংস্থা/বোর্ড/কোম্পানি বিদ্যুৎ বিতরণ করবে তা সুনির্দিষ্টভাবে উল্লেখ থাকতে হবে। | বিদ্যুৎ জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বিদ্যুৎ বিভাগ।<br>"বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা উন্নয়ন প্রকল্প, সিলেট বিভাগ"। |
| | ১২.২ | পাবলিক বিশ্ববিদ্যালয় সমূহের উন্নয়নের জন্য প্রথমেই একটি "মাস্টার প্ল্যান" তৈরী করে সে অনুযায়ী প্রকল্প গ্রহণ করে উন্নয়ন কাজ সম্পন্ন করতে হবে। | শিক্ষা মন্ত্রণালয় এবং বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন।<br>"খুলনা বিশ্ববিদ্যালয়ের অধিকতর অবকাঠামো উন্নয়ন" প্রকল্প। |
| ২৩। | ১০/০৫/২০১৬<br>৫.২ | হাওর অঞ্চল, দ্বীপাঞ্চল, চরাঞ্চল প্রভৃতি দুর্গম এলাকায় সৌর বিদ্যুতের ব্যবস্থা করার জন্য প্রকল্প গ্রহণ করতে হবে। | বিদ্যুৎ জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বিদ্যুৎ বিভাগ।<br>"সিলেট বিভাগ পল্লী বিদ্যুতায়ন কার্যক্রম সম্প্রসারণ এবং বিআরইবি'র সদর দপ্তরের ভৌত সুবিধাদির উন্নয়ন" প্রকল্প। |
| | ৬.২ | ঢাকার মোহাম্মদপুরে বসবাসরত বিহারীদের জন্য পর্যাপ্ত নাগরিক সুবিধাসহ ফ্ল্যাট নির্মাণ করে বাসস্থানের ব্যবস্থা করার লক্ষ্যে পৃথক প্রকল্প গ্রহণ করতে হবে। | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।<br>"স্বল্প আয়ের মানুষের জন্য উন্নত জীবন ব্যবস্থা" প্রকল্প। |
| | ৯.২ | বাঁধ তৈরী এবং নদী সংরক্ষণ প্রকল্পে আবশ্যিকভাবে ক্যাপিটাল ড্রেজিং-এর সংস্থান রাখতে হবে এবং প্রাক্কলিত ব্যয়ের ৫০%-৬০% অর্থ ক্যাপিটাল ড্রেজিং-এর জন্য বরাদ্দ প্রদান করতে হবে। | পানি সম্পদ মন্ত্রণালয় এবং কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন।<br>"মেঘনা নদীর ভাঙ্গন হতে ভোলা জেলার চরফ্যাশন পৌর শহর সংরক্ষণ" প্রকল্প। |
| | ৯.২ | নদীর ক্যাপিটাল ড্রেজিং এর কার্যক্রম পানি সম্পদ মন্ত্রণালয় এবং নৌ-পরিবহন মন্ত্রণালয় সমন্বয়ের মাধ্যমে যৌথভাবে বাস্তবায়ন করতে হবে। | পানি সম্পদ মন্ত্রণালয় এবং নৌ-পরিবহন মন্ত্রণালয়।<br>"মেঘনা নদীর ভাঙ্গন হতে ভোলা জেলার চরফ্যাশন পৌর শহর সংরক্ষণ" প্রকল্প। |

| ক্রঃ নং | সভার তারিখ ও সিদ্ধান্তের ক্রমিক নং | নির্দেশনা/অনুশাসন | সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ এবং প্রকল্পের নাম |
|---|---|---|---|
| ২৪। | ২৪/০৫/২০১৬<br>৫.২ | (১) ঢাকা শহরে ইউটিলিটি সার্ভিস গুলো কিভাবে Underground Duct System এর আওতায় সমন্বিতভাবে আনা যায় তার উপর পরীক্ষা-নিরীক্ষা করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(২) ঢাকা সিটি কর্পোরেশন এলাকায় নব সংযোজিত ১৬টি ইউনিয়নে প্রকল্পের কার্যক্রম সম্প্রসারণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | স্থানীয় সরকার বিভাগ এবং ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন।<br>"ঢাকা পানি সরবরাহ নেটওয়ার্ক উন্নয়ন" প্রকল্প। |
| | ৮.২ | মাটির নীচে কোন কোন জায়গা দিয়ে কি লাইন গিয়েছে তা Identification এবং রক্ষণাবেক্ষণের জন্য ইউটিলিটি সার্ভিসে Underground Duct System এর প্রয়োগ এবং তা এলাকা ভিত্তিক GIS Mapping এর আওতায় নিয়ে আসার জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | বিদ্যুৎ জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বিদ্যুৎ বিভাগ; গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এবং স্থানীয় সরকার বিভাগ।<br>"ডেসকো'র উত্তরা ও বসুন্ধরা ১৩২/৩৩/১১ কেভি গ্রীড উপকেন্দ্রের ক্ষমতা বর্ধন ও পুনর্বাসন" প্রকল্প। |
| ২৫। | ৩১/০৫/২০১৬<br>৬.২ | (১) নদী সংরক্ষণ ও বাঁধ নির্মাণ প্রকল্পে বাঁধ নির্মাণের পর বাঁধের ঢালে সবুজ বেষ্টনী (Artificial Mangrove) তৈরী করে দিতে হবে। পানি সম্পদ মন্ত্রণালয় এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।<br>(২) দীর্ঘদিন ধরে চলমান পানি সম্পদ মন্ত্রণালয়ের আওতাধীন প্রকল্পসমূহের সকল কাজ নির্ধারিত সময়ের মধ্যে সমাপ্ত করতে হবে। | পানি সম্পদ মন্ত্রণালয়।<br>"ইমার্জেন্সী ২০০৭ সাইক্লোন রিকভারি এন্ড রেস্টোরেশন প্রোজেক্ট (ইসিআরআরপি: বাপাউবো অংশ) (৩য় সংশোধিত)" প্রকল্প। |
| | ৯.২ | (১) ফসলী জমি কেটে মাটি না নিয়ে নদী ড্রেজিং-এর মাধ্যমে অথবা শুষ্ক মৌসুমে নদীতে সৃষ্ট চর থেকে মাটি কেটে প্রাপ্ত মাটি দিয়ে নদীর উভয় তীরের দূর্বল জায়গাগুলো সংরক্ষণ ও বাঁধ পুনরাকৃতিকরণ করতে হবে।<br>(২) পানি ব্যবস্থাপনা ও বাঁধ নির্মাণ প্রকল্পে ড্রেজিং ও নদীশাসন খাতে কমপক্ষে ৭৫% (পঁচাত্তর শতাংশ) অর্থ বরাদ্দ রাখার বিষয়ে পরিকল্পনা কমিশন এবং পানি সম্পদ মন্ত্রণালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | পানি সম্পদ মন্ত্রণালয় এবং কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন।<br>"রংপুর জেলার গঙ্গাচড়া ও রংপুর সদর উপজেলায় তিস্তা নদীর ডান তীর ভাঙ্গন হতে রক্ষা" প্রকল্প। |
| ২৬। | ১৪/০৬/২০১৬<br>৫.২ | মাননীয় মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় কে সভাপতি করে পানি সম্পদ মন্ত্রণালয়সহ সংশ্লিষ্টদের নিয়ে একটি সমন্বয় কমিটি গঠন করে চট্টগ্রামের কর্ণফুলী নদীসহ ঢাকার চারপাশের নদীগুলোর দূষণরোধ এবং নাব্যতা বৃদ্ধির জন্য একটি মাস্টার প্ল্যান তৈরী করতে হবে। এ বিষয়ে প্রধানমন্ত্রীর কার্যালয় সার্বক্ষণিক মনিটরিং ও সমন্বয়ের জন্য সাচিবিক দায়িত্ব পালন করবেন। | পানি সম্পদ মন্ত্রণালয়, নৌ-পরিবহন মন্ত্রণালয়, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এবং প্রধানমন্ত্রীর কার্যালয়।<br>"বুড়িগঙ্গা নদী পুনরুদ্ধার (নতুন ধলেশ্বরী-পুংলী-বংশাই-তুরাগ-বুড়িগঙ্গা রিভার সিস্টেম) (১ম সংশোধিত)" প্রকল্প। |

| ক্রঃ নং | সভার তারিখ ও সিদ্ধান্তের ক্রমিক নং | নির্দেশনা/অনুশাসন | সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ এবং প্রকল্পের নাম |
|---|---|---|---|
| | ৬.২ | ফার্মের বাই প্রডাক্ট হিসেবে যে গোবর ও অন্যান্য বর্জ্য পাওয়া যায় তা জৈব সার তৈরীতে ব্যবহার করতে হবে। ফার্মের আওতায় দুগ্ধ ও দুগ্ধজাত পণ্য যেমন পনির, বাটার, মিষ্টি ইত্যাদি তৈরী করে বাণিজ্যিকভিত্তিতে বাজারজাতকরণের ব্যবস্থা করতে হবে। | প্রতিরক্ষা মন্ত্রণালয় এবং মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।<br>"মিলিটারি ফার্ম আধুনিকায়ন (১ম সংশোধিত)" প্রকল্প। |
| | ৭.২ | (১) বাঁধ নির্মাণের কাজ ভাগে ভাগে না করে একবারে সামগ্রিকভাবে বাঁধ নির্মাণ করতে হবে। এক্ষেত্রে প্রকল্পের প্রাধিকার তালিকা করে সে মোতাবেক প্রয়োজনীয় বরাদ্দের সংস্থান করে একটি প্রকল্পের কাজ একবারে সম্পন্ন করে ফেলতে হবে।<br>(২) বাঁধ নির্মাণ প্রকল্পের প্রতিটি কার্যক্রম IMED কর্তৃক নিবিড় মনিটরিং করতে হবে। | পানি সম্পদ মন্ত্রণালয় এবং আইএমইডি।<br>"ভোলা জেলার বোরহানউদ্দিন উপজেলায় মেঘনা নদীর ভাঙ্গন হতে শাহবাজপুর গ্যাস ফিল্ড রক্ষা (২য় পর্যায়) (২য় সংশোধিত)" প্রকল্প। |
| ২৭। | ২১/০৬/২০১৬<br>৬.২ | চিনিকল হতে প্রাপ্ত বাই-প্রডাক্ট যাতে দেশের চাহিদা পূরণ করে বিদেশে রপ্তানি করা যায় সে ব্যবস্থা গ্রহণ করতে হবে। | শিল্প মন্ত্রণালয়।<br>"নর্থ বেঙ্গল চিনিকলে কো-জেনারেশন পদ্ধতিতে বিদ্যুৎ উৎপাদন ও সুগার রিফাইনারি স্থাপন (১ম সংশোধিত)" প্রকল্প। |
| | ৮.২ | হাওড়-বাওড় চর এলাকার পানির প্রবাহ, জীববৈচিত্র ও পরিবেশ রক্ষার লক্ষ্যে এলিভেটেড সড়ক নির্মাণের সম্ভাব্যতা যাচাইয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়,সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।<br>"বানিয়াচং-আজমিরীগঞ্জ সড়ক নির্মাণ (১ম সংশোধিত)" প্রকল্প। |
| ২৮। | ২৮/০৬/২০১৬<br>৫.২ | দেশের প্রতিটি উপজেলায় বিভিন্ন মন্ত্রণালয়ের অধীনে কারিগরি শিক্ষা/ভোকেশনাল ট্রেনিং সংক্রান্ত স্কুলসহ কতগুলো স্কুল/কলেজ রয়েছে (সাধারণ/ভোকেশনাল), কত জন ছাত্র/ছাত্রী, কী কী বিষয়ে অধ্যয়ন করছে, প্রতিষ্ঠানগুলোর প্রকৃত জমির পরিমাণ কত এবং তার মধ্যে অব্যবহৃত জমির পরিমাণ ইত্যাদি তথ্য ভিত্তিক একটি জরিপ পরিচালনা করে তার রিপোর্ট জরুরিভিত্তিতে প্রধানমন্ত্রীর কার্যালয়সহ পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টরে সরবরাহ করতে হবে। উক্ত রিপোর্টেরভিত্তিতে পরবর্তীতে বাকী উপজেলাগুলোতে (টেকনিক্যালসহ সাধারণ) স্কুল/কলেজ নির্মাণের পরিকল্পনা গ্রহণ করতে হবে। | শিক্ষা মন্ত্রণালয় এবং আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন।<br>"১০০টি উপজেলায় ১ (এক)টি করে টেকনিক্যাল স্কুল ও কলেজ স্থাপন (১ম সংশোধিত)" প্রকল্প। |

| ক্রঃ নং | সভার তারিখ ও সিদ্ধান্তের ক্রমিক নং | নির্দেশনা/অনুশাসন | সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ এবং প্রকল্পের নাম |
|---|---|---|---|
| | ৭.২ | প্রতিটি সরকারি প্রতিষ্ঠান, বহুজাতিক কোম্পানি, ব্যাংক, গার্মেন্টস ইত্যাদিতে নিজ উদ্যোগে ডে-কেয়ার সেন্টার স্থাপন করতে হবে এবং অন্যান্য ক্ষেত্রে কোন শিল্প প্রতিষ্ঠান জায়গা প্রদানে সম্মত হলে সেখানে সরকারি সহায়তায় ডে-কেয়ার সেন্টার স্থাপনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এবং অন্যান্য সকল মন্ত্রণালয়/বিভাগ।<br>"২০টি শিশু দিবাযত্ন কেন্দ্র স্থাপন" প্রকল্প। |
| | ১২.২ | বিভাগীয় পর্যায়ের যে সকল জেলায় গ্রোথ সেন্টার গড়ে উঠার সম্ভাবনা রয়েছে সে সকল স্থানে এ জাতীয় আত্মকর্মসংস্থানমূলক প্রকল্প গ্রহণ করতে হবে। | শিল্প মন্ত্রণালয়।<br>"হাতে কলমে কারিগরি প্রশিক্ষণে মহিলাদেরকে গুরুত্ব দিয়ে বিটাকের কার্যক্রম সম্প্রসারণপূর্বক আত্ম-কর্মসংস্থান সৃষ্টি ও দারিদ্র বিমোচন (৩য় সংশোধিত)" প্রকল্প। |

বিষয়ঃ ২০১৬-২০১৭ অর্থ-বছরে একনেক সভাসমূহে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত নির্দেশনা/অনুশাসনসমূহ

| ক্রঃ নং | সভার তারিখ ও সিদ্ধান্তের ক্রমিক নং | নির্দেশনা/অনুশাসন | সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ এবং প্রকল্পের নাম |
|---|---|---|---|
| ০১। | ১২/০৭/২০১৬<br>৫.২ | বাংলাদেশ কোস্ট গার্ড তাদের প্রচলিত প্রতিরোধ কার্যক্রম, চোরাচালান, মাদক, মানব পাচার ইত্যাদি ছাড়াও দেশের উপকূলীয় অঞ্চল এবং উপকূলীয় অঞ্চলে নির্মিত গুরুত্বপূর্ণ স্থাপনার নিরাপত্তা রক্ষার বিষয়টি বিবেচনায় নিয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে। | স্বরাষ্ট্র মন্ত্রণালয়।<br>"বাংলাদেশ কোস্ট গার্ডের জন্য বিভিন্ন প্রকার জলযান নির্মাণ" প্রকল্প। |
| | ৮.২ | (১) ভবিষ্যতে ভবন নির্মাণ সংক্রান্ত প্রকল্পে নির্ধারিত ভিত অনুযায়ী সম্পূর্ণ ভবনটি একবারে নির্মাণ সম্পন্ন করতে হবে।<br>(২) চলমান টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ/ইনস্টিটিউট স্থাপন সংক্রান্ত প্রকল্পগুলোর ভবন নির্মাণ কাজ সমাপ্তির পর শিক্ষক, লজিস্টিক ইত্যাদি সংস্থানের মাধ্যমে যাতে তৎক্ষণাৎ ইনস্টিটিউটটি চালু করা যায় সে ধরণের প্রস্তুতিমূলক কাজ নির্ধারিত সময়ে সম্পন্ন করতে হবে। | বস্ত্র ও পাট মন্ত্রণালয় এবং সকল মন্ত্রণালয়/বিভাগ।<br>"বেগম আমিনা মনসুর টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং ইনস্টিটিউট, কাজিপুর, সিরাজগঞ্জ" প্রকল্প। |
| | ৯.২ | প্রকল্প অনুমোদনকালে ভবিষ্যতে মূল্যস্ফীতি বিবেচনায় নিয়ে ব্যয় প্রাক্কলন এবং বাস্তবায়নকালে তা আবশ্যিকভাবে অনুসরণ করতে হবে। প্রকল্প সংশোধনের প্রবণতা পরিহার করে নির্ধারিত মেয়াদে ও প্রাক্কলিত ব্যয়ে প্রকল্পের বাস্তবায়ন কাজ শেষ করতে হবে। | সকল মন্ত্রণালয়/বিভাগ।<br>"বিসিক শিল্প নগরী, ভৈরব (১ম সংশোধিত)" প্রকল্প। |
| ০২। | ২১/০৭/২০১৬<br>৭.২ | সারা দেশে সুগারবিট চাষ সম্প্রসারণের লক্ষ্যে কৃষি মন্ত্রণালয়, শিল্প মন্ত্রণালয় প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে। | শিল্প মন্ত্রণালয় এবং কৃষি মন্ত্রণালয়।<br>"ঠাকুরগাঁও চিনিকলের পুরাতন যন্ত্রপাতি প্রতিস্থাপন এবং বিট থেকে চিনি উৎপাদনের প্রয়োজনীয় যন্ত্রপাতি সংযোজন (১ম সংশোধিত)" প্রকল্প। |
| | ৮.২ | (১) হেরিটেজ রক্ষার্থে পুরাতন ও জরাজীর্ণ ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের সামনের অংশটুকু অবিকৃত রেখে পেছনের অংশে নতুন করে মেডিকেল কলেজ ও হাসপাতালের নতুন বহুতল ভবন নির্মাণ এবং সলিমুল্লাহ মেডিকেল কলেজ ও হাসপাতাল সম্প্রসারণের জন্য একটি প্রকল্প গ্রহণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে যেখানে সকল আধুনিক সুযোগ-সুবিধা সম্বলিত শ্রেণিকক্ষ, আন্তর্জাতিক মানের সেমিনার কক্ষ, আধুনিক চিকিৎসা ও রোগ নির্ণয় যন্ত্রপাতি এবং উন্নত মেডিকেল বর্জ্য ব্যবস্থাপনা থাকতে হবে।<br>(২) পর্যায়ক্রমে বাকী পুরাতন ৬টি মেডিকেল কলেজ ও হাসপাতালের সম্প্রসারণ ও আধুনিকীকরণের জন্য প্রকল্প গ্রহণ করতে হবে। | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।<br>"শিশু ও মাতৃস্বাস্থ্য এবং স্বাস্থ্য ব্যবস্থার উন্নয়ন [কম্পোনেন্ট ২: দেশের ৭টি বিভাগীয় মেডিকেল কলেজ ও হাসপাতালের ডায়াগনস্টিক ইমেজিং ব্যবস্থার আধুনিকীকরণ]" প্রকল্প। |

| ক্রঃ নং | সভার তারিখ ও সিদ্ধান্তের ক্রমিক নং | নির্দেশনা/অনুশাসন | সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ এবং প্রকল্পের নাম |
|---|---|---|---|
| | ১০.২ | পানিসম্পদ মন্ত্রণালয় খাল, নদী ও সমুদ্র পাড়ে বাঁধের উচ্চতা নির্দিষ্ট করে নীতিমালা/নির্দেশিকা প্রণয়ন করবে এবং তা অনুসরণ করে ভবিষ্যতে এ জাতীয় প্রকল্প গ্রহণ করতে হবে। | পানি সম্পদ মন্ত্রণালয়।<br>"তারাইল-পাঁচুরিয়া বন্যা নিয়ন্ত্রণ, নিষ্কাশন ও সেচ প্রকল্প (২য় পর্যায়) (১ম সংশোধিত)" প্রকল্প। |
| ০৩। | ০২/০৮/২০১৬<br>৭.২ | শ্রম বাজারের চাহিদার আলোকে দেশের বিশ্ববিদ্যালয়সমূহের বিভিন্ন বিষয়ের কারিকুলাম যুগোপযোগী করতে হবে। | শিক্ষা মন্ত্রণালয় এবং বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন।<br>"হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের বিশেষ উন্নয়ন" প্রকল্প। |
| | ১১.২ | (১) কেরাণীগঞ্জ কেন্দ্রীয় কারাগার সংক্রান্ত প্রকল্পে সাক্ষাৎ প্রার্থীদের জন্য পর্যাপ্ত ওয়াশরুমের সুবিধাসহ ওয়েটিং রুমের ব্যবস্থা, দাগী আসামীদের ভিডিও কনফারেন্সের মাধ্যমে আদালতের কার্যক্রমের সাথে যুক্ত করার জন্য একটি চেম্বার/কোর্ট (ভার্চুয়াল আদালত)-এর সংস্থান রেখে ৩য় সংশোধনের প্রস্তাব পেশ করতে হবে।<br>(২) কয়েদীদের বিভিন্ন উপার্জনমুখী কর্মে প্রশিক্ষণ প্রদান এবং প্রশিক্ষণের মাধ্যমে উৎপাদিত পণ্য বাজারজাতকরণের মাধ্যমে প্রাপ্ত অর্থের একটি অংশ কয়েদীদের নামে তাদের ব্যক্তিগত তহবিলে সঞ্চয়ের ব্যবস্থা করতে হবে। অর্থ বিভাগ কয়েদীদের উপার্জন সংক্রান্ত বিষয়টির উপর অতি দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সুরক্ষা সেবা বিভাগ এবং অর্থ বিভাগ।<br>"মহিলা কারারক্ষীদের জন্য আবাসন নির্মাণ" প্রকল্প। |
| ০৪। | ০৯/০৮/২০১৬<br>৭.২ | দেশের বিভিন্ন স্থানে চলমান বন্যার পানি নামার সাথে সাথে রাস্তা, বাঁধ ইত্যাদি অবকাঠামো জরুরিভাবে মেরামতের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পানি সম্পদ মন্ত্রণালয়, সড়ক পরিবহণ ও মহাসড়ক বিভাগ এবং স্থানীয় সরকার বিভাগ।<br>"চট্টগ্রাম জেলার উপকূলীয় এলাকার পোল্ডার নং-৬২ (পতেঙ্গা), পোল্ডার নং-৬৩/১ এ (আনোয়ারা), পোল্ডার নং-৬৩/১ বি (আনোয়ারা এবং পটিয়া) পুনর্বাসন" প্রকল্প। |
| ০৫। | ১৬/০৮/২০১৬<br>৭.২ | (১) নদীর নাব্যতা রক্ষার্থে ক্যাপিটাল ড্রেজিং এর পর প্রতি বছর Maintenance ড্রেজিং করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। ড্রেজিং এর ফলে প্রাপ্ত মাটি, পলি, বালি ইত্যাদি নদীর পাড় বাঁধাইসহ অন্যান্য কাজে যাতে ব্যবহার করা যায় তার ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(২) সরকারি স্থাপনা নির্মাণে সিল্ট দিয়ে নির্মিত ইট/হলো ব্লক এর ব্যবহারের জন্য গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | পানি সম্পদ মন্ত্রণালয় এবং গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।<br>"ভৈরব রিভার বেসিন এলাকার জলাবদ্ধতা দূরীকরণ ও টেকসই পানি ব্যবস্থাপনা উন্নয়ন" প্রকল্প। |

| ক্রঃ নং | সভার তারিখ ও সিদ্ধান্তের ক্রমিক নং | নির্দেশনা/অনুশাসন | সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ এবং প্রকল্পের নাম |
|---|---|---|---|
| | ৮.২ | প্রকল্প এলাকায় বাঁধের সাগরের দিকে গোলপাতা, ঝাউগাছ, নারিকেল ইত্যাদি গাছের বনায়নের ব্যবস্থা গ্রহণ করতে হবে। পরিবেশ ও বন মন্ত্রণালয়ের সাথে আলোচনা করে এর সমন্বয় করতে হবে। | পানি সম্পদ মন্ত্রণালয় এবং পরিবেশ ও বন মন্ত্রণালয়।<br>“কক্সবাজার জেলার টেকনাফ উপজেলার শাহপরীর দ্বীপে পোল্ডার নং-৬৮ এর সী-ডাইক অংশে বাঁধ পুনঃনির্মাণ ও প্রতিরক্ষা কাজ বাস্তবায়ন” প্রকল্প। |
| | ১০.২ | মহিলাদের চাকুরী বাজার ও কর্মসংস্থানের বিষয়টি বিবেচনায় নিয়ে হাউজহোল্ড গভর্নেন্স, ফুড প্রসেসিং, বেবিসিটিং, ইত্যাদি নতুন নতুন ট্রেড-এ প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।<br>“নগর ভিত্তিক প্রান্তিক মহিলা উন্নয়ন (২য় পর্যায়)” প্রকল্প। |
| ০৬। | ২৩/০৮/২০১৬<br>৬.২ | (১) প্রতিটি বিভাগীয় প্রধান কার্যালয় এর Exterior Design যথাসম্ভব একরকম হতে হবে যাতে বাইরে থেকে দেখেই বোঝা যায় এটি বিভাগীয় প্রধান কার্যালয়।<br>(২) ভবিষ্যতে বহুতল অফিস ভবন নির্মাণের ক্ষেত্রে অডিটরিয়াম/সেমিনার হল, ভবনের নীচ তলায়/১ম তলায় সংস্থান রেখে নকশা প্রণয়ন করতে হবে। | জনপ্রশাসন মন্ত্রণালয় এবং গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।<br>“রংপুর বিভাগীয় সদর দপ্তর নির্মাণ” প্রকল্প। |
| | ৭.২ | বিদ্যুৎ কেন্দ্রের কয়লা পরিবহনের সুবিধার্থে মেঘনা নদীর সন্দ্বীপ চ্যানেলে নদীর নাব্যতা বৃদ্ধির জন্য ড্রেজিং করতে হবে। নৌ-পরিবহন মন্ত্রণালয় এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | নৌ-পরিবহণ মন্ত্রণালয়।<br>“মুন্সীগঞ্জ জেলায় ৩০০/৪০০ মেঃওঃ সুপার ক্রিট্রিক্যাল কয়লা ভিত্তিক বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের লক্ষ্যে ভূমি অধিগ্রহণ ও পুনর্বাসন” প্রকল্প। |
| | ৮.২ | ঢাকার নিকটবর্তী Four River Restoration প্রকল্পটির কার্যক্রম কেন বন্ধ করে দেয়া হয় তার কারণ এবং প্রকল্পটির নথি-পত্র খুঁজে বের করে নদীগুলোর নাব্যতা বৃদ্ধির বিষয়ে করণীয় নির্ধারণের জন্য মেজর জেনারেল সাইদ, কো-অর্ডিনেটর, পদ্মা সেতু প্রকল্প প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ এবং কো-অর্ডিনেটর, পদ্মা সেতু প্রকল্প।<br>“রূপগঞ্জ জলসিড়ি আবাসন সংযোগকারী সড়ক উন্নয়ন” প্রকল্প। |
| ০৭। | ৩০/০৮/২০১৬<br>৮.২ | (১) প্রগতি ইন্ডাস্ট্রিজ হতে ঋণের টাকায় ক্রয়কৃত বিআরটিসি'র বাসগুলোর ঋণের সুদ মওকুফের জন্য সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, অর্থ বিভাগ এবং শিল্প মন্ত্রণালয়ের সমন্বয়ে গঠিত আন্তঃমন্ত্রণালয় কমিটির মাধ্যমে প্রচলিত নিয়ম অনুসরণ করে সংশ্লিষ্ট ব্যাংকের বোর্ডের অনুমোদন নিয়ে ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(২) নষ্ট হয়ে পড়ে থাকা বাসগুলো অবিলম্বে নিলামে বিক্রির জন্য বিআরটিসি ব্যবস্থা গ্রহণ করবে। | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, অর্থ বিভাগ ও শিল্প মন্ত্রণালয়।<br>“বিআরটিসি'র জন্য দ্বিতল, একতলা এসি ও নন এসি বাস সংগ্রহ” প্রকল্প। |

| ক্রঃ নং | সভার তারিখ ও সিদ্ধান্তের ক্রমিক নং | নির্দেশনা/অনুশাসন | সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ এবং প্রকল্পের নাম |
|---|---|---|---|
| | ৯.২ | বিআরটিসি'র কিছু ট্রাক কাভার্ড ভ্যানে রূপান্তরিত করে Online-এ ক্রয়কৃত পণ্য সরবরাহ এবং অন্যান্য ক্ষেত্রে কুরিয়ার সার্ভিস ডেলিভারির কাজে ব্যবহার করা যেতে পারে। এ বিষয়ে ডাক বিভাগের সাথে সমন্বয় করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।<br>"বিআরটিসি'র জন্য ট্রাক সংগ্রহ" প্রকল্প। |
| ০৮। | ০৬/০৯/২০১৬<br>৮.২ | ভবিষ্যতে আলাদাভাবে বিসিক শিল্পনগরী না করে দেশের প্রত্যেক বিশেষ অর্থনৈতিক জোনে বিসিক কর্তৃক প্লট কিনে শিল্পনগরী প্রতিষ্ঠা করতে হবে। | শিল্প মন্ত্রণালয় ও বেজা।<br>"বিসিক বৈদ্যুতিক পণ্য উৎপাদন ও হালকা প্রকৌশল শিল্পনগরী" প্রকল্প। |
| | ৯.২ | ভবিষ্যতে চট্টগ্রাম-রাঙ্গামাটি মহাসড়কের সম্প্রসারণের বিষয়টি বিবেচনায় নিয়ে মহাসড়ক হতে দূরে এবং প্রস্তাবিত প্রকল্প এলাকায় বিদ্যমান খালের পর থেকে প্লট বরাদ্দের বিষয়টি বিবেচনায় নিতে হবে। | শিল্প মন্ত্রণালয়।<br>"বিসিক শিল্পনগরী, রাউজান" প্রকল্প। |
| ০৯। | ০৪/১০/২০১৬<br>৫.২ | সোলার প্যানেলের মাধ্যমে পারিবারিক পর্যায়ে উৎপাদিত সৌর বিদ্যুৎ জাতীয় গ্রীডে সরবরাহের লক্ষ্যে বিশেষজ্ঞ ব্যক্তিবর্গের মাধ্যমে গবেষণা/পরীক্ষা করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বিদ্যুৎ বিভাগ।<br>"রুরাল ইলেকট্রিফিকেশন আপগ্রেডেশন প্রজেক্ট (রাজশাহী, রংপুর, খুলনা ও বরিশাল বিভাগ) (৩য় সংশোধিত)" প্রকল্প। |
| | ৭.২ | (১) সীমান্তবর্তী নদীগুলোর নাব্যতা বৃদ্ধিতে ড্রেজিং করার লক্ষ্যে পানি সম্পদ মন্ত্রণালয় ও নৌ-পরিবহণ মন্ত্রণালয় যৌথভাবে ম্যাপিং করে পরিকল্পনা গ্রহণ করবে এবং সে মোতাবেক সংশ্লিষ্ট জেলা প্রশাসক নির্দিষ্ট জায়গায় ড্রেজিং -এর মাধ্যমে বালু উত্তোলনের জন্য লীজ প্রদানের ব্যবস্থা গ্রহণ করবে।<br>(২) ড্রেজিং-এর ফলে প্রাপ্ত বালি দ্বারা হলোব্লক তৈরী করার বিষয়ে গণপূর্ত মন্ত্রণালয় প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে। | পানিসম্পদ মন্ত্রণালয়, নৌ-পরিবহণ মন্ত্রণালয় এবং গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।<br>"শ্যামগঞ্জ-জারিয়া-বিরিশিরি-দূর্গাপুর জেলা মহাসড়ককে জাতীয় মহাসড়ক মানে উন্নয়ন" প্রকল্প। |
| | ৮.২ | প্রস্তাবিত ভবনসহ আশেপাশের সরকারি আবাসিক ভবনের বর্জ্য পরিশোধের জন্য একটি সেন্ট্রাল সুয়ারেজ ট্রিটমেন্ট প্লান্ট (CSTP) স্থাপনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।<br>"ঢাকার আজিমপুরে জুডিসিয়াল কর্মকর্তাদের আবাসিক ভবন নির্মাণ" প্রকল্প। |
| ১০। | ২৫/১০/১৬<br>৮.২ | (১) মেডিক্যাল যন্ত্রপাতি যথাযথ ব্যবহারের জন্য স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক সংশ্লিষ্ট জনবলের প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(২) প্রত্যেক বিভাগে একটি ক্যান্সার হাসপাতাল স্থাপনের বিষয়ে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় উদ্যোগ গ্রহণ করবে। | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।<br>"ঢাকা সিএমএইচ এ ক্যান্সার সেন্টার নির্মাণ" প্রকল্প। |

| ক্রঃ নং | সভার তারিখ ও সিদ্ধান্তের ক্রমিক নং | নির্দেশনা/অনুশাসন | সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ এবং প্রকল্পের নাম |
|---|---|---|---|
| | ১০.২ | ১৯৯৬ থেকে ২০০১ সাল মেয়াদে কোন কোন প্রকল্প অনুমোদন করা হয়েছিল এবং তন্মধ্যে কোনগুলো বাস্তবায়ন পর্যায়ে বন্ধ করে দেয়া হয়েছিল তার তালিকা সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ কর্তৃক প্রণয়নপূর্বক চাহিদার আলোকে তা বাস্তবায়নের জন্য উদ্যোগ গ্রহণ করবে। | সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।<br>"গোবিন্দগঞ্জ-ছাতক-দোয়ারা বাজার সড়কের ছাতকে সুরমা নদীর উপর সেতুর অবশিষ্ট কাজ সমাপ্তকরণ" প্রকল্প। |
| ১১। | ১০/১১/২০১৬<br>৭.২ | নৌ পুলিশের জন্য আরো সরঞ্জামাদি ও যানবাহনের প্রয়োজন হলে তার জন্য আলাদাভাবে একটি প্রকল্প প্রস্তাব তৈরি করতে হবে। | স্বরাষ্ট্র মন্ত্রণালয়।<br>"১৯টি নৌ পুলিশ ফাঁড়ি ও ব্যারাক নির্মাণ" প্রকল্প। |
| | ৯.২ | বিদ্যুৎ বিভাগকে বিদ্যুৎ সঞ্চালন ব্যবস্থার উন্নয়নের জন্য এলাকা বাছাই এর সময় অবহেলিত জায়গা গুলোকে অগ্রাধিকার প্রদান করতে হবে। | বিদ্যুৎ জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রনালয়, বিদ্যুৎ বিভাগ।<br>"গ্রীড ভিত্তিক বিদ্যুৎ সরবরাহে দক্ষতা উন্নয়ন" প্রকল্প। |
| | ১০.২ | জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ কর্তৃক ইতোপূর্বে এডিবি এর অর্থায়নে কমপ্রেসার স্থাপনে দেরী হওয়ার কারণ ও এতে ব্যয় বৃদ্ধির হিসাব সংক্রান্ত একটি রিপোর্ট তৈরি করতে হবে এবং তা প্রধানমন্ত্রীর কার্যালয়কে অবহিত করতে হবে। | বিদ্যুৎ জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রনালয়, জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ।<br>"তিতাস গ্যাস ফিল্ডের লোকেশন-এ তে ওয়েলহেড কম্প্রেসর স্থাপন" প্রকল্প। |
| | ১১.২ | (১) ভূমি অধিগ্রহণের ক্ষেত্রে ধানি জমি যথাসম্ভব বাদ দিয়ে অনাবাদি জমি বা ডুবচর নিতে হবে।<br>(২) ভূমি অধিগ্রহণকালে সর্বশেষ রেজিস্ট্রেশন দর অনুযায়ী এলাকার জনগণকে ভূমির ন্যায্যমূল্য ও ক্ষতিপূরণ দেয়ার ব্যবস্থা করতে হবে। | সকল মন্ত্রণালয়/বিভাগ।<br>"পটুয়াখালী ১৩২০ মে:ও: কয়লা ভিত্তিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণের জন্য ভূমি অধিগ্রহণ, ভূমি উন্নয়ন এবং পুনর্বাসন" প্রকল্প। |
| | ১২.২ | জোয়ারের সময় যে পলিমাটি পাওয়া যাবে তা ভূমি উন্নয়নে কাজে লাগাতে হবে। | পানি সম্পদ মন্ত্রণালয়।<br>"নোয়াখালী এলাকার জলাবদ্ধতা নিরসনকল্পে বন্যা নিয়ন্ত্রণ ও নিস্কাশন ব্যবস্থার উন্নয়ন" প্রকল্প। |
| | ১৪.২ | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় বিদ্যমান পুলিশ হাসপাতালসমূহে ডাক্তার, নার্স ও টেকনিশিয়ান পদায়ন নিশ্চিত করবে। | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।<br>"বিদ্যমান পুলিশ হাসপাতালসমূহের আধুনিকীকরণ" প্রকল্প। |
| ১২। | ২২/১১/২০১৬<br>৬.২ | আরইবি ও পিডিবি'র মধ্যে সমন্বয়ের মাধ্যমে এলাকা ভাগ করে গ্রাহক পর্যায়ে বিদ্যুৎ বিতরণ করতে হবে এবং দুটো সংস্থার ট্যারিফের হার সমান করতে হবে। বিদ্যুৎ বিভাগ এ বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে। | বিদ্যুৎ জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রনালয়, বিদ্যুৎ বিভাগ।<br>"বিতরণ ব্যবস্থার ক্ষমতাবর্ধন, পুনর্বাসন ও নিবিড়করণ (ঢাকা, ময়মনসিংহ, চট্টগ্রাম ও সিলেট বিভাগ)" প্রকল্প। |

| ক্রঃ নং | সভার তারিখ ও সিদ্ধান্তের ক্রমিক নং | নির্দেশনা/অনুশাসন | সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ এবং প্রকল্পের নাম |
|---|---|---|---|
| | ১৩.২ | জরুরিভিত্তিতে ব্রহ্মপুত্র নদ ড্রেজিং এর জন্য একটি প্রকল্প গ্রহণ করতে হবে। পানি সম্পদ মন্ত্রণালয় এ প্রকল্প গ্রহণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | পানি সম্পদ মন্ত্রণালয়।<br>"কক্সবাজার জেলার বাঁকখালী নদী বন্যা নিয়ন্ত্রণ, নিষ্কাশন, সেচ ও ড্রেজিং (১ম পর্যায়)" প্রকল্প। |
| | ১৪.২ | প্রধানমন্ত্রীর কার্যালয় কর্তৃক উন্নয়ন প্রকল্পের আওতায় ক্রয়কৃত গাড়ীগুলোর একটি স্বয়ংসম্পূর্ণ Inventory করার উদ্যোগ গ্রহণ করবে। | স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং প্রধানমন্ত্রীর কার্যালয়।<br>"ঢাকা মেট্রোপলিটন পুলিশের অপারেশন সক্ষমতা ও দক্ষতা বৃদ্ধিকরণ" প্রকল্প। |
| ১৩। | ০৬/১২/২০১৬<br>৬.২ | ক্রম পরিবর্তনশীল বাজার চাহিদা বিবেচনায় নিয়ে দক্ষ প্রশিক্ষিত শ্রমিক তৈরির লক্ষ্যে কিভাবে বিভিন্ন মন্ত্রণালয়ের অধীনে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহে বাস্তবায়িত/ বাস্তবায়িতব্য এ ধরণের প্রশিক্ষণসমূহ সমন্বয়ের মাধ্যমে দেশে ও বিদেশে প্রশিক্ষিত দক্ষ শ্রমিক তৈরি করে দেশে ও বিদেশে বিভিন্ন প্রতিষ্ঠানে কর্মসংস্থান করা যায়, সে লক্ষ্যে মুখ্য সমন্বয়ক (এসডিজি), প্রধানমন্ত্রীর কার্যালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | অর্থ মন্ত্রণালয় এবং প্রধানমন্ত্রীর কার্যালয়।<br>"স্কিলস্ ফর এমপ্লয়মেন্ট ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (ফেজ-১) (১ম সংশোধিত)" প্রকল্প। |
| | ৯.২ | ঢাকা বিশ্ববিদ্যালয়ের হলগুলোর রক্ষণাবেক্ষণ কাজে ছাত্র/ছাত্রীদের সংশ্লিষ্ট করে নিয়মিত পরিষ্কার/ পরিচ্ছন্ন রাখার উদ্যোগ গ্রহণ করতে হবে। | শিক্ষা মন্ত্রণালয় এবং বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন।<br>"ঢাকা বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ও আবাসিক ভবন নির্মাণ" প্রকল্প। |
| | ১৪.২ | প্রস্তাবিত রেলসেতু হতে বগুড়া পর্যন্ত একটি রেললাইন নির্মাণের লক্ষ্যে আলাদা একটি প্রকল্প গ্রহণ করতে হবে। | রেলপথ মন্ত্রণালয়।<br>"যমুনা রেলওয়ে সেতু নির্মাণ" প্রকল্প। |
| | ১৫.২ | ভূমি মন্ত্রণালয় কর্তৃক অবশিষ্ট (৩১০০−১০০০)= ২১০০ ইউনিয়ন ভূমি অফিস নির্মাণের জন্য প্রকল্প প্রণয়ন করে তা অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য পরিকল্পনা কমিশনে প্রেরণ করতে হবে। | ভূমি মন্ত্রণালয়।<br>"সমগ্র দেশে শহর ও ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ" প্রকল্প। |
| ১৪। | ২২/১২/২০১৬<br>৫.২ | প্রস্তাবিত প্রাথমিক বিদ্যালয়সমূহের ওয়াশব্লককে ছাত্র/ছাত্রীদের জন্য দুইটি আলাদা আলাদা প্রবেশপথ থাকতে হবে, যাতে ছাত্র/ছাত্রীবৃন্দ দুইটি পৃথক প্রবেশপথ দিয়ে আলাদা দুইটি টয়লেট ব্যবহার করতে পারে। প্রতিবন্ধী ছাত্র/ছাত্রীদের টয়লেট ব্যবহারের বিষয়টি মাথায় রেখে ওয়াশব্লকের প্রবেশপথে সিঁড়ির পাশাপাশি র‍্যাম্প এবং প্রতিবন্ধীদের ব্যবহার উপযোগী হাইকমোড টয়লেটের সংস্থান রাখতে হবে। | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।<br>"চাহিদা ভিত্তিক সরকারি প্রাথমিক বিদ্যালয় উন্নয়ন (১ম পর্যায়)" প্রকল্প। |

| ক্রঃ নং | সভার তারিখ ও সিদ্ধান্তের ক্রমিক নং | নির্দেশনা/অনুশাসন | সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ এবং প্রকল্পের নাম |
|---|---|---|---|
| | ৬.২ | সরকারি প্রাথমিক বিদ্যালয়গুলো যাতে কোন ক্রমেই অন্যত্র ভাড়া দেয়া না হয় সে বিষয়ে একটি অনুশাসন প্রধানমন্ত্রীর কার্যালয় এবং পরিকল্পনা মন্ত্রণালয়ের একনেক অনুবিভাগ হতে জারি করতে হবে। | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, প্রধানমন্ত্রীর কার্যালয় এবং পরিকল্পনা বিভাগ।<br>"চাহিদা ভিত্তিক নতুন জাতীয়করণকৃত সরকারি প্রাথমিক বিদ্যালয় উন্নয়ন (১ম পর্যায়)" প্রকল্প। |
| | ৯.২ | বিশ্ববিদ্যালয়গুলোর সার্বিক উন্নয়নে এ্যালামনাই এসোসিয়েশনগুলোকে অর্থ সংগ্রহে কার্যকরি ভূমিকা পালন করতে হবে এবং সংগৃহীত অর্থ বিশ্ববিদ্যালয়ের উন্নয়নে ব্যবহার করার উদ্যোগ গ্রহণ করা যেতে পারে। বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন এ বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে পারে। | বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন এবং শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।<br>"রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ভৌত অবকাঠামো উন্নয়ন" প্রকল্প। |
| | ১৯.২ | এ দেশে একটি মানুষও যাতে গৃহহারা না থাকে- এ বিষয়ে প্রধানমন্ত্রীর কার্যালয় প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে। | প্রধানমন্ত্রীর কার্যালয়।<br>"গুচ্ছগ্রাম ২য় পর্যায় (ক্লাইমেট ভিকটিমস রিহ্যাবিলিটেশন) (১ম সংশোধিত)" প্রকল্প। |
| ১৫। | ০৩/০১/২০১৭<br>৫.২ | (১) নির্মিতব্য বা সুউচ্চ ভবন নির্মাণ পরিকল্পনায় জলাশয়ের সংস্থান রাখতে হবে, যাতে করে অগ্নিকান্ড বা প্রয়োজনের সময় সেখান থেকে পানি সংগ্রহ করা যায়।<br>(২) পদ সৃষ্টি, পদ স্থায়ীকরণ এবং জনবল নিয়োগ পদ্ধতি (রাজস্ব) প্রভৃতি সমজাতীয় কার্যক্রমকে আরও সহজতর করার লক্ষ্যে মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, অর্থ বিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয় কে নিয়ে দ্রুত একটি কমিটি গঠন করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।<br>(৩) জনবলের আউট সোর্সিং কার্যক্রমটিকে শৃঙ্খলায় আনার জন্য স্বচ্ছ নীতিমালা তৈরি করে এ ধরণের কোম্পানিকে লাইসেন্সিং এর আওতায় আনতে হবে এবং তালিকাভুক্ত করে কোম্পানিসমূহের ডাটাবেজ করতে হবে। অর্থ বিভাগ এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | স্বরাষ্ট্র মন্ত্রণালয়, জনপ্রশাসন মন্ত্রণালয়, অর্থ বিভাগ ও মন্ত্রিপরিষদ বিভাগ।<br>"দেশের গুরুত্বপূর্ণ উপজেলা/সদর স্থানে ১৫৬টি ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন (১ম সংশোধিত)" প্রকল্প। |
| ১৬। | ১০/০১/২০১৭<br>৫.২ | আলোচ্য প্রকল্পের মাধ্যমে প্রণীতব্য মাস্টার প্ল্যান এর ভিত্তিতে চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকার স্যানিটেশন ব্যবস্থার উন্নয়ন সংক্রান্ত একটি প্রকল্প গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ।<br>"চট্টগ্রাম পানি সরবরাহ উন্নয়ন ও স্যানিটেশন (১ম সংশোধিত)" প্রকল্প। |

| ক্রঃ নং | সভার তারিখ ও সিদ্ধান্তের ক্রমিক নং | নির্দেশনা/অনুশাসন | সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ এবং প্রকল্পের নাম |
|---|---|---|---|
| | ৬.২ | ঢাকা শহরের ফুটপাত রক্ষা করার লক্ষ্যে ফুটপাতের হকারদের পুনর্বাসনের জন্য বন্ধের দিনগুলোতে নির্দিষ্ট স্থানে সাপ্তাহিক মার্কেট বসানোর দিন ধার্য করতে হবে। | স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, স্থানীয় সরকার বিভাগ।<br>"ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন আওতাধীন নবসংযুক্ত শ্যামপুর, দনিয়া, মাতুয়াইল এবং সারুলিয়া এলাকার সড়ক অবকাঠামো ও ড্রেনেজ ব্যবস্থার উন্নয়ন" প্রকল্প। |
| | ৮.২ | পলি ব্যবস্থাপনার পূর্ণাঙ্গ পরিকল্পনা গ্রহণ করতে হবে। বিশেষ করে নদী/খাল খননের মাধ্যমে প্রাপ্ত পলি দ্বারা ব্লক তৈরির জন্য বেজাকে সম্পৃক্ত করে একটি পাইলট প্রকল্প গ্রহণ করা যেতে পারে। এ বিষয়ে পানি সম্পদ মন্ত্রণালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | পানি সম্পদ মন্ত্রণালয়, নৌ-পরিবহন মন্ত্রণালয় এবং প্রধানমন্ত্রীর কার্যালয়।<br>"বাগেরহাট জেলায় ৮৩টি নদী/খাল পুনঃখনন এবং মংলা/ঘষিয়াখালী চ্যানেলের নাব্যতা বৃদ্ধি" প্রকল্প। |
| | ১১.২ | (১) হাইড্রোলজিক্যাল, মরফোলজিক্যাল ও নেভিগেশন সমীক্ষায় নদীর বৈশিষ্ট্য, পানির প্রবাহ, চরের গতিবিধি, ডুবু চরের এরিয়াল ভিউ ইত্যাদি বিষয়াদি বিবেচনায় রাখতে হবে।<br>(২) আলোচ্য প্রকল্পের আওতায় প্রস্তাবিত নদীগুলোর উপর কয়টি ব্রিজ রয়েছে বা কয়টি নির্মাণ করা হচ্ছে তা প্রধানমন্ত্রীর কার্যালয়কে অবহিত করতে হবে। | স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং পানিসম্পদ মন্ত্রণালয়<br>"পল্লী সড়কে গুরুত্বপূর্ণ সেতু নির্মাণ" প্রকল্প। |
| | ১২.২ | পার্বত্য এলাকার কোন ঘর যেন অন্ধকার না থাকে সেজন্য দুর্গম এলাকাবাসীদের জন্য সোলার প্যানেলের ব্যবস্থা করার লক্ষ্যে প্রয়োজনীয় প্রকল্প প্রস্তাব দ্রুত প্রক্রিয়াকরণ করতে হবে। | বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বিদ্যুৎ বিভাগ।<br>"তিনটি পার্বত্য জেলায় বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার উন্নয়ন" প্রকল্প। |
| ১৭। | ৩১/০১/২০১৭<br>৫.২ | (১) আরবান ও রুরাল এলাকায় কি পরিমাণ রাস্তার প্রয়োজন তার একটি সমন্বিত 'মাস্টার প্ল্যান' তৈরি করতে হবে। সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।<br>(২) সরকারি খাসজমি/চর অঞ্চলের খাসজমি পরিকল্পিতভাবে অর্থাৎ বসতির জমি একত্রে এবং চাষের জমি আলাদা আলাদাভাবে পরিকল্পনা করে বিতরণের ব্যবস্থা নিতে হবে। এ বিষয়ে স্থানীয় সরকার বিভাগ হতে প্রস্তাবিত একটি নির্দেশনা মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক দেশের সকল জেলা প্রশাসকের নিকট প্রেরণ করতে হবে।<br>(৩) ইউনিয়ন পর্যায়ে বাস্তবায়নাধীন উন্নয়ন কর্মকান্ড সম্পর্কে সাইন বোর্ডে প্রকল্পের মোট ব্যয় প্রাক্কলনসহ সংশ্লিষ্ট বিষয়াদি উপস্থাপনের মাধ্যমে স্থানীয় সংসদ সদস্যসহ সর্বসাধারণকে অবহিত করতে হবে। | স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং মন্ত্রিপরিষদ বিভাগ।<br>"লোকাল গভর্ন্যান্স সাপোর্ট প্রজেক্ট-৩ (এলজিএসপি-৩)" প্রকল্প। |

| ক্রঃ নং | সভার তারিখ ও সিদ্ধান্তের ক্রমিক নং | নির্দেশনা/অনুশাসন | সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ এবং প্রকল্পের নাম |
|---|---|---|---|
| | ৭.২ | (১) খুলনা বিভাগের যে সকল জেলায় কম পাকা রাস্তা রয়েছে সে সকল জেলায় বেশী পাকা রাস্তা করার জন্য গুরুত্ব প্রদান করতে হবে।<br>(২) সড়ক মেরামত ও রক্ষণাবেক্ষণের সময় জোয়ার/ভাটার বিষয়টি বিবেচনায় নিয়ে নদীর স্রোত ও মিঠা পানির প্রবাহ বাড়ানোর জন্য ব্রিজ/কালভার্টের উচ্চতা বৃদ্ধি করতে হবে এবং ব্রিজ/কালভার্টের মুখ যাতে বন্ধ না থাকে সে বিষয়টি লক্ষ্য রাখতে হবে। | স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ।<br>"খুলনা বিভাগ পল্লী অবকাঠামো উন্নয়ন" প্রকল্প। |
| | ১১.২ | পুলিশ বাহিনীর বিভিন্ন কর্মস্থলে আবাসিক সুবিধাদি বৃদ্ধির জন্য একটি বড় প্রকল্প গ্রহণ করতে হবে। | স্বরাষ্ট্র মন্ত্রণালয়, জননিরাপত্তা বিভাগ।<br>"বরিশাল ও সিলেট আর্মড পুলিশ ব্যাটালিয়ন (এপিবিএন) এবং রেঞ্জ রিজার্ভ (আরআরএফ) পুলিশ লাইন নির্মাণ" প্রকল্প। |
| ১৮। | ০৭/২/২০১৭<br>৯.২ | কারিগরি বিশ্ববিদ্যালয়গুলোতে আধুনিক বিজ্ঞানের সাম্প্রতিক বিষয়গুলোর সাথে মিল রেখে ফলিত ও ব্যবহারিক বিষয়গুলোর উপর সাবজেক্ট/অনুষদ খোলার জন্য বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে। | শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ ও বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন।<br>"চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উন্নয়ন" প্রকল্প। |
| ১৯। | ১৪/০২/২০১৭<br>৭.২ | সিটি কর্পোরেশন, পৌরসভা, জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে নতুন শহরগুলোর উন্নয়ন কর্মকান্ডের অংশ হিসেবে আবশ্যিকভাবে বর্জ্য ব্যবস্থাপনা ও পানি শোধনাগারের ব্যবস্থা রেখে প্রকল্প প্রণয়ন করতে হবে। | স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ।<br>"গোপালগঞ্জ এবং বাগেরহাট পৌরসভার পানি সরবরাহ ও এনভায়রনমেন্টাল স্যানিটেশন ব্যবস্থা উন্নতিকরণ" প্রকল্প। |
| | ৮.২ | ইউটিলিটি সার্ভিসগুলো Common duct-এর মাধ্যমে সরবরাহের বিষয়ে একটি Uniform Standard Model ব্যবহার করতে হবে যাতে Model অনুযায়ী অন্যান্য প্রতিষ্ঠানসমূহ কাজ করতে পারে। এছাড়া, এ সার্ভিসগুলো সময়ে সময়ে মেরামতের জন্য প্রয়োজনীয় জাংশন বক্সসহ স্বয়ংসম্পূর্ণ ম্যাপিং এর ব্যবস্থা থাকতে হবে। | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এবং স্থানীয় সরকার বিভাগ।<br>"কোর্ট হতে রাজশাহী বাইপাস রোড পর্যন্ত সড়ক প্রশস্তকরণ (১ম সংশোধিত)" প্রকল্প। |
| | ৯.২ | ঢাকা উত্তর সিটি কর্পোরেশনে যেখানে জায়গার সুবিধা রয়েছে সেখানে বৈদ্যুতিক তার ও ডিশ/ইন্টারনেট এর তারগুলো Under ground-এ স্থাপনের ব্যবস্থা করতে হবে। এছাড়া, বিভিন্ন স্থানে একাধিক সিসিটিভি কন্ট্রোল রুম রাখতে হবে যাতে দুর্ঘটনা ঘটলে কাছাকাছি স্থানে থেকে দ্রুত দুর্ঘটনা স্থলে পৌঁছা সম্ভব হয়। | স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ।<br>"ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এলাকায় এলইডি (LED) সড়কবাতি, সিসিটিভি ক্যামেরা ও সিসিটিভি কন্ট্রোল সেন্টার সরবরাহ ও স্থাপন" প্রকল্প। |

| ক্রঃ নং | সভার তারিখ ও সিদ্ধান্তের ক্রমিক নং | নির্দেশনা/অনুশাসন | সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ এবং প্রকল্পের নাম |
|---|---|---|---|
| ২০। | ১৪/০৩/২০১৭<br>৭.২ | দেশের কোথায় কোন রাস্তা হবে তার একটি 'মাস্টার প্ল্যান' করতে হবে। পরবর্তীতে এ 'মাস্টার প্ল্যান' অনুযায়ী সড়কের উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন করতে হবে। সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, স্থানীয় সরকার বিভাগ এবং গ্রামীণ ক্ষুদ্র রাস্তার ক্ষেত্রে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এ ৩টি মন্ত্রণালয়ের মধ্যে সমন্বয়ের মাধ্যমে মাস্টার প্ল্যান তৈরির জন্য পরিকল্পনা কমিশন প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে। | ভৌত অবকাঠামো বিভাগ এবং কৃষি, পানিসম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন।<br>"গ্রামীণ মাটির রাস্তাসমূহ টেকসইকরণের লক্ষ্যে হেরিং বোন বন্ড (এইচবিবি) করণ" প্রকল্প। |
| ২১। | ২১/০৩/২০১৭<br>৫.২ | (১) প্রতিটি স্কুলে প্রাক্তন ছাত্র/ছাত্রীদের নিয়ে একটি এলামনাই গঠন করতে হবে। প্রাক্তন ছাত্র/ছাত্রীদের ডোনেশনের মাধ্যমে প্রাপ্ত অর্থ স্বচ্ছতার সাথে ঐ স্কুলের উন্নয়নে ব্যয় করতে হবে। শিক্ষা মন্ত্রণালয় এ বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে।<br>(২) দুর্গম এলাকায় স্কুলগুলোর আবাসিক ব্যবস্থা থাকতে হবে। | শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।<br>"সরকারি মাধ্যমিক বিদ্যালয়সমূহের উন্নয়ন" প্রকল্প। |
| | ৮.২ | দেশে শিল্প কারখানা নির্মাণ প্রকল্পে, বৃহৎ আবাসিক বা সমজাতীয় প্রকল্পে আবশ্যিকভাবে ETP বা STP (যেখানে যেটা প্রযোজ্য) এর সংস্থান রাখতে হবে। | বস্ত্র ও পাট মন্ত্রণালয়, শিল্প মন্ত্রণালয় এবং গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।<br>"গৌরনদী টেক্সটাইল ইনস্টিটিউট স্থাপন (১ম সংশোধিত)" প্রকল্প। |
| ২২। | ২৮/০৩/১৭<br>১৫.২ | দেশে ইসলামের নামে জঙ্গীবাদ ও সন্ত্রাসবাদের যে উত্থান হয়েছে তার বিরুদ্ধে সচেতনতা তৈরি করতে হবে। এ বিষয়ে ধর্ম বিষয়ক মন্ত্রণালয় ও ইসলামিক ফাউন্ডেশন প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে। | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।<br>"মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম (৬ষ্ঠ পর্যায়) (১ম সংশোধন)" প্রকল্প। |
| ২৩। | ০৪/০৪/২০১৭<br>৬.২ | সারাদেশে পরিত্যাক্ত বসতবাড়ি সরকারের হেফাজতে রাখতে যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে হবে এবং পরিত্যাক্ত এসব জমির উপযুক্ত ব্যবহার নিশ্চিত করতে এখানে সরকারি কর্মকর্তা, কর্মচারীদের আবাসনের জন্য নতুন ভবন নির্মাণ করতে হবে। | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।<br>"চট্টগ্রাম শহরে পরিত্যাক্ত বাড়িতে সরকারি আবাসিক ফ্ল্যাট ও ডরমিটরি ভবন নির্মাণ" প্রকল্প। |
| | ৭.২ | অবশিষ্ট জেলা রেজিস্ট্রি ও সাব রেজিস্ট্রি অফিস ভবন নির্মাণের জন্য একটি সামগ্রিক প্রকল্প প্রণয়নের উদ্যোগ গ্রহণ করতে হবে, যা পরবর্তীতে ফেজভিত্তিতে বাস্তবায়ন করতে হবে। এছাড়াও এ ভবনগুলোর জন্য একটি প্রোটো-টাইপ ডিজাইন প্রণয়ন করতে হবে। তবে জমির পরিমাণ কম হলে উর্ধ্বমুখী সম্প্রসারণের বিষয়টি প্রোটো-টাইপ ডিজাইনে সংস্থান রাখতে হবে। | আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, আইন ও বিচার বিভাগ এবং গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।<br>"দেশের বিভিন্ন জেলায় জেলা রেজিস্ট্রি ও সাব রেজিস্ট্রি অফিস ভবন নির্মাণ (২য় পর্যায়)" প্রকল্প। |

| ক্রঃ নং | সভার তারিখ ও সিদ্ধান্তের ক্রমিক নং | নির্দেশনা/অনুশাসন | সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ এবং প্রকল্পের নাম |
|---|---|---|---|
| ২৪। | ১১/০৪/২০১৭<br>৫.২ | (ক.১) উপকূলীয় অঞ্চলে সাইক্লোন শেল্টার নির্মাণের ক্ষেত্রে নিম্নোক্ত তিনটি বিষয় আবশ্যিকভাবে থাকতে হবেঃ<br>(১) ছাদের বৃষ্টির পানি ধরে রাখার জন্য ছাদের নীচে প্রথম তলার উপর ইনহাউজ ওয়াটার রিজার্ভের সংস্থান থাকতে হবে।<br>(২) শেল্টারগুলোতে সোলার প্যানেলের সংস্থান থাকতে হবে।<br>(৩) দুর্যোগকালীন সময়ে সাইক্লোন শেল্টারের মুল্যবান জিনিস/কাগজপত্র সংরক্ষণের জন্য স্টোর রুমের সংস্থান থাকতে হবে। | স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ এবং দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।<br>"উপকূলীয় শহর পরিবেশগত অবকাঠামো প্রকল্প (১ম সংশোধিত)"। |
| ২৫। | ২৫/০৪/২০১৭<br>৮.২ | সারা দেশের সকল বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রগুলোর উৎপাদন ক্ষমতা সরেজমিনে পরিদর্শন করে উৎপাদন কেন্দ্রগুলোর Lifespan সম্পর্কে একটি জরিপ করতে হবে। উক্ত জরিপের ফলাফলেরভিত্তিতে একটি স্বয়ংসম্পূর্ণ মাষ্টার প্ল্যান প্রণয়ন করে সে অনুযায়ী নতুন উৎপাদন কেন্দ্র স্থাপনের উদ্যোগ গ্রহণ করতে হবে। | বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বিদ্যুৎ বিভাগ।<br>"পটুয়াখালী (পায়রা)-গোপালগঞ্জ ৪০০ কেভি সঞ্চালন লাইন এবং গোপালগঞ্জ ৪০০ কেভি গ্রীড উপকেন্দ্র নির্মাণ" প্রকল্প। |
| ২৬। | ০২/০৫/২০১৭<br>৬.২ | হাওড়, বিল এলাকায় যে সড়কগুলো নির্মাণ করা হবে তাতে আবশ্যিকভাবে পানি নিষ্কাশন ব্যবস্থার সংস্থান থাকতে হবে। বিশেষ করে পর্যাপ্ত সংখ্যক ব্রিজ/কালভার্ট এর সংস্থান এবং নদী/খালগুলো নাব্য রাখার ব্যবস্থা করতে হবে। | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং স্থানীয় সরকার বিভাগ।<br>"গুরুত্বপূর্ণ আঞ্চলিক মহাসড়ক যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণ (সিলেট জোন)" প্রকল্প। |
| | ৭.২ | মহাসড়কের পাশে যাতে বাজার, হাট, দোকান ইত্যাদি গড়ে উঠতে না পারে সে লক্ষ্যে নির্ধারিত কি.মি. পর পর মহাসড়ক হতে একটু দূরে বাজার, দোকান এবং চালক ও যাত্রীদের জন্য বিশ্রামের স্থানের সংস্থান রাখলে ভাল হয়। এতে মহাসড়কের পাশে দোকান, হাট ইত্যাদি গড়ে উঠার সম্ভাবনা হ্রাস পাবে। | সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।<br>"নরসিংদী জেলার মনোহরদী উপজেলার হেতেমদী থেকে সাগরদী বাজার পর্যন্ত সংযোগ সড়ক নির্মাণ" প্রকল্প। |
| ২৭। | ০৬/০৬/২০১৭<br>১১.২ | পানির অপচয় রোধ করতে হবে। এ জন্য পানি পরিশোধন করে সরবরাহ করতে ইউনিট প্রতি কত টাকা খরচ হয়, তা প্রচারের মাধ্যমে জনগণকে সচেতন করতে হবে। | স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ।<br>"অন্তবর্তীকালীন পানি সরবরাহ প্রকল্প (১ম সংশোধিত)"। |
| | ১২.২ | ময়লা/আবর্জনা আলাদা করার ব্যবস্থা করতে হবে। এ ক্ষেত্রে প্রচারণার মাধ্যমে কোথায় কোন ময়লা ফেলা হবে সে বিষয়ে জনগণকে জানাতে হবে। | স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ।<br>"প্রকিউরমেন্ট অব ইকুপমেন্ট ফর সলিড ওয়েষ্ট ম্যানেজমেন্ট" প্রকল্প। |



৮—

| ক্রঃ নং | সভার তারিখ ও সিদ্ধান্তের ক্রমিক নং | নির্দেশনা/অনুশাসন | সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ এবং প্রকল্পের নাম |
|---|---|---|---|
| | ১৪.২ | প্রস্তাবিত প্রকল্পের আওতায় ভবন নির্মাণ সংক্রান্ত একনেক সভায় প্রদত্ত মাননীয় প্রধানমন্ত্রীর অনুশাসনগুলো প্রতিপালনসহ আবশ্যিকভাবে ভবনসমূহে ঘুলঘুলি ও পরিমিত ক্রস ভেন্টিলেশনের সংস্থান রাখতে হবে। এছাড়া, নির্মিতব্য ভবনগুলোর ছাদের বৃষ্টির পানি যাতে নিকটবর্তী পুকুর বা জলাধারে যেতে পারে তার জন্য প্রয়োজনীয় ড্রেনেজের ব্যবস্থা করতে হবে। প্রকল্প এলাকার পুকুরগুলো যাতে নষ্ট করা না হয় সে বিষয়ে প্রয়োজনীয় উদ্যাগ গ্রহণ করতে হবে। | স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সুরক্ষা সেবা বিভাগ।<br>"খুলনা জেলার কারাগার নির্মাণ (১ম সংশোধিত)" প্রকল্প। |
| ২৮। | ২০/০৬/২০১৭<br>৬.২ | গ্রাহক পর্যায়ে কি কি করলে বিদ্যুৎ বিল কম হবে তার উপর বিজ্ঞাপন তৈরী করে তা প্রচার মাধ্যমে প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে। এছাড়া বিদ্যুৎ ব্যবহারের সাশ্রয়ী করার লক্ষ্যে বিদ্যুতের কিলোওয়াট প্রতি উৎপাদন খরচ ও গ্রাহক পর্যায়ে কম মূল্যের জন্য সরকার কত টাকা ভর্তুকি দিচ্ছে তাও গণমাধ্যমের মাধ্যমে জনগণকে অবহিত করতে হবে। | বিদ্যুৎ জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বিদ্যুৎ বিভাগ।<br>"শতভাগ পল্লী বিদ্যুতায়নের জন্য বিতরণ নেটওয়ার্ক সম্প্রসারণ (রাজশাহী, রংপুর, খুলনা ও বরিশাল বিভাগ)" প্রকল্প। |
| | ৮.২ | স্থাপত্য অধিদপ্তরকে ভবন নির্মাণে একই ধরনের ডিজাইন না করে নতুন নতুন দৃষ্টিনন্দন ডিজাইন করতে হবে। | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।<br>"বিপিএটিসি'র প্রশিক্ষণ সক্ষমতা বৃদ্ধিকরণ" প্রকল্প। |

বিষয়ঃ ২০১৭-২০১৮ অর্থ-বছরের একনেক সভাসমূহে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত নির্দেশনা/অনুশাসনসমূহ

| ক্রঃ নং | সভার তারিখ ও সিদ্ধান্তের ক্রমিক নং | নির্দেশনা/অনুশাসন | সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ এবং প্রকল্পের নাম |
|---|---|---|---|
| ০১। | ১১/০৭/২০১৭<br>৭.২ | জামালপুর জেলার দারিদ্রপিড়ীত পৌরসভাসমূহ যথা- ইসলামপুর, সরিষাবাড়ি এবং দেওয়ানগঞ্জ এর উন্নয়নের জন্য পৃথক প্রকল্প প্রস্তাব প্রণয়নের উদ্যোগ গ্রহণ করতে হবে। স্থানীয় সরকার বিভাগ এ বিষয়ে উদ্যোগ গ্রহণ করবে। | স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ।<br>"জামালপুর জেলার তিনটি পৌরসভায় পানি সরবরাহ ও এনভায়রনমেন্টাল স্যানিটেশন ব্যবস্থার উন্নতিকরণ" প্রকল্প। |
| | ৯.২ | ড্রেজিং হতে প্রাপ্ত পলি নদীর পাড়ে পকেট করে ফেলতে হবে যাতে করে পরবর্তীতে এ মাটি দিয়ে ভাঙ্গন কবলিত নদীর পাড় বাঁধানো যায় এবং প্রয়োজনের সময় অন্য কাজে লাগানো যায়। | পানি সম্পদ মন্ত্রণালয়।<br>"নরসিংদী জেলার অন্তর্ভূক্ত আড়িয়াল খাঁ নদী, হাড়িদোয়া নদী, ব্রম্মপুত্র নদ, পাহাড়িয়া নদী, মেঘনা শাখা নদী ও পুরাতন ব্রম্মপুত্র শাখা নদ পুন:খনন" প্রকল্প। |
| | ১০.২ | বাংলাদেশ-ভারত যৌথ নদী কমিশনের সভায় আলোচনা করে যৌথভাবে সীমান্ত নদীসমূহ বিশেষ করে নদীসমূহের ভারতীয় অংশ ড্রেজিং এর মাধ্যমে নাব্যতা রক্ষা করার বিষয়ে উদ্যোগ গ্রহণ করতে হবে। | পানি সম্পদ মন্ত্রণালয়।<br>"সীমান্ত নদী তীর সংরক্ষণ ও উন্নয়ন (২য় পর্যায়)" প্রকল্প। |
| | ১২.২ | ছড়িয়ে/ছিটিয়ে বিচ্ছিন্নভাবে এ বিশ্ববিদ্যালয়ের জন্য স্থাপনা নির্মাণ না করে পুর্নাঙ্গ মাস্টার প্লান তৈরি করে কেরাণীগঞ্জে মূল বিশ্ববিদ্যালয় স্থানান্তর করতে হবে। | শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।<br>"জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের অধিকতর উন্নয়ন" প্রকল্প। |
| ০২। | ০১/০৮/২০১৭<br>৯.২ | (১) কোন কোন নদী কোন কোন জায়গায় ভেঙ্গেছে এবং কেন ভেঙ্গেছে তাঁর একটি বিস্তারিত প্রতিবেদন পানি সম্পদ মন্ত্রণালয়, প্রধানমন্ত্রীর কার্যালয়কে সরবরাহ করবে।<br>(২) প্রধানমন্ত্রীর কার্যালয় দেশের নদী ভাঙ্গনের ফলে কত লোক গৃহহারা হচ্ছে তার হিসেব সংরক্ষণ করবে। | পানি সম্পদ মন্ত্রণালয় ও প্রধানমন্ত্রীর কার্যালয়।<br>"রাজবাড়ী শহর রক্ষা (২য় পর্যায়)" প্রকল্প। |
| | ১১.২ | পুরাতন বাঁধগুলো পরীক্ষা-নিরীক্ষা করে রক্ষণাবেক্ষণ ও মেরামত করতে হবে। পানি সম্পদ মন্ত্রণালয় এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | পানি সম্পদ মন্ত্রণালয়।<br>"মেঘনা নদীর ভাঙন হতে চাঁদপুর জেলার হরিণা ফেরীঘাট এবং চরভৈরবী এলাকার কাটাখাল বাজার রক্ষা" প্রকল্প। |
| ০৩। | ০৯/০৮/২০১৭<br>১৪.২ | উন্নয়ন প্রকল্পে জমি অধিগ্রহণের ফলে যারা ক্ষতিগ্রস্থ হবে, যথা সময়ে তাদের বাড়ি/ঘর করে দিয়ে পুনর্বাসনের ব্যবস্থা করতে হবে। জমি অধিগ্রহণ সংক্রান্ত প্রতিটি উন্নয়ন প্রকল্পের ক্ষেত্রেই এ নির্দেশ প্রযোজ্য হবে। | সকল মন্ত্রণালয়/বিভাগ।<br>"সৌর শক্তি ও পানি সাশ্রয়ী আধুনিক প্রযুক্তির সম্প্রসারণের মাধ্যমে ফসল উৎপাদন বৃদ্ধি পাইলট" প্রকল্প। |

| ক্রঃ নং | সভার তারিখ ও সিদ্ধান্তের ক্রমিক নং | নির্দেশনা/অনুশাসন | সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ এবং প্রকল্পের নাম |
|---|---|---|---|
| ০৪। | ২৯/০৮/২০১৭<br>৫.২ | (১) ঢাকা শহরের সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়গুলোতে উপ-বৃত্তি প্রদান করতে হবে। বেসরকারি প্রাথমিক বিদ্যালয়গুলোর তালিকা মাননীয় প্রধানমন্ত্রীর দপ্তর যাচাই-বাছাই করে চূড়ান্ত করে দিবেন। এ বিষয়ে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।<br>(২) যে সকল এবতেদায়ী মাদ্রাসার ছাত্র-ছাত্রীগণ এ উপ-বৃত্তি আগে থেকেই পেয়ে আসছেন তাদের ক্ষেত্রে ইহা চলমান থাকবে। | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এবং প্রধানমন্ত্রীর কার্যালয়।<br>“প্রাথমিক শিক্ষার জন্য উপবৃত্তি প্রকল্প-৩য় পর্যায় (১ম সংশোধিত)” প্রকল্প। |
| | ৬.২ | স্কুল, কলেজ ও হাসপাতাল ভবনের নকশায় টানা বারান্দা থাকতে হবে যাতে পর্যাপ্ত আলো বাতাসের ব্যবস্থা থাকে। | সকল মন্ত্রণালয়/বিভাগ।<br>“৬৪ জেলায় জেলা সমাজসেবা কমপ্লেক্স নির্মাণ (১ম পর্যায়ে ২২ জেলা)” প্রকল্প। |
| | ৭.২ | রাস্তা পারাপারের জন্য প্রস্তাবিত প্রকল্পের কিছু কিছু জায়গায় আন্ডারপাস ও ওভারপাসের ব্যবস্থা থাকতে হবে। | সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ<br>“ফেনী-নোয়াখালী জাতীয় মহাসড়কের বেগমগঞ্জ থেকে সোনাপুর পর্যন্ত ৪-লেনে উন্নীতকরণ” প্রকল্প। |
| | ৮.২ | বন্যার ফলে রাস্তার যে সকল জায়গা দিয়ে পানি প্রবাহিত হচ্ছে, সে সকল জায়গার আয়তন/বিস্তৃতি ছোট হলে কালভার্ট এবং বড় হলে ব্রীজ করতে হবে। | সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।<br>“নলকা-সিরাজগঞ্জ-সয়দাবাদ আঞ্চলিক সিরাজগঞ্জ শহর অংশ (শহিদ এম মনসুর আলী মেডিকেল কলেজ হতে কাটা ওয়াপদা মোড় পর্যন্ত) ৪ লেনে উন্নীতকরণ ও অবশিষ্ট অংশ ২ লেনে উন্নীত করণ” প্রকল্প। |
| | ৯.২ | কমপক্ষে আগামী ২০ বছরের প্রয়োজনীয়তার বিষয়টি মাথায় রেখে ব্রিজের পরিকল্পনা করতে হবে। ভবিষ্যতে ব্যবসা বাণিজ্য, পর্যটন ইত্যাদি বিবেচনায় রেখে ব্রিজের উচ্চতা নির্ধারণ করতে হবে। ব্রিজ নির্মাণে মিয়ানমারের সহযোগিতার প্রয়োজন হলে পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে কুটনৈতিকভাবে তার সমাধান করতে হবে। | সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং পররাষ্ট্র মন্ত্রণালয়।<br>“বাংলাদেশ-মায়ানমার মৈত্রী সড়ক (বালুখালী-ঘুনধুম) বর্ডার রোড নির্মাণ (১ম সংশোধিত)” প্রকল্প। |
| | ১২.২ | যে যে ইউনিয়ন/উপজেলায় পুকুর/দিঘি ও খাল উন্নয়ন করা হবে ঐ সকল ইউনিয়ন/উপজেলার অফিসে তার একটি তালিকা থাকতে হবে। | স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ।<br>“সারাদেশে পুকুর, খাল উন্নয়ন” প্রকল্প। |

| ক্রঃ নং | সভার তারিখ ও সিদ্ধান্তের ক্রমিক নং | নির্দেশনা/অনুশাসন | সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ এবং প্রকল্পের নাম |
|---|---|---|---|
| ০৫। | ১৩/০৯/২০১৭<br>৯.২ | (১) যমুনা নদীর নাব্যতা ঠিক রাখার জন্য Capital ড্রেজিং-এর পর প্রতি বছর যাতে নিয়মিতভাবে Maintenance ড্রেজিং-এর ব্যবস্থা করা হয় তা নিশ্চিত করতে হবে।<br>(২) বাঁধের স্লোপে গাছ লাগিয়ে সবুজ বনায়নের ব্যবস্থা করতে হবে। পরিবেশ ও বন মন্ত্রণালয়ের সাথে আলোচনা করে এর অর্থায়নের ব্যবস্থা করতে হবে। | পানি সম্পদ মন্ত্রণালয় এবং পরিবেশ ও বন মন্ত্রণালয়।<br>"যমুনা নদীর ভাঙন হতে সিরাজগঞ্জ জেলার কাজিপুর উপজেলায় খুদবান্দি, সিংড়াবাড়ী ও শুভগাছা এলাকা সংরক্ষণ" প্রকল্প। |
| ০৬। | ১৭/১০/২০১৭<br>১১.২ | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের আওতায় যে সকল বড় ব্রিজ নির্মাণ করা হবে সে ব্রিজ গুলোতে টোল আদায়ের সংস্থান রাখতে হবে। এ টোল আদায় আধুনিক পদ্ধতির মাধ্যমে করতে হবে। | সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।<br>"জিঞ্জিরা-কেরানীগঞ্জ-নবাবগঞ্জ-দোহার-শ্রীনগর মহাসড়ক উন্নয়ন (কদমতলী থেকে জনি টাওয়ার লিংকসহ) (আর-৮২০)" প্রকল্প। |
| ০৭। | ২৪/১০/২০১৭<br>৮.২ | ভবিষ্যতে যমুনা নদীতে টানেল নির্মাণের লক্ষ্যে সেতু বিভাগ একটি ফিজিবিলিটি স্ট্যাডি করার বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে। | সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সেতু বিভাগ।<br>"বালাশী ও বাহাদুরাবাদে ফেরিঘাটসহ আনুষঙ্গিক স্থাপনাদি নির্মাণ" প্রকল্প। |
| ০৮। | ৩১/১০/২০১৭<br>৫.২ | ঢাকার বাইরের বিভিন্ন বিভাগীয় শহর/সিটি কর্পোরেশন এলাকায় বহুতল বিশিষ্ট আবাসিক ভবন নির্মাণের প্রকল্প নেয়ার প্রয়োজনীয় ব্যবস্থা করতে হবে। | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।<br>"ঢাকাস্থ উত্তরা ১৮নং সেক্টরে নিম্ন ও মধ্যম আয়ের জনসাধারণের জন্য এপার্টমেন্ট নির্মাণ (১ম সংশোধিত)" প্রকল্প। |
| | ৭.২ | বিদ্যুৎ বিভাগ কর্তৃক বর্জ্য ব্যবস্থাপনার মাধ্যমে বিদ্যুৎ উৎপাদনের জন্য পাওয়ার প্ল্যান্ট স্থাপনের লক্ষ্যে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন হতে প্রস্তাবিত ল্যান্ডফিল এলাকায় ১০ একর জমি প্রদান করতে হবে। | স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ এবং বিদ্যুৎ বিভাগ।<br>"নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনে কঠিন বর্জ্য সংগ্রহ এবং অপসারন ব্যবস্থাপনা" প্রকল্প। |
| | ১১.২ | (১) নির্মিতব্য বাজার ভবনে আলাদা টয়লেটসহ মহিলা ও শিশুদের জন্য আলাদা কর্নার এর ব্যবস্থা থাকতে হবে।<br>(২) প্রস্তাবিত গ্রামীণ বাজারের দোকানসমূহ কমপক্ষে ৩ বছরের জন্য ইজারা প্রদান করতে হবে। | স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ।<br>"দেশব্যাপী গ্রামীণ বাজার অবকাঠামো উন্নয়ন" প্রকল্প। |

| ক্রঃ নং | সভার তারিখ ও সিদ্ধান্তের ক্রমিক নং | নির্দেশনা/অনুশাসন | সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ এবং প্রকল্পের নাম |
|---|---|---|---|
| ০৯। | ০৭/১১/২০১৭<br>৮.২ | (১) চামড়া শিল্পের গুরুত্ব বিবেচনায় দেশের উত্তর ও দক্ষিণ অঞ্চলে আরও একটি করে চামড়া শিল্পনগরী স্থাপনের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।<br>(২) কোন বেসরকারি প্রতিষ্ঠান চামড়া শিল্প নগরী প্রতিষ্ঠায় আগ্রহী হলে সরকার তাদের জমি প্রদানের মাধ্যমে সহায়তা করবে। | শিল্প মন্ত্রণালয়।<br>"চামড়া শিল্পনগরী, ঢাকা (৩য় সংশোধিত)" প্রকল্প। |
| | ৯.২ | (১) যেহেতু পরমাণু চিকিৎসা একটি বিশেষায়িত কার্যক্রম, তাই এর সাথে জড়িত সকলকে বিশেষ প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। প্রয়োজনে বিদেশী প্রশিক্ষকদের দেশে এনে এ বিশেষায়িত প্রশিক্ষণের আয়োজন করতে হবে।<br>(২) সেনাবাহিনী পরিচালিত সকল 'সিএমএইচ' এ যেখানে মেডিকেল কলেজ করা হয়েছে সেখানে এ ধরনের নিউক্লিয়ার মেডিসিন ইনস্টিটিউট স্থাপনের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় এবং প্রতিরক্ষা মন্ত্রণালয়।<br>"দেশের ৮টি মেডিকেল কলেজ হাসপাতাল ক্যাম্পাসে ইনস্টিটিউট অব নিউক্লিয়ার মেডিসিন এন্ড এ্যালায়েড সায়েন্সেস (ইনমাস) স্থাপন" প্রকল্প। |
| | ১০.২ | বৃষ্টির পানি সড়ক হতে দ্রুত নেমে যাওয়ার জন্য নির্মাণাধীন বিভিন্ন সড়কের পার্শ্বে জলাধারের সংস্থান রাখতে হবে। | সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।<br>"সৈয়দপুর-নীলফামারী মহাসড়ক (আর-৫৭০) প্রশস্থকরণ ও মজবুতিকরণ" প্রকল্প। |
| ১০। | ২৬/১২/২০১৭<br>৫.২ | নির্মিতব্য সড়কের পাশে জলাশয় ভরাট করা যাবে না, যাতে করে বৃষ্টির পানি দ্রুত জলাশয়ে নেমে যেতে পারে। | স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ।<br>"ময়মনসিংহ অঞ্চল পল্লী অবকাঠামো উন্নয়ন" প্রকল্প। |
| ১১। | ০২/০১/২০১৮<br>৯.২ | গাছ লাগানোর কার্যক্রমে দেবদারু গাছ লাগানোর পরিবর্তে নিমগাছ, বটগাছ বা যেগুলো ফল ও ফুল দেয়, এ জাতীয় গাছ লাগানোর ব্যবস্থা করতে হবে। | পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।<br>"শেখ রাসেল এভিয়ারি ও ইকো-পার্ক স্থাপন, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম (২য় পর্যায়)" প্রকল্প। |
| | ১০.২ | গাছ রক্ষণাবেক্ষণের কাজে স্থানীয় জনগণকে সম্পৃক্ত করতে হবে। | পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।<br>"বঙ্গোপসাগরে জেগে ওঠা নতুন চরসহ উপকূলীয় এলাকায় বনায়ন" প্রকল্প। |

| ক্রঃ নং | সভার তারিখ ও সিদ্ধান্তের ক্রমিক নং | নির্দেশনা/অনুশাসন | সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ এবং প্রকল্পের নাম |
|---|---|---|---|
| ১২। | ০৯/০১/২০১৮ ১৫.২ | বাংলাদেশের আবহাওয়া ও পরিবেশ বিবেচনায় রেখে খোলা বারান্দা, ঘুলঘুলি, ছাদের বৃষ্টির পানি যাতে পার্শ্ববর্তী জলাশয়ে যাওয়ার ব্যবস্থা থাকে ইত্যাদির সংস্থান রেখে প্রকল্পের আওতায় নির্মিতব্য ভবনগুলোর নকশা প্রণয়ন করতে হবে। ভবনগুলোর নকশা মাননীয় প্রধানমন্ত্রীকে দেখিয়ে নিতে হবে। | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এবং গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।<br>“Establishment of 160 Upazila ICT Training and Resource Center for Education (UITRCE) (2nd Phase)” প্রকল্প। |
| ১৩। | ১৬/০১/২০১৮ ৬.২ | দুর্যোগ ব্যবস্থাপনায় বর্তমান সরকারের সাফল্য, দ্রুত ত্রাণ সামগ্রী সরবরাহে সার্থকতা, ঘূর্ণিঝড় কার্যকরভাবে মোকাবেলার কলাকৌশল ইত্যাদির উপর বছর ভিত্তিক তথ্যসহ একটি স্বয়ংসম্পূর্ণ ব্রুসিয়ার প্রণয়ন করে ব্যাপকভাবে প্রকাশ ও বিতরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।<br>“জেলা ত্রাণ গুদাম কাম দুর্যোগ ব্যবস্থাপনা তথ্য কেন্দ্র নির্মাণ” প্রকল্প। |
| | ৭.২ | ড্রেজিং কার্যক্রম অধিক স্বচ্ছতার সাথে এবং নিবিড় মনিটরিং এর মাধ্যমে বাস্তবায়ন করতে হবে। সরেজমিনে পরিদর্শন করে ড্রেজিং পরবর্তী ফলাফলের প্রতিবেদন সংশ্লিষ্ট সকল দপ্তরগুলোতে প্রেরণ করতে হবে। | পানি সম্পদ মন্ত্রণালয়।<br>“চাঁপাইনবাবগঞ্জ জেলার সদর উপজেলায় মহানন্দা নদী ড্রেজিং ও রাবার ড্যাম” প্রকল্প। |
| | ৯.২ | দুধ উৎপাদনে স্বয়ংসম্পূর্ণতা অর্জনের জন্য পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, পরিকল্পনা কমিশনের সাধারণ অর্থনীতি বিভাগ ও সংশ্লিষ্টদের নিয়ে লক্ষ্যমাত্রা নির্ধারণপূর্বক পরিকল্পনা করে সে অনুযায়ী প্রকল্প বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করতে হবে। | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এবং সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন।<br>“বৃহত্তর ফরিদপুরের চরাঞ্চল এবং পার্শ্ববর্তী এলাকায় গবাদিপশুর জাত উন্নয়ন ও দুগ্ধের বহুমুখী ব্যবহার নিশ্চিতকরণ কারখানা স্থাপন” প্রকল্প। |
| ১৪। | ২৩/০১/২০১৮ ৫.২ | বিদ্যুৎ বিতরণ লাইন সম্প্রসারণের ক্ষেত্রে পল্লী বিদ্যুতায়ন বোর্ড (আরইবি) ও বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বিপিডিবি) এর কাজের মধ্যে ওভারল্যাপিং পরিহার করতে হবে। | বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বিদ্যুৎ বিভাগ।<br>“বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা উন্নয়ন প্রকল্প, কুমিল্লা জোন”। |
| | ৭.২ | যেখানে বাঁধ নির্মাণ করা হবে সেখানে নদীর দিকে বাঁধের নিচের ঢালে ঝাউ ও কেওড়া গাছ লাগাতে হবে, যাতে বাঁধ রক্ষা পায় এবং গ্রিন বেল্ট সৃষ্টির মাধ্যমে পরিবেশগত ভারসাম্যের সৃষ্টি হয়। | পানি সম্পদ মন্ত্রণালয় এবং পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।<br>“কক্সবাজার জেলার বাংলাদেশ-মায়ানমার সীমান্ত নিরাপত্তা উন্নত করার জন্য উখিয়া ও টেকনাফ উপজেলায় নাফ নদী বরাবর পোল্ডারসমূহের (৬৭/এ, ৬৭, ৬৭/বি এবং ৬৮) পুনর্বাসন” প্রকল্প। |

| ক্রঃ নং | সভার তারিখ ও সিদ্ধান্তের ক্রমিক নং | নির্দেশনা/অনুশাসন | সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ এবং প্রকল্পের নাম |
|---|---|---|---|
| | ১৭.২ | (১) আলোচ্য প্রকল্পের আওতায় প্রশিক্ষণ কোর্সে মনোনয়ন দেয়ার ক্ষেত্রে প্রশাসন ক্যাডারের ৭০% এবং অন্যান্য ক্যাডারের ৩০% অনুপাতের বিষয়টি লক্ষ্য রাখতে হবে।<br>(২) সকল ক্যাডার কর্মকর্তাগণ যাতে বিদেশে উন্নত প্রশিক্ষণ পেতে পারে সে লক্ষ্যে একটি স্থায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে। | জনপ্রশাসন মন্ত্রণালয়।<br>"বিসিএস ক্যাডার কর্মকর্তাদের সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে সরকারকে শক্তিশালীকরণ (২য় পর্যায়)" প্রকল্প। |
| ১৫। | ০৪/০২/২০১৮<br>৬.২ | প্রকল্পের কাজের গুণগতমান আরও বৃদ্ধির লক্ষ্যে আইএমইডি'র পাশাপাশি উদ্যোগী মন্ত্রণালয় পর্যায়ে নিবিড় মনিটরিং করতে হবে। | সকল মন্ত্রণালয়/বিভাগ।<br>"বৃহত্তর ফরিদপুর গ্রামীণ অবকাঠামো উন্নয়ন (২য় পর্যায়) (৩য় সংশোধিত)" প্রকল্প। |
| | ৭.২ | ছোট ছোট সড়কগুলোতে যাতে ভারী মালামালসহ বড় ট্রাক প্রবেশ করতে না পারে, সে লক্ষ্যে ব্যবস্থা রাখতে হবে। নির্ধারিত ওজনের চেয়ে বেশি মালামাল ভর্তি কোন ট্রাককে ছোট সড়কগুলো ব্যবহার করতে দেয়া যাবেনা। স্থানীয় সরকার বিভাগকে এ ব্যাপারে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ।<br>"বৃহত্তর ফরিদপুর গ্রামীণ অবকাঠামো উন্নয়ন (৩য় সংশোধিত)" প্রকল্প। |
| | ৮.২ | উৎপাদিত পণ্যের বাজারজাতকরণ ও প্রক্রিয়াকরণের জন্য প্রয়োজনে প্রকল্প গ্রহণের ব্যবস্থা করতে হবে। এজন্য সংশ্লিষ্ট সংস্থা/মন্ত্রণালয়/বিভাগের সাথে বসে কৃষি মন্ত্রণালয় প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে। | কৃষি মন্ত্রণালয়।<br>"সমন্বিত কৃষি উন্নয়নের মাধ্যমে পুষ্টি ও খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণ (১ম সংশোধিত)" প্রকল্প। |
| | ১৫.২ | তেজগাঁও পুরাতন বিমান বন্দর এলাকার চারদিকে কোন কোন জায়গায় কত ফুট উঁচু ভবন নির্মাণ করা যাবে তার একটি নীতিমালা সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করতে হবে এবং পুরাতন বিমান বন্দর এলাকার নির্ধারিত স্থান সমূহে সাইনবোর্ড টানিয়ে প্রকাশ করতে হবে, যাতে সাধারণ জনগণ এ বিষয়ে অবগত হতে পারেন। | বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়।<br>"জাতীয় রাজস্ব ভবন নির্মাণ (১ম সংশোধিত)" প্রকল্প। |
| ১৬। | ২৭/০২/২০১৮<br>৭.২ | কৃষক প্রশিক্ষণের বিষয়টিকে স্থায়ীরূপ দানের লক্ষ্যে পর্যায়ক্রমে রাজস্ব বাজেটের আওতায় কৃষক প্রশিক্ষণ পরিচালনার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | কৃষি মন্ত্রণালয়।<br>"উপজেলা পর্যায়ে প্রযুক্তি হস্তান্তরের জন্য কৃষক প্রশিক্ষণ (৩য় পর্যায়)" প্রকল্প। |
| | ৮.২ | দেশি ফল উৎপাদন বৃদ্ধি এবং গবেষণার মাধ্যমে এর গুনগত মান ও স্বাদ বৃদ্ধির প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ এবং সারা বছর প্রক্রিয়াজাতকৃত ফল সরবরাহের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | কৃষি মন্ত্রণালয়।<br>"বছরব্যাপী ফল উৎপাদনের মাধ্যমে পুষ্টি উন্নয়ন (১ম সংশোধিত)" প্রকল্প। |

| ক্রঃ নং | সভার তারিখ ও সিদ্ধান্তের ক্রমিক নং | নির্দেশনা/অনুশাসন | সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ এবং প্রকল্পের নাম |
|---|---|---|---|
| | ১৯.২ | বীমার কি কি সুবিধা রয়েছে সে বিষয়ে ব্যাপক সচেতনতা সৃষ্টি করতে হবে এবং বীমার টাকা তুলতে গিয়ে মানুষ যাতে হয়রানির শিকার না হয় সেদিকে লক্ষ্য রাখতে হবে। | অর্থ মন্ত্রণালয়, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ।<br>"বাংলাদেশের বীমা খাত উন্নয়ন" প্রকল্প। |
| ১৭। | ০৮/০৩/২০১৮<br>৭.২ | পৌরসভা সমূহের রাস্তাগুলোর শোল্ডার প্রয়োজন অনুযায়ী বাড়াতে হবে এবং পরিকল্পিত বর্জ্য ব্যবস্থাপনা করতে হবে। | স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ।<br>"গুরুত্বপূর্ণ নগর অবকাঠামো উন্নয়ন (২য় পর্যায়)" প্রকল্প। |
| ১৮। | ২০/০৩/২০১৮<br>১৩.২ | ড্রেজিং এর মাধ্যমে প্রাপ্ত মাটি নদীর পাড়ে পকেট করে ফেলতে হবে। বাঁধের ঢালে বৃক্ষ রোপণ করে ম্যানগ্রোভ সৃষ্টি করতে হবে। | পানি সম্পদ মন্ত্রণালয়।<br>"ভোলা জেলার চরফ্যাশন উপজেলাধীন তেতুঁলিয়া নদীর ভাঙ্গন হতে বকসী লঞ্চঘাট হতে বাবুরহাট লঞ্চঘাট পর্যন্ত প্রতিরক্ষা ও ড্রেজিং এবং কুকরী-মুকরী দ্বীপ বন্যা নিয়ন্ত্রণ" প্রকল্প। |
| | ১৪.২ | নদীর পাড়ে বৃক্ষ রোপণ করে ম্যানগ্রোভ সৃষ্টি করতে হবে। | পানি সম্পদ মন্ত্রণালয় এবং পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।<br>"মেঘনা নদীর ভাঙ্গন হতে ভোলা জেলার লালমোহন উপজেলাধীন লর্ডহার্ডিঞ্জ ও ধলিগৌরনগর বাজার রক্ষা" প্রকল্প। |
| ১৯। | ০৩/০৪/২০১৮<br>১০.২ | বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট (বিআইএম)-এর বিভিন্ন কোর্সের কারিকুলাম আধুনিক ও Need Based হতে হবে এবং বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও শিল্প প্রতিষ্ঠানের সাথে প্রতিষ্ঠানটির সম্পৃক্ততা বাড়াতে হবে। | শিল্প মন্ত্রণালয় এবং শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।<br>"ঢাকাস্থ বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট (বিআইএম)-কে শক্তিশালীকরণ" প্রকল্প। |
| ২০। | ২২/০৫/২০১৮<br>৬.২ | অনেক প্রকল্পে প্রথমে ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে সময় বৃদ্ধি করা হয় এবং এরপর ব্যয় বৃদ্ধি করে প্রকল্প সংশোধন করা হয়। এই প্রবণতা রোধ করার জন্য সঠিক কর্মপরিকল্পনা প্রণয়ন করে প্রকল্প বাস্তবায়ন করতে হবে। | সকল মন্ত্রণালয়/বিভাগ।<br>"কন্সট্রাকশন অব নিউ ১৩২/৩৩ কেভি এন্ড ৩৩/১১ কেভি সাবস্টেশন আন্ডার ডিপিডিসি (১ম সংশোধন)" প্রকল্প। |
| | ৭.২ | Raw সুগার হতে চিনি উৎপাদনের জন্য পরীক্ষামূলকভাবে ৪/৫টি চিনিকলে রিফাইনারি করা যেতে পারে। বাকিগুলো যেভাবে চলছিল সেভাবেই চলবে। | শিল্প মন্ত্রণালয়।<br>"১৪টি চিনিকলে বর্জ্য পরিশোধনাগার (ইটিপি) স্থাপন" প্রকল্প। |

| ক্রঃ নং | সভার তারিখ ও সিদ্ধান্তের ক্রমিক নং | নির্দেশনা/অনুশাসন | সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ এবং প্রকল্পের নাম |
|---|---|---|---|
| | ৯.২ | বিশ্ববিদ্যালয়গুলো আধুনিক উন্নত বিশ্বের মত প্রশাসনিক, পোস্ট গ্রাজুয়েশন ও গবেষণা কার্যক্রম পরিচালিত করবে। বিভিন্ন কলেজগুলো উক্ত বিশ্ববিদ্যালয়ের সাথে সংযুক্ত থেকে পরিচালিত হবে। | শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এবং বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন।<br>"বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস-এর উন্নয়ন (১ম পর্যায়)" প্রকল্প। |
| ২১। | ২৯/০৫/২০১৮<br>৭.২ | যে সকল ছোট পাটগাছ হতে উন্নত আঁশ পাওয়া যায় তার উৎপাদন বৃদ্ধি ও বড় জাতে পরিণত করার জন্য গবেষণা কার্যক্রম পরিচালিত করতে হবে। পাটের উৎকর্ষতা বৃদ্ধির জন্য Viscose তৈরী ও ব্যবহার করে ফ্যাশনেবল ড্রেস তৈরীর উদ্যোগ গ্রহণ করতে হবে। | বস্ত্র ও পাট মন্ত্রণালয়।<br>"উন্নত প্রযুক্তি নির্ভর পাট ও পাটবীজ উৎপাদন এবং সম্প্রসারণ" প্রকল্প। |
| | ১৫.২ | রেলপথ, সড়কপথ, নদীপথ এবং বিমান পথে ডাক পরিবহনের জন্য ডাক টেলিযোগাযোগ বিভাগ কর্তৃক একটি সামগ্রিক পরিকল্পনা গ্রহণ করতে হবে। | ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।<br>"মেইল প্রসেসিং ও লজিষ্টিক সার্ভিস সেন্টার নির্মাণ" প্রকল্প। |
| ২২। | ২১/০৬/২০১৮<br>১৩.২ | বড় বড় শহরগুলোতে ভবিষ্যতে এ ধরণের আন্ডার গ্রাউন্ড সাব-স্টেশন নির্মাণের জন্য বিদ্যুৎ বিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | বিদ্যুৎ জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বিদ্যুৎ বিভাগ।<br>"ডিপিডিসি'র আওতায় ঢাকার কাওরানবাজারে ভূ-গর্ভস্থ উপকেন্দ্র নির্মাণ" প্রকল্প। |
| | ১৭.২ | পরবর্তীতে হাওড় অঞ্চলের সড়কসমূহ পিলারের উপর এ্যালিভেটেড এক্সপ্রেসওয়ের আদলে নির্মাণ করতে হবে। | সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।<br>"ইটনা-মিঠামইন-অষ্টগ্রাম সড়ক নির্মাণ (১ম সংশোধিত)" প্রকল্প। |
| ২৩। | ২৬/০৬/২০১৮<br>১০.২ | সড়ক নির্মাণের পর সড়কের পার্শ্বের জলাধারগুলো সংরক্ষণ করতে হবে যাতে বৃষ্টির পানি জলাধারে নেমে যেতে পারে। | সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।<br>"ঢাকা-সিলেট মহাসড়কের ভুলতায় ৪-লেন বিশিষ্ট ফ্লাইওভার নির্মাণ (২য় সংশোধিত)" প্রকল্প। |

বিষয়ঃ ২০১৮-২০১৯ অর্থ-বছরের একনেক সভাসমূহে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত নির্দেশনা/অনুশাসনসমূহ

| ক্রঃ নং | সভার তারিখ ও সিদ্ধান্তের ক্রমিক নং | নির্দেশনা/অনুশাসন | সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ এবং প্রকল্পের নাম |
|---|---|---|---|
| ০১। | ০৩/০৭/২০১৮<br>৯.২ | ভূ-গর্ভস্থ গ্রীড উপকেন্দ্র নির্মাণের সময় বৃষ্টির পানি যাতে গ্রীড উপকেন্দ্রে প্রবেশ করতে না পারে সে অনুযায়ী ভবনের নকশা এবং নিরাপত্তার বিষয়টি নিশ্চিত করতে হবে। | বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বিদ্যুৎ বিভাগ।<br>"ঢাকাস্থ গুলশানে ১৩২/৩৩/১১ কেভি ভূ-গর্ভস্থ গ্রীড উপকেন্দ্র নির্মাণ" প্রকল্প। |
| ০২। | ১০/০৭/২০১৮<br>৬.২ | অধিগ্রহণকৃত জমি যাতে বেদখল বা বেহাত না হতে পারে সে লক্ষ্যে রাস্তার উভয় পার্শ্বে গাছ লাগাতে হবে। | সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।<br>"মাইজদী-রাজগঞ্জ-ছয়ানী-বসুরহাট-চন্দ্রগঞ্জ (আর-১৪৩) আঞ্চলিক মহাসড়ককে যথাযথ মান ও প্রশস্ততায় উন্নতীকরণ" প্রকল্প। |
| ০৩। | ২৯/০৭/২০১৮<br>৮.২ | (১) বেসরকারি খাতের যে সকল মোবাইল অপারেটর বাংলাদেশ রেলওয়ের অপটিক্যাল ফাইবার নেটওয়ার্ক ব্যবহার করে আসছেন তারা এর বিনিময়ে ভাড়া হিসেবে কি পরিমাণ অর্থ প্রদান করছেন তার একটি পূর্ণাঙ্গ প্রতিবেদন প্রণয়ন করে প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ করতে হবে।<br>(২) মোবাইল অপারেটরদের সাথে ইতঃপূর্বে স্বাক্ষরিত চুক্তিতে যাই থাকুক না কেন এখন থেকে রেলওয়ের অপটিক্যাল ফাইবার নেটওয়ার্ক ব্যবহারের জন্য বেসরকারি মোবাইল অপারেটরদের নিকট হতে ভাড়া হিসেবে অর্থ গ্রহণ করতে হবে। | রেলপথ মন্ত্রণালয়।<br>"বাংলাদেশ রেলওয়ের ৫৭৫ কি.মি. সেকেন্ডারি লাইনে অপটিক্যাল ফাইবার ভিত্তিক টেলিযোগাযোগ ব্যবস্থা স্থাপন এবং চালুকরণ" প্রকল্প। |
| ০৪। | ০৭/০৮/২০১৮<br>৯.২ | সরকারি শিশু পরিবারের শিশুরা যাতে বড় হয়ে স্বাবলম্বী হতে পারে সে জন্য তাদের বিভিন্ন ধরণের ভোকেশনাল ট্রেনিং এর ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সমাজকল্যাণ মন্ত্রণালয়।<br>"সরকারি শিশু পরিবার এবং ছোটমনি নিবাস নির্মাণ/পুনঃনির্মাণ" প্রকল্প। |
| ০৫। | ১৪/০৮/২০১৮<br>৬.২ | দেশের কৃষি জমির স্বল্পতা, আর্থিক সক্ষমতা ইত্যাদি বিষয়গুলো বিবেচনায় নিয়ে নতুন সড়ক নির্মাণ করার চেয়ে বিদ্যমান সড়কগুলো রক্ষণাবেক্ষণ, প্রশস্তকরণ ইত্যাদি কার্যক্রমে অধিক গুরুত্ব প্রদান করতে হবে। | সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।<br>"নবীনগর-আশুগঞ্জ সড়ক উন্নয়ন" প্রকল্প। |
| ০৬। | ১১/০৯/২০১৮<br>১৩.২ | নিজস্ব জনবল দিয়ে পরমাণু গবেষণা রিঅ্যাক্টরের আধুনিকায়নসহ এ ক্ষেত্রে বাংলাদেশের অর্জনের বিষয়টি জনগণের নিকট আরও ব্যাপকভাবে প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়।<br>"সাভারস্থ পরমাণু শক্তি গবেষণা প্রতিষ্ঠানের ৩ মেগাওয়াট ক্ষমতা সম্পন্ন গবেষণা রিঅ্যাক্টর ফ্যাসিলিটির সেফটি সিস্টেমের সমন্বয়সাধন, আধুনিকীকরণ, রক্ষণাবেক্ষণ ও বর্ধিতকরণ" প্রকল্প। |

| ক্রঃ নং | সভার তারিখ ও সিদ্ধান্তের ক্রমিক নং | নির্দেশনা/অনুশাসন | সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ এবং প্রকল্পের নাম |
|---|---|---|---|
| | ১৮.২ | বঙ্গবন্ধু ও চার নেতার স্মৃতিবিজড়িত স্থানসহ সকল ঐতিহাসিক ভবন অবিকল সংরক্ষণ করে রাখতে হবে। দর্শনার্থীদের হাঁটাচলার জন্য পর্যাপ্ত উন্মুক্ত জায়গা রাখতে হবে। এছাড়া কারগারের অভ্যন্তরে স্থাপিত কম্বল কারখানার লিজ বাতিল করে সে জায়গাটি উন্মুক্ত রাখতে হবে। এ সকল বিষয় সন্নিবেশিত করে প্রকল্পের চূড়ান্ত ডিজাইনটি পুনরায় মাননীয় প্রধানমন্ত্রীকে দেখিয়ে অনুমোদন নিতে হবে। | স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সুরক্ষা সেবা বিভাগ।<br>"পুরাতন ঢাকা কেন্দ্রীয় কারাগার-এর ইতিহাস, ঐতিহাসিক ভবন সংরক্ষণ ও পারিপার্শ্বিক উন্নয়ন" প্রকল্প। |
| ০৭। | ০২/১০/২০১৮<br>৯.২ | (১) যে সকল দেশে বাংলাদেশের দূতাবাস নির্মাণ করা হবে, সে সকল দেশে সেই দেশের আইন কানুন এবং বিল্ডিং কোড মেনে ভবন নির্মাণ করতে হবে।<br>(২) বিদেশে যেখানে বাংলাদেশের দূতাবাস রয়েছে, ঐ সকল দেশে নিজস্ব জমি ক্রয় করে পর্যায়ক্রমে স্থায়ী ভবন নির্মাণের উদ্যোগ গ্রহণ করতে হবে। | পররাষ্ট্র মন্ত্রণালয়।<br>"জার্মানির বার্লিনে বাংলাদেশ চ্যান্সারি কমপ্লেক্স নির্মাণ" প্রকল্প। |
| ০৮। | ০৯/১০/২০১৮<br>৭.২ | (১) রোহিঙ্গা শরণার্থীদের জন্য কোন প্রকল্প গ্রহণের সময় সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও বিভাগসমূহ স্থানীয় অধিবাসীদের সুবিধা দেয়ার বিষয়টি গুরুত্বের সাথে বিবেচনায় নিবে।<br>(২) ভাষানচরে বিদ্যুৎসহ অবকাঠামোগত উন্নয়নের ব্যাপারে Asian Development Bank (ADB) এর সহায়তার জন্য তাদের সাথে আলোচনা করার লক্ষ্যে অর্থনৈতিক সম্পর্ক বিভাগ দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | অর্থনৈতিক সম্পর্ক বিভাগসহ সকল মন্ত্রণালয়/বিভাগ।<br>"জরুরি সহায়তা প্রকল্প বিআরইবি অংশ (কক্সবাজারে আশ্রয়গ্রহণকারী বাস্তুচ্যুত মায়ানমার নাগরিকদের জন্য বিদ্যুতায়ন)" প্রকল্প। |
| | ৮.২ | বর্তমান সরকারের সময় বিভিন্ন সড়ক উন্নয়ন ও মেরামতের জন্য যে সকল প্রকল্প অনুমোদন করা হয়েছে সেগুলো ব্যাপকভাবে প্রচারের লক্ষ্যে সংশ্লিষ্ট মন্ত্রণালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ এবং সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।<br>"রুরাল কানেকটিভিটি ইমপ্রুভমেন্ট প্রজেক্ট (আরসিআইপি)" প্রকল্প। |
| | ৯.২ | উখিয়া ও টেকনাফ এলাকায় পর্যাপ্ত বনায়নের লক্ষ্যে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।<br>"বাংলাদেশ: ইমারজেন্সি এসিসটেন্স প্রজেক্ট (এলজিইডি অংশ)" প্রকল্প। |

| ক্রঃ নং | সভার তারিখ ও সিদ্ধান্তের ক্রমিক নং | নির্দেশনা/অনুশাসন | সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ এবং প্রকল্পের নাম |
|---|---|---|---|
| ০৯। | ১১/১০/২০১৮<br>১১.২ | যে সকল দেশে দূতাবাস নির্মাণের জন্য জায়গা পাওয়া গেছে সে সকল দেশে দূতাবাস নির্মাণের লক্ষ্যে দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পররাষ্ট্র মন্ত্রণালয়।<br>"পররাষ্ট্র মন্ত্রণালয়ের বিদ্যমান চত্বরে ১টি বহুতল অফিস ভবন নির্মাণ (১ম পর্যায়)" প্রকল্প। |
| ১০। | ২৩/১০/২০১৮<br>১৪.২ | পর্যটকরা যাতে সুন্দর ও মনোরম পরিবেশে পৃথিবীর বিভিন্ন স্থান হতে আগত পাখিদের বিচরণ পর্যবেক্ষণ করতে পারে সে জন্য বিশ্ববিদ্যালয়ের অভ্যন্তরে আলাদা প্রবেশ পথ নির্মাণ, পর্যটকদের বসার জায়গা, টয়লেটের ব্যবস্থা ইত্যাদি সুবিধাদি নির্মাণসহ এন্ট্রি ফি'র ব্যবস্থা রাখতে হবে। | শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।<br>"জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের অধিকতর উন্নয়ন" প্রকল্প। |
| | ১৭.২ | সোলার সিস্টেম ব্যবহার করে আধুনিক টেকনোলজির মাধ্যমে অল্প পরিমাণ জমিতে অধিক পরিমাণ লবন উৎপাদনের বিষয়ে বিদ্যুৎ বিভাগ শিল্প মন্ত্রণালয়ের সাথে সমন্বয় করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | বিদ্যুৎ জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়,<br>বিদ্যুৎ বিভাগ এবং শিল্প মন্ত্রণালয়।<br>"সিপিজিসিবিএল-সুমিতোমো ১২০০ মে: ও: আল্ট্রা সুপার ক্রিটিক্যাল কয়লা ভিত্তিক বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের লক্ষ্যে ভূমি অধিগ্রহণ ও আনুষাঙ্গিক কার্যক্রম" প্রকল্প। |
| ১১। | ৩০/১০/২০১৮<br>২২.২ | দুর্গম ও অধিক জনবহুল এলাকায় একের অধিক সরকারি মাধ্যমিক বিদ্যালয় স্থাপন করতে হবে। | শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।<br>"৯টি সরকারি মাধ্যমিক বিদ্যালয় স্থাপন" প্রকল্প। |
| | ২৬.২ | পাহাড় যাতে ধ্বসে না পড়ে সে জন্য রিটেইনিং ওয়াল নির্মাণসহ পর্যাপ্ত গাছ এবং ঘাস লাগাতে হবে। | স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ।<br>"জরুরিভিত্তিতে রোহিঙ্গা সংকট মোকাবেলায় মাল্টি-সেক্টর" প্রকল্প। |
| | ২৮.২ | দেশীয় পণ্য কেনার জন্য সকলকে উদ্বুদ্ধ করতে হবে। | শিল্প মন্ত্রণালয়।<br>"গাজী ওয়্যারস লি: কে শক্তিশালী ও আধুনিকীকরণ" প্রকল্প। |
| ১২। | ০৭/১১/২০১৮<br>৫.২ | গৃহস্থালি বর্জ্য ও শিল্প বর্জ্য বিক্ষিপ্তভাবে বিভিন্ন ড্রেন ও খালের মাধ্যমে ভূ-উপরিস্থ পানির সাথে মিশে যাতে কর্ণফুলী নদীকে দুষিত করতে না পারে সে জন্য STP/ETP স্থাপনের মাধ্যমে দূষিত পানি ট্রিটমেন্টপূর্বক তা কর্ণফুলী নদীতে নিষ্কাশন করার জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও বিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ।<br>"চট্টগ্রাম মহানগরীতে পয়ঃনিষ্কাশন ব্যবস্থা স্থাপন (১ম পর্যায়)" প্রকল্প। |

| ক্রঃ নং | সভার তারিখ ও সিদ্ধান্তের ক্রমিক নং | নির্দেশনা/অনুশাসন | সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ এবং প্রকল্পের নাম |
|---|---|---|---|
| ১৩। | ২২/০১/২০১৯<br>৬.২ | গবাদি পশুর রোগ নিরাময়ের জন্য প্রয়োজনীয় ভ্যাকসিন ঔষধের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় বেসরকারি ফার্মাসিউটিক্যালস কোম্পানীগুলোর সাথে আলোচনা করে প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।<br>“পিপিআর রোগ নির্মূল এবং ক্ষুরারোগ নিয়ন্ত্রণ” প্রকল্প। |
| | ৭.২ | একটি বাড়ি একটি খামার প্রকল্পের সমবায়ভুক্ত সদস্যগণ ছাড়াও দারিদ্র বিমোচন সংক্রান্ত বিভিন্ন প্রকল্প হতে ঋণ গ্রহণকারী দরিদ্র জনগোষ্ঠীরা “পল্লী সঞ্চয় ব্যাংক” টি ব্যবহার করতে পারবে কি-না অর্থ মন্ত্রণালয় কর্তৃক এ সংক্রান্ত আইনটি পরীক্ষা-নিরীক্ষা করে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করতে হবে। | স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এবং অর্থ মন্ত্রণালয়, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ।<br>“দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে পুষ্টি সমৃদ্ধ উচ্চ মূল্যের অপ্রধান শস্য উৎপাদন ও বাজারজাতকরণ কর্মসূচি”। |
| | ১০.২ | দেশব্যাপী যত শিল্পনগরী গড়ে তোলা হবে, সেখানে আবশ্যিকভাবে বর্জ্য ব্যবস্থাপনার সংস্থান রাখতে হবে। | শিল্প মন্ত্রণালয় ও প্রধানমন্ত্রীর কার্যালয়।<br>“গোপালগঞ্জ বিসিক শিল্পনগরী সম্প্রসারণ (৩য় সংশোধিত)” প্রকল্প। |
| | ১১.২ | নির্ধারিত স্থান ব্যতীত দেশের যত্রতত্র শিল্প কারখানা স্থাপন না করার বিষয়ে শিল্প মন্ত্রণালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | শিল্প মন্ত্রণালয়।<br>“যাত্রাবাড়ী (মেয়র হানিফ ফ্লাইওভার)-ডেমরা (সুলতানা কামাল সেতু) মহাসড়ক (আর-১১০) ৪ লেনে উন্নীতকরণ” প্রকল্প। |
| ১৪। | ২৯/০১/১৯<br>১১.২ | বিদ্যুৎ প্ল্যান্ট নির্মাণসহ বিভিন্ন উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে তিন ফসলী জমি নষ্ট করা যাবে না। | সকল মন্ত্রণালয়/বিভাগ।<br>“রংপুর বিভাগ বিদ্যুৎ বিতরণ লাইন ও উপকেন্দ্র সম্প্রসারণ এবং পুনর্বাসন” প্রকল্প। |
| ১৫। | ২৭/০২/১৯<br>৮.২ | (১) জাতীয় মহাসড়কগুলো ৪-লেনে উন্নীতকরণের পর হাইওয়েতে যাতে যত্রতত্র দোকান স্থাপনা গড়ে উঠতে না পারে সে বিষয়ে নজর দিতে হবে।<br>(২) মহাসড়কের বৃষ্টির পানি নেমে যাওয়ার জন্য জলাধারের ব্যবস্থা রাখতে হবে।<br>(৩) জাতীয় মহাসড়কগুলোকে ৪-লেনে উন্নীতকরণের জন্য একটি মাস্টার প্ল্যান তৈরি করে তার আলোকে বৃহৎ আকারের প্রকল্প গ্রহণ করতে হবে।<br>(৪) ৪-লেন সড়ক নির্মাণের পরিকল্পনায় হাইওয়েতে চলাচলকারী যানবাহনের চালকরা যাতে বিশ্রামের জন্য যাত্রাবিরতি করতে পারে সে জন্য নির্দিষ্ট দূরত্ব পরপর সার্ভিস স্টেশন ও গাড়ি পার্কিংসহ বিশ্রামের ব্যবস্থা রাখতে হবে। | সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।<br>“ফেনী-নোয়াখালী জাতীয় মহাসড়কের এন-১০৪ (লেন-২ অংশ) মহিপাল হতে চৌমুহনী পূর্ববাজার পর্যন্ত (লেন-৪)-এ উন্নীতকরণ” প্রকল্প। |

| ক্রঃ নং | সভার তারিখ ও সিদ্ধান্তের ক্রমিক নং | নির্দেশনা/অনুশাসন | সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ এবং প্রকল্পের নাম |
|---|---|---|---|
| | ১০.২ | (১) চিংড়ি চাষসহ বিভিন্ন কারণে যে সকল খালের মুখ বন্ধ করে রাখা হয়েছে সে সকল খালের মুখ খুলে দেয়ার জন্য নৌ-পরিবহন/পানি সম্পদ মন্ত্রণালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।<br>(২) বন্দর কর্তৃপক্ষসমূহ তাদের আয়কৃত অর্থ বাধ্যতামূলকভাবে সরকারি ব্যাংকে জমা রাখতে হবে এবং উদ্বৃত্ত অর্থ প্রয়োজনে অপরাপর বন্দরের উন্নয়ন কর্মকান্ডে ব্যয় করবে। | নৌ-পরিবহন মন্ত্রণালয় ও পানি সম্পদ মন্ত্রণালয়।<br>"মোংলা বন্দরের জন্য অত্যাবশ্যকীয় যন্ত্রপাতি-সরঞ্জাম সংগ্রহ" প্রকল্প। |
| ১৬। | ০৫/০৩/২০১৯<br>৭.২ | গুণগত মানসম্পন্ন সবজি ও অন্যান্য কৃষিজাত পণ্য উৎপাদনের পাশাপাশি এগুলোর বহুমূখী ব্যবহারের লক্ষ্যে উপযুক্ত পরিবেশে এগুলোর সংরক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং বহির্বিশ্বে বাংলাদেশের সবজির বাজার সম্প্রসারণের জন্য উদ্যোগ গ্রহণ করতে হবে। | কৃষি মন্ত্রণালয় এবং বাণিজ্য মন্ত্রণালয়।<br>"কন্দাল ফসল উন্নয়ন" প্রকল্প। |
| | ১০.২ | (১) ঢাকা শহরের ড্রেনেজ ব্যবস্থার উন্নয়নসহ পুকুর ও জলাশয়গুলো উন্নয়ন/সংস্কারের মাধ্যমে বৃষ্টির পানি ধারণের উপযোগী করে যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।<br>(২) পুরাতন ঢাকা শহরকে পরিকল্পিত সংস্কারের মাধ্যমে নিরাপদ ও বাসযোগ্য করার লক্ষ্যে সামগ্রিক বিষয়াদি পর্যালোচনা করে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এবং স্থানীয় সরকার বিভাগ সমন্বিতভাবে একটি পরিকল্পনা গ্রহণ করবে।<br>(৩) সিটি কর্পোরেশনের নবগঠিত ওয়ার্ড/ এলাকাসমূহের উন্নয়নের লক্ষ্যে প্রকল্প গ্রহণ করতে হবে। | স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ এবং গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।<br>"Dhaka City Neighborhood Upgrading Project (DCNUP)" প্রকল্প। |
| ১৭। | ০৯/০৪/২০১৯<br>৯.২ | বাংলাদেশের বিভিন্ন এলাকায় সমুদ্র থেকে যে সকল চর জেগে উঠেছে সেগুলো আগে থেকেই চিহ্নিত করে অধিগ্রহণের লক্ষ্যে বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (বেজা) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে, যাতে ভবিষ্যতে কোন কৃষি জমি/ফসলী জমি অধিগ্রহণ করতে না হয়। | প্রধানমন্ত্রীর কার্যালয়।<br>"মিরসরাইয়ে ভারতীয় অর্থনৈতিক অঞ্চল স্থাপন" প্রকল্প। |
| | ১২.২ | বাংলাদেশ ও ভারতের মধ্যকার যে সকল অভিন্ন নদী রয়েছে সেগুলোর মিড স্ট্রিম থেকে যাতে নদীর ড্রেজিং করা হয় সেজন্য পানি সম্পদ মন্ত্রণালয় যৌথ নদী কমিশনের (JRC) সভায় আলোচনা করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | পানি সম্পদ মন্ত্রণালয়।<br>"কুড়িগ্রাম জেলার রৌমারী উপজেলার ঘুঘুমারী হতে ফুলুয়ার চর ঘাট ও রাজিবপুর উপজেলা সদর (মেম্বরপাড়া) হতে মোহনগঞ্জ বাজার পর্যন্ত ব্রহ্মপুত্র নদের ভাঙ্গন হতে বাম তীর সংরক্ষণ" প্রকল্প। |

| ক্রঃ নং | সভার তারিখ ও সিদ্ধান্তের ক্রমিক নং | নির্দেশনা/অনুশাসন | সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ এবং প্রকল্পের নাম |
|---|---|---|---|
| ১৮। | ৩০/০৪/২০১৯<br>৭.২ | নিমতলী দুর্ঘটনা ও চুড়িহাট্টা দুর্ঘটনার মত ভবিষ্যতে যে কোন দুর্ঘটনা রোধকল্পে পুরাতন ঢাকায় বিদ্যমান সকল রাসায়নিক কারখানা ও গুদাম জরুরিভিত্তিতে নিরাপদ স্থানে স্থানান্তর করতে হবে এবং সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগ ও সংস্থা এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | শিল্প মন্ত্রণালয় এবং সকল মন্ত্রণালয়/বিভাগ।<br>"অস্থায়ীভিত্তিতে রাসায়নিক দ্রব্য সংরক্ষণের জন্য গুদাম নির্মাণ" প্রকল্প। |
| | ৮.২ | (১) পুরাতন ঢাকা এলাকা হতে সকল রাসায়নিক কারখানা/গুদাম অতি সত্বর নিরাপদ স্থানে স্থানান্তর নিশ্চিত করতে হবে এবং সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগ ও সংস্থা এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।<br>(২) পুরাতন ঢাকায় ঘটে যাওয়া নিমতলী ও চুড়িহাট্টা অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্তদেরকে সুবিধার আওতায় আনতে হবে এবং আলোচ্য প্রকল্পের আওতায় প্লট বরাদ্দের ক্ষেত্রে যাতে উক্ত দু'টি দুর্ঘটনায় ক্ষতিগ্রস্তরা অগ্রাধিকার পান সে বিষয়টি নিশ্চিত করতে হবে। ক্ষুদ্র/মাঝারী পর্যায়ের রাসায়নিক ব্যবসায়ীদের যৌথ উদ্যোগে বিনিয়োগের সুযোগ রেখে প্লট বরাদ্দের ব্যবস্থা রাখা যেতে পারে।<br>(৩) রাসায়নিক কারখানা/গুদাম নির্মাণের ক্ষেত্রে স্টিল স্ট্রাকচার ঝুঁকিপূর্ণ বিধায় ব্রিক স্ট্রাকচারের অবকাঠামো নির্মাণ করতে হবে এবং প্লট বরাদ্দের ক্ষেত্রে এ ধরণের একটি শর্ত আরোপ করতে হবে।<br>(৪) বরাদ্দপ্রাপ্ত প্লটে রাসায়নিক কারখানা/গুদাম নির্মাণ করতে হবে, বরাদ্দপ্রাপ্ত প্লট যাতে অন্য কোন কাজে ব্যবহার করা না হয় সে বিষয়টি নিশ্চিত করতে হবে। | শিল্প মন্ত্রণালয় এবং সকল মন্ত্রণালয়/বিভাগ।<br>"বিসিক কেমিক্যাল ইন্ডাস্ট্রিয়াল পার্ক, মুন্সিগঞ্জ (১ম সংশোধিত)" প্রকল্প। |
| | ৯.২ | কারিগরি ও ভোকেশনাল শিক্ষা/প্রশিক্ষণের মাধ্যমে শিক্ষার্থীদেরকে কর্মমূখী শিক্ষায় উদ্বুদ্ধ করতে হবে। দেশে/বিদেশে চাকুরি বাজারের চাহিদা বিবেচনায় রেখে শিক্ষার্থীদেরকে সংশ্লিষ্ট বিষয়ে প্রশিক্ষিত করতে হবে এবং প্রয়োজনে বিদ্যমান সিলেবাস/কারিকুলাম সময়োপযোগী করতে হবে। | শিক্ষা মন্ত্রণালয়, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।<br>"প্রশিক্ষণ ও দক্ষতা উন্নয়ন প্রকল্প (Skills and Training Enhancement Project) (৩য় সংশোধিত)" প্রকল্প। |
| ১৯। | ১৮/০৬/২০১৯<br>৫.২ | মহাসড়ক সংলগ্ন/সন্নিকটবর্তী এলাকার ভূ-প্রাকৃতিক ও আর্থ-সামাজিক দৃষ্টিকোণ থেকে সামগ্রিক পরিস্থিতি বিবেচনায় নিয়ে বর্তমান ও ভবিষ্যৎ পরিকল্পনা/চাহিদা সম্পর্কে বিস্তারিত পর্যালোচনা করে বাস-বে, বাসস্ট্যান্ড, বাস টার্মিনাল, সার্ভিস এরিয়া ও আনুষঙ্গিক অবকাঠামো/স্থাপনা বিষয়ে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং স্থানীয় সরকার বিভাগ কর্তৃক সমন্বিতভাবে একটি মহাপরিকল্পনা প্রণয়ন করতে হবে। উক্ত মহাপরিকল্পনা অনুযায়ী প্রয়োজনীয় অবকাঠামো/স্থাপনা নির্মাণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ ও সংস্থা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং স্থানীয় সরকার বিভাগ।<br>"নেত্রকোণা-কেন্দুয়া-আঠারবাড়ী-ঈশ্বরগঞ্জ জেলা মহাসড়ক উন্নয়ন" প্রকল্প। |

| ক্রঃ নং | সভার তারিখ ও সিদ্ধান্তের ক্রমিক নং | নির্দেশনা/অনুশাসন | সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ এবং প্রকল্পের নাম |
|---|---|---|---|
| | ৬.২ | (১) প্রস্তাবিত প্রকল্পের আওতাভুক্ত ৩০টি পৌরসভায় নিরাপদ ও সুপেয় পানি সরবরাহ করাসহ স্বাস্থ্যসম্মত স্যানিটেশন ও বর্জ্য ব্যবস্থাপনা নিশ্চিত করতে হবে।<br>(২) পর্যায়ক্রমে ইউনিয়ন পর্যায়েও নিরাপদ ও সুপেয় পানি সরবরাহ করাসহ স্বাস্থ্যসম্মত স্যানিটেশন ব্যবস্থা নিশ্চিত করার জন্য উদ্যোগ নিতে হবে। | স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ।<br>"বাংলাদেশের ৩০টি পৌরসভায় পানি সরবরাহ ও স্যানিটেশন" প্রকল্প। |
| | ৭.২ | বিমানবন্দর এলাকায় নিরাপত্তা ব্যবস্থা জোরদার করার লক্ষ্যে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে আলাপ-আলোচনা করে ডগ স্কোয়াড নিযুক্ত করতে হবে। | বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়।<br>"আন্তর্জাতিক বিমানবন্দরসমূহের সিকিউরিটি ব্যবস্থার উন্নয়ন" প্রকল্প। |
| | ৯.২ | ২০১৬ সালের দরিদ্রতার মানচিত্র প্রতিবেদন পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ কর্তৃক দ্রুত চূড়ান্ত করতে হবে। | পরিকল্পনা মন্ত্রণালয়, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।<br>"Investment Component for Vulnerable Group Development Program (2nd Phase)" প্রকল্প। |
| | ১০.২ | সেচ কার্যক্রম সংক্রান্ত প্রকল্পের আওতায় সৌরশক্তির ব্যবহার বৃদ্ধি করতে হবে এবং আধুনিক সেচ প্রযুক্তির প্রয়োগসহ উপকারভোগীদের যথাযথ ও মানসম্মত প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে সেচ দক্ষতা বৃদ্ধি করতে হবে। | কৃষি মন্ত্রণালয়।<br>"কুমিল্লা-চাঁদপুর-ব্রাহ্মণবাড়িয়া জেলা সেচ এলাকা উন্নয়ন" প্রকল্প। |
| | ১১.২ | (১) পোল্ট্রি খাদ্যের মান নিয়ন্ত্রণে এবং পোল্ট্রি ও ডেইরি ফার্মে যথাযথ মানসম্মত ও পরিমিত মাত্রায় এন্টিবায়োটিক প্রয়োগের বিষয়েও সংশ্লিষ্ট সকলের মধ্যে সচেতনতা বৃদ্ধিসহ কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(২) পোল্ট্রি শিল্পকে কৃষি শিল্প হিসেবে স্বীকৃতি দেয়ার বিষয়ে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় এবং কৃষি মন্ত্রণালয় আলাপ/আলোচনা করে আন্তঃমন্ত্রণালয় সমন্বয়ের মাধ্যমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় এবং কৃষি মন্ত্রণালয়।<br>"পোল্ট্রি গবেষণা ও উন্নয়ন জোরদারকরণ" প্রকল্প। |
| ২০। | ২৫/০৬/২০১৯<br>৬.২ | (১) প্রয়োজনে গাজীপুর সিটি কর্পোরেশনের আয়তন পর্যালোচনা করে যৌক্তিকভাবে পুনঃনির্ধারণ করতে হবে এবং এ সংক্রান্ত প্রস্তাব NICAR-এর সভায় উপস্থাপন করতে হবে। | স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ।<br>"গাজীপুর সিটি কর্পোরেশনের বিভিন্ন জোনের প্রধান সংযোগ রাস্তাগুলি প্রশস্তকরণসহ নর্দমা ও ফুটপাত নির্মাণ" প্রকল্প। |

| ক্রঃ নং | সভার তারিখ ও সিদ্ধান্তের ক্রমিক নং | নির্দেশনা/অনুশাসন | সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ এবং প্রকল্পের নাম |
|---|---|---|---|
| | | (২) গাজীপুর সিটি কর্পোরেশনে পরিকল্পিত উন্নয়নের লক্ষ্যে সামগ্রিক বিষয়াদি বিবেচনা করে একটি মাস্টার প্ল্যান তৈরী করতে হবে এবং মাস্টার প্ল্যান অনুযায়ী পর্যায়ক্রমিকভাবে উন্নয়নের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(৩) নিয়মিত কর আদায় ও অন্যান্য উৎস থেকে গাজীপুর সিটি কর্পোরেশনের নিজস্ব আয় বৃদ্ধি করতে হবে। | |
| | ৮.২ | পর্যায়ক্রমে অন্যান্য জেলা সদরে সরকারি/আধা সরকারি অফিসে চাহিদা অনুযায়ী জেলার আকার, জনসংখ্যা ইত্যাদি বিবেচনায় নিয়ে জেলাগুলিকে বড়, মাঝারী ও ছোট ৩টি ক্যাটাগরীতে ভাগ করে Proto-type ডিজাইনে সমন্বিত অফিস ভবন নির্মাণের উদ্যোগ গ্রহণ করতে হবে। | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।<br>"মানিকগঞ্জে বহুতল বিশিষ্ট সমন্বিত সরকারি অফিস ভবন নির্মাণ" প্রকল্প। |
| | ৯.২ | দেশব্যাপী রেলপথে বিদ্যমান ব্রিজগুলোর বর্তমান অবস্থা সম্পর্কে একটি বিস্তারিত সমীক্ষা পরিচালনা করে তার ভিত্তিতে পর্যায়ক্রমে রেল ব্রিজগুলো মেরামত/পুনর্বাসনের জন্য উদ্যোগ গ্রহণ করতে হবে। | রেলপথ মন্ত্রণালয়।<br>"বাংলাদেশ রেলওয়ের ২১টি মিটারগেজ ডিজেল ইলেকট্রিক লোকোমোটিভ নবরূপায়ন" প্রকল্প। |
| | ১৩.২ | সেচ কার্যক্রম সংবলিত প্রকল্পের আওতায় সেচ কাজে সৌরশক্তির ব্যবহার বৃদ্ধি করতে হবে এবং আধুনিক সেচ প্রযুক্তির প্রয়োগসহ উপকারভোগীদের যথাযথ ও মানসম্মত প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে সেচ দক্ষতা বৃদ্ধি করতে হবে। | কৃষি মন্ত্রণালয়।<br>"বৃহত্তর ফরিদপুর সেচ এলাকা উন্নয়ন প্রকল্প (৪র্থ পর্যায়)" প্রকল্প। |

বাঃসঃমুঃ-২০১৯/২০-৩৩৩৪ কম(সি-২)-১,০০০ বই, ২০১৯।